**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ

**প্রজ্ঞাপন**

Explosives Act, 1884 এর section 5, 7, 9(4) এবং 9A(6) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গ্যাসপূর্ণ আধারকে বিস্ফোরক হিসাবে ঘোষণা সংক্রান্ত ৩রা অক্টোবর, ১৯৮৯ খ্রিস্টাব্দ মোতাবেক ১৮ই আশ্বিন, ১৩৯৬ বঙ্গাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ৩৩৯ আইন/৮৯ এর সহিত পঠিতব্য, নিমণরূপ বিধিমালা প্রণয়ন করিল, যাহা উক্ত Act এর section 18 এর বিধান মোতাবেক ২০শে সেপ্টেম্বর, ২০০৩ ইং মোতাবেক ৫ই আশ্বিন, ১৪১০ বাং তারিখের প্রজ্ঞাপন নং এস, আর, ও ২৮০/২০০৩ দ্বারা প্রাক-প্রকাশনা করিয়াছিল, যথাঃ-

**প্রথম অধ্যায়**
**প্রারম্ভিক**

১। **সংক্ষিপ্ত শিরোনাম।-** এই বিধিমালা তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।-** বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়-

(১) ''আইন'' অর্থ Explosives Act, 1884 (IV of 1884);
(২) ''উদস্থিতি পরীক্ষণ'' অর্থ কোন সিলিন্ডারের পরীক্ষা চাপের সমপরিমাণ জলচাপ প্রয়োগ করিয়া উক্ত সিলিন্ডারের যে পরীক্ষা করা হয় সেই পরীক্ষা
(৩) ''উপযুক্ত'' অর্থ প্রধান পরিদর্শক কর্তৃক উপযুক্ত বলিয়া বিবেচিত কোন ব্যক্তি, এবং কোন সরঞ্জামাদিও ইহার অমত্মর্ভুক্ত হইবে ;
(৪) ''এলপিজি'' অর্থ এলপি গ্যাস বা তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস যাহা বাণিজ্যিক বিউটেন, বাণিজ্যিক প্রোপেন এবং উহাদের মিশ্রণ;
(৫) ''এলপিজি মজুদ'' অর্থ এলপিজি ভর্তি গ্যাসাধার কোন স্থানে কাহারও অধিকারে রাখা, তবে অনুরূপ গ্যাসাধার পরিবহন এই সংজ্ঞার অমত্মর্ভুক্ত হইবে না;
(৫ক) ''এলপিজি সার্ভিস'' অর্থ এলপিজি দ্বারা কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে এলপিজি মজুদ, পরিবহন বা সরবরাহের ক্ষেত্রে বিভিন্ন যন্ত্রপাতির সমন্বয়ে প্রতিষ্ঠিত ব্যবস্থা;''
(৬) ''কার্যচাপ'' অর্থ গ্যাস তরলীকৃত হওয়ার পর উক্ত তরল হইতে সৃষ্ট সম্পৃক্ত বাষ্প (Saturated Vapour) কর্তৃক ৬৫ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় সিলিন্ডারে বা গ্যাসাধারে প্রযুক্ত চাপ;
(৭) ''গ্যাসাধার'' অর্থ এক হাজার লিটারের অধিক জলধারণ ক্ষমতাসম্পন্ন কোন ধাতব আধার যাহা এলপিজি মজুদ বা পরিবহনের কাজে ব্যবহৃত হয়;
(৮) ''গ্যাসপূর্ণ সিলিন্ডার'' অর্থ এমন সিলিন্ডার যাহাতে এলপিজি এইরূপে ভর্তি করা হইয়াছে যে, গ্যাসপূর্ণ অবস্থায় উক্ত সিলিন্ডারের অভ্যমত্মরভাগের প্রতি বর্গ সেন্টিমিটারে উক্ত এলপিজি ৫০ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় গেজের মাপে অন্যূন ২ কিলোগ্রাম চাপ প্রয়োগ করে;
(৯) ''গ্যাস'' অর্থ তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস;
(১০) ''জলধারণ ক্ষমতা'' অর্থ ১৫ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় লিটারের হিসাবে জলধারণ ক্ষমতা;
(১১) ''জেলা কর্তৃপক্ষ'' অর্থ ডেপুটি কমিশনার, তবে অতিরিক্ত ডেপুটি কমিশনারও এই সংজ্ঞার অমত্মর্ভুক্ত হইবেন;
(১২) ''টেয়ার ওজন'' অর্থ সিলিন্ডারের সহিত স্থায়ীভাবে সংলগ্ন যন্ত্র বা ফিটিংস ও ভাল্ভের ওজনসহ সিলিন্ডারের ওজন;
(১৩) ''ট্যাংক কার্ট'' অর্থ হসত্ম বা যন্ত্রচালিত কোন যান যাহার সহিত একটি ট্যাংক যুক্ত থাকে ;
(১৪) ''তফসিল'' অর্থ অত্র বিধিমালার কোন তফসিল;
(১৫) ''ধারণপাত্র'' অর্থ এলপিজি মজুদ বা পরিবহনের জন্য ব্যবহৃত সিলিন্ডার বা গ্যাসাধার;
(১৬) ''ধারা'' অর্থ আইনের কোন ধারা;

(১৭) ''নিরপেক্ষ পরিদর্শণকারী'' অর্থ এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, প্রধান পরিদর্শক কর্তৃক নিরপেক্ষ পরিদর্শনকারী বলিয়া স্বীকৃত কোন ব্যক্তি বা সংস্থা, তবে সংশিস্নষ্ট ধারণপাত্র নির্মাতা বা তাঁহার অধীনস্থ কোন ব্যক্তি বা উক্ত নির্মাণকার্যের স্বার্থ সংশিস্নষ্ট কোন ব্যক্তি বা সংস্থা ইহার অমত্মর্ভুক্ত হইবেন না;

(১৮) ''পর্যাপ্ত'' অর্থ কোন সরঞ্জামাদি বা গৃহীত ব্যবস্থা প্রধান পরিদর্শক কর্তৃক পর্যাপ্ত বলিয়া বিবেচিত;

(১৯) ''পূরণ অনুপাত'' অর্থ ১৫ ডিগ্রী সেন্টিগ্রেড তাপমাত্রায় কোন সিলিন্ডারে যে পরিমাণ তরলযোগ্য গ্যাস পূরণ করা যায় সেই পরিমাণ গ্যাসের ওজন ও উক্ত তাপমাত্রায় উক্ত সিলিন্ডারে যে পরিমাণ পানি রাখা যায় সেই পরিমাণ পানির ওজনের অনুপাত;

(২০) ''পরীক্ষা চাপ'' অর্থ উদস্থিতি পরীক্ষণ বা উদস্থিতি প্রসারণ পরীক্ষণে প্রযুক্ত চাপ;

(২১) ''পরিবহন যান'' অর্থ এলপিজিপূর্ণ ধারণপাত্র পরিবহনের জন্য ব্যবহৃত যান;

(২২) ''প্রধান পরিদর্শক'' অর্থ The Chief Inspecter of Explosives in Bangladesh;

(২৩) ''ফরম'' অর্থ তফসিল ২ তে বিধৃত কোন ফরম;

(২৪) ''বিস্ফোরক পরিদর্শক'' অর্থ সহকারী বিস্ফোরক পরিদর্শক, তবে উপ-প্রধান বিস্ফোরক পরিদর্শকও এই সংজ্ঞার অমত্মর্ভুক্ত হইবেন;

(২৫) ''বৈদ্যুতিকভাবে সংযুক্ত (Earthing)'' অর্থ এমন ব্যবস্থা দ্বারা সংযুক্ত যাহার মাধ্যমে বিদ্যুৎ ভূমিতে প্রবাহিত হইতে পারে;

(২৬) ''ব্যক্তি'' অর্থ কোন ব্যক্তিসংঘ, ব্যবসা প্রতিষ্ঠান, কোম্পানী এবং সংবিধিবদ্ধ কোন সংস্থাও ইহার অমত্মর্ভুক্ত হইবে;

(২৭) ''মজুদাগার'' অর্থ ট্যাংক ব্যতীত অন্যবিধ ধারণপাত্রে পেট্রোলিয়াম মজুদের জন্য ব্যবহৃত কোন ভবন এবং কোন স্থাপনার অংশবিশেষ, তবে Petroleum Act, 1934 (Act XXX of 1934) এর section 7, 8 এবং 9 এ উলিস্নখিত অব্যাহতিপ্রাপ্ত পেট্রোলিয়াম মজুতকরণে ব্যবহৃত কোন ভবন এই সংজ্ঞার অমত্মর্ভুক্ত হইবে না;

(২৮) ''যোগ্য'' অর্থ প্রধান পরিদর্শক কর্তৃক যোগ্য বলিয়া বিবেচিত কোন ব্যক্তি বা সরঞ্জাম;

(২৯) ''যান'' অর্থ এমন বাহন যাহার মাধ্যমে ট্যাংকে বা ট্যাংক ব্যতীত কোন ধারক দ্বারা এলপিজি পরিবহন করা হয়;

(৩০) ''রিফুয়েলিং স্টেশন'' অর্থ স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী সরবরাহের জন্য বিশেষভাবে নির্মিত স্থাপনা;

(৩১) ''লাইসেন্স'' অর্থ বিধি ১১১ এর অধীন প্রদত্ত কোন লাইসেন্স;

(৩২) ''লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ'' অর্থ তফসিল ১ এর কলাম (৪) এ উলিস্নখিত কোন কর্মকর্তা;

(৩৩) ''স্থাপনা'' অর্থ গ্যাসাধার বা সিলিন্ডারে এলপিজি মজুদ বা সিলিন্ডারে গ্যাস ভর্তি বা রেটিকুলেটেড পদ্ধতিতে মজুদ ও ব্যবহারের জন্য বিশেষভাবে নির্ধারিত প্রাঙ্গণ';

(৩৪) ''সংরক্ষণীয় পূর্তকর্ম'' অর্থ মানুষ বা গৃহপালিত জীবজন্তুর বসবাস বা অবস্থানের জন্য বা জনসমাবেশের জন্য ব্যবহৃত কোন ভবন বা স্থান অথবা এমন কোন স্থান যেখানে পেট্রোলিয়াম অথবা অন্যকোন দাহ্য পদার্থ মজুদ করা হয়, তবে কোন ডক, জাহাজঘাট, চুলিস্ন, কয়লা মজুদ প্রাঙ্গণ, রেললাইন, সড়ক, পার্ক এবং উচ্চ চাপসম্পন্ন বৈদ্যুতিক লাইনও ইহার অমত্মর্ভুক্ত হইবে;

(৩৫) ''সংরক্ষিত এলাকা'' অর্থ এমন এলাকা যেখানে এই বিধিমালার বিধানাবলী এবং লাইসেন্সের শর্ত অনুসারে কোন স্থাপনা অথবা সার্ভিস স্টেশন অথবা মজুদাগার হইতে কোন সংরক্ষণীয় পূর্ত কর্মের অবস্থান পর্যমত্ম নিরাপদ দূরত্ব বজায় রাখা হয়;

(৩৬) ''স্বীকৃত'' অর্থ প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত;

(৩৭) ''সিলি-ার'' অর্থ অন্যূন ৫০০ মিলিলিটার কিন্তু অনূর্ধ্ব ১০০০ লিটার জল ধারণক্ষমতাসম্পন্ন কোন আবদ্ধ ধাতব আধার যাহা এলপিজি মজুদ বা পরিবহনের কাজে ব্যবহৃত হয়।

## দ্বিতীয় অধ্যায়
## সাধারণ বিধানাবলী

৩। **এলপিজি এর উপর নিয়ন্ত্রণ।-** (১) এই বিধিমালার বিধানাবলী অনুসরণ ব্যতিরেকে কোন ব্যক্তি-

(ক) এলপিজি আমদানি, পরিবহন বা মজুদ করিতে;

(খ) কোন গ্যাসাধারে বা সিলিন্ডারে এলপিজি পূরণ করিতে;

(গ) কোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি সরবরাহ করিতে পারিবেন না;

(২) এই বিধিমালার বিধান অনুযায়ী কোন উদ্দেশ্যে লাইসেন্স গ্রহণ আবশ্যক হইলে লাইসেন্সের শর্ত প্রতিপালন ব্যতিরেকে কোন ব্যক্তি-

(ক) এলপিজি আমদানি, পরিবহন বা মজুদ করিতে;

(খ) কোন গ্যাসাধারে বা সিলিন্ডারে এলপিজি পূরণ করিতে; এবং

(গ) কোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি সরবরাহ করিতে পারিবেন না।

(৩) লাইসেন্স ব্যতীত রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহার করা যাইবে না।

৪। **এলপিজি সরবরাহ ও প্রেরণে বাধা-নিষেধ।-** (১) এলপিজি মজুদের লাইসেন্সধারী বা তদ্দকর্তৃক ক্ষমতা প্রাপ্ত প্রতিনিধি বা বন্দর কর্তৃপক্ষ বা পরিবহনকারী হিসাবে রেলওয়ে কর্তৃপক্ষ ব্যতিরেকে অন্য কোন ব্যক্তিকে উহা সরবরাহ করা যাইবে না।

(২) এলপিজি মজুদের জন্য লাইসেন্সপ্রাপ্ত নহেন এমন কোন ব্যক্তির নিকট উহা প্রেরণ করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, এই বিধিমালার বিধান অনুসারে মজুদের জন্য লাইসেন্স প্রয়োজন হইবে না এমন পরিমাণ এবং প্রতিরক্ষা বাহিনীকে এলপিজি সরবরাহ বা প্রেরণের ক্ষেত্রে এই বিধি প্রযোজ্য হইবে না।

৫। **এলপিজি গন্ধযুক্তকরণ।-** (১) এলপিজি এমন বৈশিষ্ট্যের সতর্কীকরণ রাসায়নিক পদার্থ সংযোগে গন্ধযুক্ত করিতে হইবে যেন বাতাসে নিম্ন প্রজ্বলন সীমার এক-পঞ্চমাংশ ঘনত্বে উক্ত পদার্থের স্বতন্ত্র গন্ধ অনুভব করা যায়।

(২) গন্ধযুক্তকরণ এলপিজি ব্যবহার বা অধিকতর প্রক্রিয়াকরণ প্রধান পরিদর্শকের নিকট ক্ষতিকর বিবেচিত হইলে তিনি গন্ধযুক্তকরণ এলপিজি ব্যবহার বা অধিকতর প্রক্রিয়াকরণে গন্ধযুক্তকরণ অব্যাহতি প্রদান করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, উক্তরূপ অব্যাহতির ক্ষেত্রে এলপিজি মজুদ প্রাঙ্গণে বা পরিবহন যানে বড় আকারের একটি নোটিশ লাগাইতে হইবে যে, গন্ধবিহীন এলপিজি মজুদ বা পরিবহন করা হইতেছে।

৬। **সিলিন্ডারে এলপিজি পূরণকারীর সিলিন্ডার পরীক্ষা কেন্দ্র থাকিবার বাধ্যবাধকতা।-** সিলিন্ডারে এলপিজি পূরণকারী প্রত্যেক ব্যক্তির, প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত, সিলিন্ডারের পর্যায়বৃত্ত পরীক্ষার জন্য একটি পরীক্ষা কেন্দ্র থাকিতে হইবে।

৭। **কর্মচারীদের প্রশিক্ষণ ।-** সিলিন্ডারে বা গ্যাসাধারে এলপিজি মজুদ, পূরণ, পরিচালন, স্বয়ংক্রিয় যানের জ্বালানী হিসাবে এলপিজি সরবরাহ (refueling) এবং গ্যাসাধারে এলপিজি পরিবহন ও আদান-প্রদানের সহিত জড়িত কর্মচারীগণকে সংশ্লিষ্ট কাজের বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে এবং নিম্নবর্ণিত বিষয়সমূহের উপর পরিষ্কার ধারণা থাকিতে হইবে, যথাঃ-

(ক) এলপিজি সনাক্তকরণ, উহার বৈশিষ্ট্য ও উহা হইতে সৃষ্টিতব্য বিপদ;

(খ) সিলিন্ডার বা গ্যাসাধারের ভাল্ভ, নিরাপদ যন্ত্রাংশ, ভাল্ভ রক্ষা গার্ড এবং টুপিসহ ধারণপাত্র সম্বন্ধে মৌলিক জ্ঞান; এবং

(গ) এলপিজি কার্যক্রম হইতে উদ্ভূত পরিস্থিতিতে করণীয় জরুরী ব্যবস্থা।

৮। **সনাক্তকরণ ও সতর্কীকরণ লেবেল, ইত্যাদি।-** (১) এলপিজি মজুদ বা পরিবাহী গ্যাসাধার, পরিবহন যান, মজুদ স্থাপনা ও সিলিন্ডারে গ্যাস ভর্তি প্ল্যান্টে বিপজ্জনক পদার্থ সংক্রান্ত জাতিসংঘের সুপারিশকৃত নিম্নোক্ত আকৃতির লেবেল লাগাইতে হইবে, যথাঃ-

(ক) অনধিক ২০,০০০ লিঃ ধারণ ক্ষমতাসম্পন্ন গ্যাসাধারের ক্ষেত্রে ১৬৯ বর্গ সে.মি. (১৩ সে. মি. × ১৩ সে.মি.);

(খ) ২০,০০১ হইতে ১,০০,০০০ লিঃ পর্যমত্ম ধারণ ক্ষমতাসম্পন্ন গ্যাসাধারের ক্ষেত্রে ২৮৯ বর্গ সে.মি. (১৭ সে. মি.× ১৭ সে. মি.);

(গ) ১,০০,০০০ লিটারের বেশী ধারণ ক্ষমতাসম্পন্ন গ্যাসাধারের ক্ষেত্রে ৪০০ বর্গ সে. মি. (২০ সে. মি. × ২০ সে. মি.);

(ঘ) অন্যান্য এলপিজি মজুদাগার, স্থাপনা, পরিবহন যান ও রিফুয়েলিং স্টেশনের ক্ষেত্রে ২৮৯ বর্গ সে. মি. (১৭ সে. মি. × ১৭ সে. মি.)।

(২) ভূ-গর্ভস্থ ট্যাংকের ক্ষেত্রে উপ-বিধি (১) এ উলিস্নখিত লেবেল প্রাঙ্গণের মধ্যে সহজে দৃশ্যমান হয় এমন স্থানে প্রদর্শন করিতে হইবে।

(৩) এলপিজি মজুদাগার, শোধনাগার ও পরিবহন যানে ''ধূমপান বা আগুন নিষিদ্ধ'' সতর্কবাণীসম্বলিত সাইনবোর্ড অথবা লেবেল লাগাইতে হইবে, যাহার প্রতিটি অক্ষরের ক্ষেত্রফল হইবে অন্যূন ২৫ বর্গ সে. মি.।

(৪) প্রতিটি লাইসেন্সকৃত প্রাঙ্গণে লাইসেন্সধারীর নাম ও লাইসেন্স নম্বর প্রাঙ্গণের সাইনবোর্ডে বা অন্যবিধভাবে লিপিবদ্ধ করিয়া রাখিতে হইবে।

৯। **ধূমপান, আগুন এবং বাতি জ্বালানো, ইত্যাদি নিষিদ্ধ**।- এলপিজি শোধন, মজুদ, অথবা হ্যান্ডলিং করা হয় এইরূপ কোন স্থানে অথবা এলপিজি পরিবহন যানে বা উহার সন্নিকটে ধূমপান করা এবং দিয়াশলাই, আগুন, বাতি জ্বালানো বা এলপিজিতে আগুন জ্বালাইতে সক্ষম এমন কোন দাহ্য পদার্থ আনায়ন করা যাইবে না।

১০। **দুর্ঘটনা প্রতিরোধে বিশেষ সতর্কতা**।- (১) কোন ব্যক্তি এলপিজি শোধন, মজুদ বা হ্যান্ডলিং করা হয় এইরূপ কোন স্থানে এবং পরিবহন যানে ও ধারণপাত্রে অগ্নিকা- বা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন কোন কার্য করিবেন না বা করিতে চেষ্টা করিবেন না বা অন্য কাহাকেও উক্ত কার্য করিতে দিবেন না।

(২) এলপিজি মজুদ, হ্যান্ডলিং ও পরিবহনের দায়িত্বে নিয়োজিত প্রত্যেক ব্যক্তি সর্বদা-

(ক) এই বিধিমালার বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী পালন করিবেন;
(খ) অগ্নিকা- এবং বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সকল পূর্ব সতর্কতা অবলম্বন করিবেন;
(গ) কোন ব্যক্তিকে উপ-বিধি (১) এ বর্ণিত কার্য ঘটাইতে প্রতিরোধ করিবেন;
(ঘ) সরাসরি সূর্যের আলোতে বা অন্য কোনভাবে সিলিন্ডারকে উত্তপ্ত করে এমন স্থানে এলপিজি সিলিন্ডার মজুদ করিবেন না।

**১১। অপ্রাপ্ত বয়স্ক এবং নেশাগ্রসত্ম লোক নিয়োগে বিধিনিষেধ।-** গ্যাসাধারে এলপিজি ভর্তি, গ্যাসাধার হইতে এলপিজি খালাস, ফিলিং পস্নান্টে সিলিন্ডারে এলপিজি ভর্তি, এলপিজি পরিবহন কার্যক্রম এবং এই বিধিমালার আওতায় লাইসেন্সকৃত কোন প্রাংগণে ১৮ বৎসরের কম বয়স্ক বা অপ্রকৃতিস্থ কোন ব্যক্তিকে নিয়োগ করা যাইবে না।

**১২। উপযুক্ত ব্যক্তির অধীনে কার্যপরিচালনা।-** লাইসেযোগ্য বা লাইসেন্সকৃত যে কোন এলপিজি স্থাপনা, মজুদাগার, ফিলিং পস্নান্টে সিলিন্ডারে এলপিজি ভর্তি, ফিলিং স্টেশনে স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি সরবরাহ এবং পরিবহন যানের সকল কার্যক্রম একজন উপযুক্ত ব্যক্তি কর্তৃক বা তাঁহার অধীনে পরিচালিত হইবে যিনি সংশিস্নষ্ট লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে বিশেষভাবে অবহিত।

১৩। **সিলিন্ডার বা গ্যাসাধার ব্যবহারের নিয়ম**।- (১) এলপিজি মজুদ, পরিবহন বা উহা জ্বালানী হিসাবে ব্যবহারের ক্ষেত্রে সিলিন্ডার বা গ্যাসাধার এমনভাবে রাখিতে হইবে যেন উহার Safety Relief Valve বাষ্পীয় অংশের সহিত সরাসরি সংযুক্ত অবস্থায় থাকে।

(২) সিলিন্ডার ব্যবহার পদ্ধতি ও সতর্কতামূলক ব্যবস্থার নির্দেশনা প্রত্যেক সিলিন্ডারের গায়ে এমনভাবে লিপিবদ্ধ বা লেবেল আকারে সংযুক্ত করিতে হইবে যে উহা ভোক্তা সাধারণের সহজে দৃষ্টিগোচর হয়।

## তৃতীয় অধ্যায়
## এলপিজি আমদানি

১৪। **এলপিজি আমদানি লাইসেন্স**।- (১) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি বাংলাদেশে এলপিজি আমদানি করিতে পারিবেন না।

(২) এলপিজি মুজদের লাইসেন্সধারী নহেন এমন ব্যক্তিকে এলপিজি আমদানির লাইসেন্স মঞ্জুর করা যাইবে না।

১৫। **সাধারণ অব্যাহতি।-** এই অধ্যায়ের কোন বিধান নিম্নলিখিত ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথাঃ

(ক) কোন ধারণপাত্রে বা সিলিন্ডারে রক্ষিত অনূর্ধ্ব ২৫০ লিটার এলপিজি;
(খ) কোন স্বয়ংক্রিয় যানের জ্বালানী ট্যাংকে রক্ষিত এলপিজি।

১৬। **সমুদ্র পথে আমদানি**।- সমুদ্র পথে চট্টগ্রাম, মংলা এবং সরকার কর্তৃক ল্যা--ং পেস্নইস (Landing Place) হিসাবে ঘোষিত কোন স্থান ব্যতীত অন্য কোন পথে এলপিজি আমদানি করা যাইবে না।

১৭। **এলপিজি পরিবাহী জাহাজের মাস্টার বা এজেন্ট কর্তৃক প্রদেয় ঘোষণা**।- (১) এলপিজি বহনকারী জাহাজের মাস্টারকে বন্দরে প্রবেশের পূর্বে বন্দর কর্তৃপক্ষের নিকট তফসিল ২ এ উলিস্নখিত ফরম 'ক' তে একটি ঘোষণা প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, জাহাজ আগমনের পূর্বে উক্ত জাহাজের এজেন্ট তাঁহার স্বাক্ষরে উক্তরূপ ঘোষণা প্রদান করিয়া থাকিলে মাস্টারকে এইরূপ ঘোষণা প্রদান করিতে হইবে না।

(২) জাহাজের মাস্টার উক্তরূপ ঘোষণা অনতিবিলম্বে বন্দর কর্তৃপক্ষক্ষের নিকট প্রদান করিবেন এবং বন্দর কর্তৃপক্ষ দ্রম্নততম পন্থায় ঘোষণাটি বন্দরের কাস্টমস্ কমিশনারের নিকট প্রেরণ করিবেন।

১৮। **এলপিজি বহনকারী জাহাজের নোঙ্গর।-** (১) এলপিজি বহনকারী জাহাজকে বন্দর কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত এলাকায় নোঙ্গার করিতে হইবে এবং সাধারণ বা নির্দিষ্ট আদেশ ব্যতীত এবং উক্তরূপ আদেশে আরোপিত শর্ত পালন ব্যতিরেকে নোঙ্গর এলাকা ত্যাগ করা যাইবে না।

(২) এলপিজিবাহী জাহাজের নোঙ্গার এলাকা বিস্ফোরকবাহী বা পেট্রোলিয়ামবাহী জাহাজের নোঙ্গার এলাকা হইতে পৃথক হইতে হইবে এবং উক্ত নোঙ্গার এলাকা বিস্ফোরক বা পেট্রোলিয়ামবাহী জাহাজের নোঙ্গার এলাকা হইতে এমন দূরত্বে হইতে হইবে যেন বিস্ফোরক বা পেট্রোলিয়ামবাহী জাহাজে কোন বিস্ফোরণ বা অগ্নি দুর্ঘটনা ঘটিলে এলপিজিবাহী জাহাজ কোনভাবে ক্ষতিগ্রস্থ না হয়।

১৯। **আমদানি লাইসেন্স উপস্থাপন**।- প্রত্যেক এলপিজি আমদানিকারক নিজে বা প্রতিনিধির মাধ্যমে কাস্টমস্ কমিশনারের নিকট এলপিজি আমদানির লাইসেন্স উপস্থাপন করিবেন।

**২০। এলপিজি বহনকারী সিলিন্ডার বা গ্যাসাধারের বাধ্যবাধকতা**।- সিলিন্ডারে বা বহনযোগ্য কোন আধারে এলপিজি আমদানি করা হইলে, উক্ত সিলিন্ডার বা আধার এই বিধিমালা এবং, ক্ষেত্রমত, গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এবং গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর সংশিস্নষ্ট বিধানাবলী অনুযায়ী হইতে হইবে।

২১। **এলপিজি অবতরণের জন্য কাস্টমস্ কমিশনারের অনুমতি**।- (১) কোন আমদানিকৃত এলপিজি কাস্টমস্ কমিশনারের অনুমতি ব্যতীত অবতরণ করানো যাইবে না।

(২) কাস্টমস্ কমিশনার আমদানির লাইসেন্স প্রাপ্তির পর এবং, প্রয়োজনে, অনুসন্ধানের পর যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আইনানুযায়ী এলপিজি আমদানি করা হইতেছে, তবে তিনি উহা অবতরণের অনুমতি প্রদান করিবেন।

(৩) বিদ্যমান কোন আইন বা বিধিমালায় এলপিজি আটক সংক্রান্ত কাস্টমস্ কমিশনারের কোন ক্ষমতাকেই এই বিধি দ্বারা প্রভাবিত করা যাইবে না।

## চতুর্থ অধ্যায়
## এলপিজি পরিবহন
### প্রথম অংশ
### সাধারণ

**২২। দুর্ঘটনা প্রতিরোধকরণ।-** (১) এলপিজি পরিবহন, বোঝাইকরণ ও খালাসকরণের সময় যাহাতে অগ্নি বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা না ঘটে সেই জন্য সর্বদা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(২) এলপিজি বোঝাইকরণ, খালাসকরণ ও পরিবহনের কাজে নিয়োজিত কোন ব্যক্তি ধূমপান করিবেন না অথবা দিয়াশলাই, আগুন, বা বিস্ফোরণ সৃষ্টিকারী কোন সরঞ্জাম ব্যবহার করিতে পারিবেন না।

২৩। **ছিদ্রযুক্ত ত্রম্নটিপূর্ণ ধারণপাত্র ব্যবহারের উপর নিষেধাজ্ঞা।-** (১) এই বিধিমালার বিধান অনুসারে কোন সিলিন্ডার সনাক্তকরণ রং এ রঞ্জিত না থাকিলে এবং সিলিন্ডার বা গ্যাসাধারের ভাল্ভ ও অন্যান্য ফিটিংস্‌সহ উহা উত্তম অবস্থায় না থাকিলে কোন ব্যক্তি এলপিজি পরিবহনের জন্য উহা ব্যবহার করিতে পারিবেন না।

(২) এলপিজি পরিবহনের কাজে কোন ছিদ্রযুক্ত ধারণপত্র ব্যবহার করা যাইবে না।

২৪। **যাত্রী এবং দাহ্য পণ্যের সহিত এলপিজি পরিবহনে নিষেধাজ্ঞা।-** কোন জাহাজে যাত্রী বা অন্য কোন দাহ্য পদার্থ বহন করা হইলে বিধি ৩৬ এর বিধানাবলী অনুসরণ ব্যতীত উক্ত জাহাজে বা যানে এলপিজি পরিবহন করা যাইবে নাঃ

তবে শর্ত থাকে যে, এলপিজি ভর্তি সিলিন্ডার পরিবহনের ক্ষেত্রে প্যাকিং এর উদ্দেশ্যে ডানেজ ব্যবহারে এই বিধির বিধান প্রযোজ্য হইবে না।

২৫। **রাত্রীকালে বোঝাই ও খালাসকরণের উপর নিষেধাজ্ঞা।-** (১) নিরাপদ বৈদ্যুতিক আলোর ব্যবস্থা না থাকিলে সূর্যাসত্ম ও সূর্যোদয়ের মধ্যবর্তী সময়ে কোন জাহাজ, ধারণপাত্র বা যানে এলপিজি বোঝাই বা খালাস করা যাইবে না।

(২) কোন যানে এলপিজিপূর্ণ সিলিন্ডার বোঝাই বা খালাসকরণের কাজে ভারোত্তলনকারী কোন চুম্বকীয় কৌশল ব্যবহার করা যাইবে না।

(৩) কোন যানে এলপিজিপূর্ণ সিলিন্ডার বোঝাই বা খালাসকরণের কাজে কোন ক্রেন অথবা ফর্কলিফ্ট ট্রাক ব্যবহার করা হইলে চেইন অথবা তারের রশির যথোপযুক্ত দোলা ব্যবহার করিতে হইবে।

২৬। **সিলিন্ডার পরিবহনে বাধা নিষেধ।-** (১) এলপিজিপূর্ণ সিলিন্ডার কোন দ্বিচক্র যানে পরিবহন করা যাইবে না।

(২) কোন যানে সিলিন্ডার পরিবহনের ক্ষেত্রে সিলিন্ডারের কোন অংশ উক্ত যানের বাহিরে থাকা চলিবে না।

(৩) যানের যে অংশে সিলিন্ডার রাখা হয় সেই অংশে কোন ধারালো বস্তু রাখা যাইবে না।

(৪) সিলিন্ডার যাহাতে যানের বাহিরে পড়িয়া না যায় বা যান চলাকালে সিলিন্ডার আঘাতপ্রাপ্ত হইয়া ক্ষতিগ্রস্ত না হয় তদুদ্দেশ্যে সিলিন্ডারকে উক্ত যানে সতর্কতার সহিত স্থাপন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) এলপিজিপূর্ণ সিলিন্ডার কোন অতি প্রজ্জ্বলনীয় বা ক্ষয়কারী পদার্থের সহিত একত্রে বহন করা যাইবে না।

(৬) এলপিজিপূর্ণ সিলিন্ডার অন্য কোন গ্যাসপূর্ণ সিলিন্ডারের সহিত একত্রে পরিবহন করা যাইবে না।

## দ্বিতীয় অংশ
## নৌপথে পরিবহন

২৭। **নৌযানে বাল্কে এলপিজি পরিবহনের শর্তাবলী।-** (১) লাইসেন্সকৃত জাহাজ বা অন্যবিধ নৌযান ব্যতীত জলপথে বাল্কের মাধ্যমে এলপিজি পরিবহন করা যাইবে না।

(২) জাহাজ বা নৌযানের এমন অংশে এবং এমনভাবে এলপিজি মজুদ করিতে হইবে যাহা প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিতঃ

তবে শর্ত থাকে যে, এই বিধি এলপিজি আমদানিকারী জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।

২৮। **ট্যাংকবিশিষ্ট নৌযান নির্মাণের শর্তাবলী।-** ট্যাংকে এলপিজি বহনকারী প্রত্যেকটি জাহাজ বা অন্য কোন নৌযান অবশ্যই ইস্পাত অথবা লৌহ দ্বারা নির্মিত হইবে এবং যানটির আকারের অনুপাতে উহা প্রকোষ্টে বিভক্ত করিয়া মজবুতভাবে নির্মাণ করিতে হইবে।

২৯। **ট্যাংকের ডিজাইন, ফিটিংস্, ধারণক্ষমতা এবং উহা চিহ্নিতকরণ, ভর্তিকরণ ইত্যাদি।-** জলপথে চলাচলকারী যানের ট্যাংকের ডিজাইন, ফিটিংস, চিহ্নিতকরণ, ভর্তিকরণ এবং ধারণক্ষমতা ইত্যাদির ক্ষেত্রে পঞ্চম অধ্যায়ে বর্ণিত বিধানাবলী পরিপালন করিতে হইবে।

৩০। **জাহাজের মাস্টারের বিশেষ দায়িত্ব।-** বাল্কের মাধ্যমে নৌযানে এলপিজি পরিবহনের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়ে উক্ত যানের মাস্টার বা দায়িত্বপ্রাপ্ত অন্য কোন কর্মকর্তা দায়ী থাকিবেন, যথাঃ-

(ক) যানে এলপিজি ভর্তি ও খালাসকরণের সময় দুর্ঘটনা এড়ানোর জন্য প্রয়োজনীয় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ;

(খ) এলপিজি বোঝাইকৃত নৌযান বা উহা টানিবার জন্য ব্যবহৃত কোন নৌযান, স্টীমার বা টাগেঃ -

(অ) ১৫ সেঃ মিঃ ব্যাসের সাদা বৃত্তযুক্ত ১ বর্গ মিটার ক্ষেত্রত্রফল বিশিষ্ট লাল পতাকা সূর্যোদয় হইতে সূর্যাসত্ম পর্যমত্ম সময়ে প্রদর্শিত থাকিবে;

(আ) সূর্যাসত্ম হইতে সূর্যোদয় পর্যমত্ম বন্দর কর্তৃপক্ষক্ষের নির্দেশনা অনুসারে সতর্কতামূলক বাতি প্রদর্শিত থাকিবে;

(ই) ট্যাংকে এলপিজি বহনকারী নৌযান সর্বদা একজন দায়িত্বশীল প্রতিনিধির নিয়ন্ত্রণ এবং ব্যক্তিগত তত্ত্বাবধানে থাকিবে;

(ঈ) পর্যাপ্ত অগ্নি প্রতিরোধক সরঞ্জামাদি জরম্নরী অবস্থায় ব্যবহারের জন্য সর্বদা প্রস্তুত রাখিতে হইবে।

ব্যাখ্যাঃ এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে প্রধান পরিদর্শক অগ্নি প্রতিরোধক সরঞ্জামাদি নির্ধারণ করিয়া দিবেন।

৩১। **সিলিন্ডারে এলপিজি পরিবহনের সর্বোচ্চ পরিমাণ।-** এলপিজি বহনকারী সিলিন্ডারের ওজন বিবেচনা করিয়া, নৌযানের নিরাপদ পরিবহন সীমা অতিক্রম না করিলে, অত্র বিধিমালার বিধান অনুসরণ সাপেক্ষে কোন দেশীয় নৌযান বা স্টীমার বা মোটরচালিত নৌযানে এলপিজিপূর্ণ সিলিন্ডার পরিবহন করা যাইতে পারে।

৩২। **ডেকের নীচে এলপিজিপূর্ণ সিলিন্ডার পরিবহন।-** (১) বায়ু চলাচলের পর্যাপ্ত ব্যবস্থা না থাকিলে ডেকযুক্ত কোন নৌযানের ডেকের নীচে এলপিজিপূর্ণ সিলিন্ডার বহন করা যাইবে না।

(২) এলপিজিপূর্ণ সিলিন্ডার এমন অবস্থানে মজুদ করিতে হইবে যাহাতে সেফটি রিলিফ ব্যবস্থা সিলিন্ডারের বায়বীয় অংশের সহিত যুক্ত থাকে।

(৩) খোলের তাপমাত্রা যাহাতে ৬০° সেলসিয়াস অতিক্রম না করে সেই বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৪) একই খোল বা কামরায় এলপিজিপূর্ণ সিলিন্ডারের সহিত নিম্নোক্ত বিপদজনক পদার্থসমূহ একত্রে মজুদ করা যাইবে না, যথাঃ-

(ক) বিস্ফোরক;
(খ) প্রজ্জ্বলনীয় কঠিন পদার্থ;
(গ) জারক পদার্থ;
(ঘ) ক্ষয়কারক পদার্থ; এবং
(ঙ) তুলা বা অন্যান্য আঁশযুক্ত বস্তু।

৩৩। **এলপিজিপূর্ণ সিলিন্ডারের বাহনে খাড়া পার্টিশন নির্মাণের বিধান।- (১)** দেশী নৌযান ব্যতীত অন্যান্য নৌযানে, ডেকের পশ্চাৎভাগে খোল এবং নাবিকদের বসবাস কক্ষের মধ্যবর্তী স্থানে, একটি বাষ্প নিরোধী মজবুত নিছিদ্র খাড়া বেষ্টনী স্থাপন করিতে হইবে।

(২) দেশী নৌযানে ডেকের পশ্চাৎভাগে খোল এবং নাবিকদের বসবাস কক্ষের মধ্যবর্তী স্থানে মজবুত নিছিদ্র খাড়া বেষ্টনী থাকিবে এবং যে সমসত্ম নৌযানের পশ্চাৎভাবে উঁচু পাটাতন থাকে সেই সমসত্ম নৌযানের উক্ত উঁচু পাটাতনের ঠিক সামনে খাড়া বেষ্টনী স্থাপন করিতে হইবে।

৩৪। **আগুন, বাতি এবং ধূমপানের ক্ষেত্রে নিষেধাজ্ঞা।-** (১) কোন নৌযানের খাড়া মজবুত পার্টিশনের পশ্চাৎভাগ ব্যতীত অন্য কোন স্থানে আগুন বা কোন ধরনের উন্মুক্ত বাতি আনা বা ধূমপান করা যাইবে না।

(২) নৌযানে সচরাচর ব্যবহৃত হয় এইরূপ সকল ধরনের বাতি খাড়া বেষ্টনীর পশ্চাৎভাগে বহন করিতে হইবে।

৩৫। **অগ্নি নির্বাপক সরঞ্জামাদির ব্যবস্থা।-** এলপিজিপূর্ণ সিলিন্ডার বহনকারী যানের ডেকের পশ্চাৎভাগে বা অন্য কোন সুবিধাজনক স্থানে এলপিজির আগুন অতিসহজে নির্বাপণে কার্যকর এমন ধরণের অন্যূন ২ (দুই) টি অগ্নিনির্বাপণ যন্ত্র তাৎক্ষণিকভাবে ব্যবহারের জন্য সর্বদা প্রসম্মত রাখিতে হইবে।

৩৬। **ডেকের উপরে পরিবহন।-** (১) এলপিজি পরিবহনের জন্য নির্মিত না হইলেও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাষ্পীয় জলযান বা মোটরচালিত নৌযানের ডেকের উপর এলপিজিপূর্ণ সিলিন্ডার পরিবহন করা যাইতে পারে; যথাঃ-

(ক) যথোপযুক্তভাবে নিরাপদ পদ্ধতিতে রাখা না হইলে কেবলমাত্র একসারিতে বিন্যসত্ম থাকিবে;
(খ) পস্নাগ বা ক্যাপ যথাসম্ভব সিলিন্ডারে সর্বোচ্চ অংশে সংযুক্ত করিতে হইবে;
(গ) ট্যাংক, ভাল্ভ, ফায়ার হাইড্রেন্টস, স্টীম পাইপ, ডেক লাইন, ট্যাংক পরিষ্কারকরণ ছিদ্র এবং সিঁড়িসহ ডেকের যাবতীয় ফিটিংস্ যথেষ্ট দূরত্বে থাকিতে হইবে;
(ঘ) যথাযথভাবে ডানেজকৃত অথবা সুবিন্যসত্মভাবে স্তূপাকারে মজবুতভাবে যানের সহিত আটকাইয়া রাখিতে হইবে;
(ঙ) এলপিজিপূর্ণ সিলিন্ডারসমূহ তাপরোধক সামিয়ানা বা অন্যবিধভাবে সূর্যের সরাসরি রশ্মি হইতে দূরত্বে রাখিতে হইবে; এবং
(চ) ধূমপান বা ম্যাচেরকাঠি জ্বালানোর সম্ভাব্য বিপদ সম্পর্কীয় সতর্কতামূলক নোটিশ টানাইয়া রাখিতে হইবে।

(২) গ্যাসপূর্ণ সিলিন্ডার সারিবদ্ধভাবে এবং যাত্রী চলাচলের পথ বা ডেকের জায়গার ব্যাপারে যথোপযুক্ত সতর্কতা অবলম্বন করা হইলে উপ-বিধি (১) এর বিধান সাপেক্ষে সর্বোচ্চ ৫০০ লিটারের অধিক নহে এমন সীমিত পরিমাণ এলপিজি যাত্রীবাহী যানে বহন করা যাইবে।

৩৭। **দেশীয় নৌযানে সিলিন্ডারে এলপিজি পরিবহন।-** (১) বিধি ৩২ এবং বিধি ৩৬ প্রতিপালন ব্যতিরেকে দেশীয় নির্মিত নৌযানে এলপিজিপূর্ণ সিলিন্ডার বহন করা যাইবে না।

(২) ডেকবিহীন নৌযানের ক্ষেত্রে পশ্চাৎভাগে নাবিক বসবাসের স্থান হইতে ১.২০ মিটারের মধ্যে এবং ডেকযুক্ত নৌযানের ক্ষেত্রে ডেকের উপর এলপিজিপূর্ণ সিলিন্ডার রাখা যাইবে না।

(৩) এলপিজিপূর্ণ সিলিন্ডার বহনকারী দেশীয় নৌযানে যাত্রী বহন করা যাইবে না।

## তৃতীয় অংশ
## সড়ক পথে পরিবহন

৩৮। **যাত্রীবাহী যানে এলপিজি পরিবহনে বিধিনিষেধ।-** সড়কপথে যাত্রীবাহী কোন যানবাহনে এলপিজি পরিবহন করা যাইবে না।

৩৯। **এলপিজিপূর্ণ সিলিন্ডার পরিবহনকারী যান।-** সিলিন্ডারে এলপিজি পরিবহনের কাজে নিয়োজিত প্রতিটি যান-

(ক) মজবুতভাবে নির্মিত হইবে;
(খ) উহার পার্শ্ব ও পশ্চাৎভাগের উচ্চতা পর্যাপ্ত হইতে হইবে; এবং
(গ) উত্তম অবস্থায় রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

৪০। **সড়কপথে সিলিন্ডারে এলপিজি গ্যাস পরিবহন।-** সড়কপথে সিলিন্ডারে এলপিজি পরিবহনের ক্ষেত্রে নিম্নরূপ বিধানাবলী অনুসরণ করিতে হইবে, যথাঃ-
(ক) অনুমোদিত ৩০ লিটার পর্যমত্ম এলপিজি দ্বারা পূরণকৃত সিলিন্ডার দুই সত্মরের বেশী রাখা যাইবে না;
(খ) ৩০ লিটারের অধিক এলপিজি দ্বারা পূরণকৃত সিলিন্ডার এক সত্মরের বেশী রাখা যাইবে না;

(গ) সিলিন্ডারের শীর্ষে ভারী বোঝা রাখা যাইবে না;

(ঘ) এলপিজি বহনকারী যানে তেজস্ক্রিয় বা বিস্ফোরক পদার্থ পরিবহন করা যাইবে না;

(ঙ) আবদ্ধ কোন যানে এলপিজিপূর্ণ সিলিন্ডার পরিবহন করা হইলে সিলিন্ডার বোঝাইকৃত কামরায় পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখিতে হইবে;

(চ) প্রত্যেক পরিবহন যানে কমপক্ষে ৭ কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন কার্বন ডাই অক্সাইড বা ১১ কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন ড্রাই কেমিক্যাল ধরনের অগ্নিনির্বাপক চালকের সহজলভ্য স্থানে রাখিতে হইবে;

(ছ) এলপিজিপূর্ণ সিলিন্ডার পরিবহন ও হ্যান্ডলিংয়ের সময় প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন এবং হসস্মচালিত অগ্নিনির্বাপক ব্যবহার সম্পর্কে যানের চালক ও কর্মচারীকে প্রশিক্ষণপ্রাপ্ত হইতে হইবে;

(জ) এলপিজিপূর্ণ সিলিন্ডার দ্বারা যান ভর্তি ও খালাস করিবার সময় ধূমপান এবং উন্মুক্ত আলো ব্যবহার করা যাইবে না; এবং

(ঝ) প্রজ্বলনীয় এলপিজি বহন করা হইতেছে মর্মে যানের তিন পার্শ্বে স্পষ্টভাবে বাংলায় সতর্ক সংকেত প্রদর্শন করিতে হইবে।

৪১। **সড়কপথে গ্যাসাধারে এলপিজি পরিবহন**।- সড়কপথে গ্যাসাধারে এলপিজি বহনকারী যান প্রধান পরিদর্শক কর্তৃক লিখিতভাবে অনুমোদিত হইতে হইবে।

৪২। **ট্যাংকে এলপিজি পরিবহন**।- অত্র বিধিমালার শর্তাদি পূরণসাপেক্ষে লাইসেন্সকৃত না হইলে কোন ব্যক্তি ট্যাংকে এলপিজি পরিবহন করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, রেলওয়ে ট্যাংকারের মাধ্যমে এলপিজি পরিবহনের ক্ষেত্রে ইহা প্রযোজ্য হইবে না।

৪৩। **ট্যাংক ট্রেইলার বা স্থল ট্যাংকার এর ডিজাইন, যন্ত্রাংশ, চিহ্নকরণ, পূরণক্ষমতা ইত্যাদি**।- পঞ্চম অধ্যায়ের বিধানাবলী গ্যাসাধারে এলপিজি বহনকারী যানের ডিজাইন, যন্ত্রাংশ, চিহ্নিতকরণ এবং পূরণক্ষমতা ইত্যাদির ক্ষেত্রে পরিপালন করিতে হইবে।

**৪৪। সড়ক ট্যাংকারের ডিজাইন সম্পর্কিত বিধানাবলী।-** (১) সড়ক ট্যাংকারের ক্ষেত্রে সাধারণ ডিজাইন সম্পর্কিত নিম্নরূপ ব্যাখ্যা এবং বিধান এই অধ্যায়ের ক্ষেত্রে প্রযোজ্য হইবে, যথাঃ-

(অ) ভিন্নরূপ ব্যাখ্যা না থাকিলে যান বলিতে একটি ট্রেইলারকে বুঝাইবে;

(আ) এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে ‘‘ট্রেইলার’’ বলিতে একটি আর্টিকুলেটেড যানের অংশবিশেষ ট্রেইলার বুঝাইবে না;

(ই) সড়ক ট্যাংকার বা ট্রেইলারের ‘‘ট্যাংক’’ বলিতে উহার একই চেসিসের উপর স্থাপিত এক বা একাধিক ট্যাংককে বুঝাইবে;

(ঈ) কোন ট্যাংক যানের চেসিসের অবিচ্ছেদ্য অংশ হইবে অথবা চেসিসের সহিত দৃঢ়ভাবে সংযুক্ত থাকিবে;

(উ) কমপোজিট যানের কোন ট্যাংক অপসারণযোগ্য হওয়া সত্ত্বেও, ক্রেডলের সহিত দৃঢ়ভাবে সংযুক্ত থাকিলে দফা (ঈ) পরিপালনের জন্য বিবেচিত হইবে।

(২) সড়ক ট্যাংকারের ক্ষেত্রে নিরাপদ ডিজাইন সম্পর্কিত নিম্নরূপ বিধানাবলী প্রযোজ্য হইবে, যথাঃ-

(ক) যান্ত্রিকভাবে চালিত যানের ক্ষেত্রে-

(অ) ইঞ্জিন অমন্তর্দাহ ধরনের হইবে;

(আ) যেখানে জ্বালানী মাধ্যাকর্ষণের প্রভাব ইঞ্জিনে প্রবেশ করে সেইখানে দ্রুত কার্যকর একটি বিচ্ছিন্নকরণ ভাল্ভ স্পষ্টভাবে চিহ্নিত এবং জ্বালানী সরবরাহকারী পাইপের সহজে প্রবেশযোগ্য স্থানে সংযুক্ত করিতে হইবে;

(ই) বৈদ্যুতিক জেনারেটর, মোটর, ব্যাটারি, সুইচগিয়ার, ফিউজসহ যানের ইঞ্জিন এবং সকল নির্গমন ব্যবস্থা কার্যকরভাবে ট্যাংক এবং যানের প্রধান অংশ হইতে অগ্নি নিরোধী ঢাল বা অনুমোদিত অগ্নি-প্রতিরোধী কামরায় বেষ্টনী দ্বারা পৃথককৃত থাকিবে।

(খ) দফা (ক) এ উলিস্নখিত সরঞ্জাম ড্রাইভারের কক্ষের পশ্চাতে স্থাপিত হইলে উক্ত কক্ষকে একটি গ্রহণযোগ্য ঢাল হিসাবে বিবেচনা করা যাইতে পারে, যদি উক্ত কক্ষের সম্পূর্ণ পশ্চাৎভাগ, মেঝে এবং ছাদ জুড়িয়া অগ্নিনিরোধী পদার্থ দ্বারা নির্মিত হয় এবং পশ্চাৎভাগ ও ছাদ চিহ্নিত হয় এবং উক্ত কক্ষটির পশ্চাৎভাগ চেসিসের অগ্রভাগ পর্যমত্ম নিচের দিকে বিস্তৃত থাকে;

(গ) ড্রাইভার কক্ষ দফা (খ) এ বর্ণিত শর্তসমূহ পূরণ না করিলে যে অগ্নিনিরোধী ঢাল স্থাপন করিতে হইবে উহা ট্যাংকের উপর হইতে চেসিসের তল পর্যমত্ম বিস্তৃত ও নিচ্ছিদ্র হইতে হইবে;

(ঘ) অগ্নিনিরোধী ঢালে জানালা থাকিলে উহা অগ্নিনিরোধী তারবেষ্টিত গস্নাস বা অন্যবিধ তাপ নিরোধী পদার্থের ফ্রেমে এমনভাবে আটকানো থাকিবে যাহাতে উহা খোলা না যায়;

(ঙ) দফা (ক) এ উলিস্নখিত সরঞ্জাম ড্রাইভারের কক্ষের পশ্চাতে স্থাপিত হইলে উহা সম্পূর্ণরূপে অনুমোদিত কোন অগ্নিনিরোধী কক্ষের মধ্যে থাকিবে;

(চ) যানবাহনে ব্যবহৃত জ্বালানীর জলনাঙ্ক যদি ১৫০° ফাঃ (৬৫° সেলসিয়াস) তাপমাত্রার নিচে হয় তবে নিম্নোক্ত শর্তাদি পূরণ না করিলে জ্বালানী ট্যাংক অগ্নিনিরোধী ঢালের পিছনে স্থাপন করা যাইবে নাঃ

(অ) জ্বালানী ট্যাংকটি নীচ হইতে মজবুত স্টীল গার্ড বা যানের ফ্রেম দ্বারা সুরক্ষা করিতে হইবে;
(আ) জ্বালানী ট্যাংকে ভর্তি মুখের কভার তালাযুক্ত থাকিবে;
(ই) জ্বালানী ট্যাংকের আধেয় উত্তোলনে ব্যবহৃত যন্ত্র অগ্নিনিরোধী ঢালের সামনে স্থাপিত হইবে।
(ঈ) ইঞ্জিনদ্বারা চালিত পাম্পের ক্ষেত্রে ড্রাইভারের কক্ষের বাহির হইতে ইঞ্জিন বন্ধ করিবার ব্যবস্থা রাখিতে হইবে।

**(৩)** সড়ক ট্যাংকারের ক্ষেত্রে নিরাপদ ডিজাইন সংক্রান্ত বৈদ্যুতিক এবং স্থির বিদ্যুৎ বিরোধী বৈশিষ্ট্যের বিষয়ে নিম্নবর্ণিত শর্তাবলী পালন করিতে হইবে, যথাঃ-

(অ) বৈদ্যুতিক ব্যবস্থায় সহজে স্থাপনযোগ্য ব্যাটারী থাকিতে হইবে;
(আ) তাৎক্ষণিকভাবে স্থাপনযোগ্য বিচ্ছিন্নকরণ সুইচ থাকিতে হইবে;
(ই) বৈদ্যুতিক তার এমনভাবে স্থাপিত এবং রক্ষিত থাকিবে যাহাতে দুর্ঘটনাজনিত বা অপ্রত্যাশিত ক্ষতি এড়ানো যায়;
(ঈ) চেসিসের সহিত ট্যাংক বৈদ্যুতিকভাবে নিরবিচ্ছিন্ন অবস্থায় থাকিতে হইবে;
(উ) আর্থিং এর জন্য যানটিতে ভূ-সংযোগ তার রাখিতে হইবে;
(ঊ) টায়ার স্থির বিদ্যুৎ বিরোধী ধরনের হইতে হইবে এবং উহার বৈদ্যুতিক প্রতিরোধ ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন ২০৫০ বা উহার সমতুল্য মান অনুসারে হইতে হইবে।

(৪) সড়ক ট্যাংকারের নিরাপদ ডিজাইন সংক্রান্ত অন্যান্য সাধারণ বিধানাবলী নিম্নরূপ, যথাঃ-

(ক) ক্যাবের পশ্চাৎভাগ এবং বহনকারী ট্যাংকের মধ্যে কমপক্ষে ১৫ সি.মি. ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে;

(খ) ট্যাংকারের পশ্চাৎভাগ একটি শক্ত স্টীল বাম্পার দ্বারা সংরক্ষিত থাকিবে এবং বাম্পারটি-

(অ) এমনভাবে সংযুক্ত থাকিবে যাহাতে ধাক্কাজনিত চাপ একমাত্র যানের কাঠামোতে সঞ্চারিত হয় অথবা সংযুক্ত যান বা ট্রেইলারের ক্ষেত্রে ট্যাংকারের চাকা বহনকারী কাঠামোতে সঞ্চালিত হয়;
(আ) যানের পশ্চাতে স্থাপিত ট্যাংক হইতে কমপক্ষে ৭.৫০ সে.মি. পশ্চাতে স্থাপিত থাকিতে হইবে;
(ই) যানের উভয় পার্শ্বে ট্যাংকারের সর্বোচ্চ প্রস্থব্যাপী প্রসারিত থাকিবে;

(গ) যানটি সর্বোচ্চ যে পরিমাণ এলপিজি ধারণের জন্য ডিজাইনকৃত উক্ত ওজন অবশ্যই পরিবহন সংক্রান্ত স্বীকৃত বিধি অনুসারে উক্তরূপ ধরণের যানের ক্ষেত্রে ইহার সর্বোচ্চ গ্রোস ওজন এবং খালি যানের ওজনের মধ্যে যে ব্যবধান থাকে ইহার অধিক হইবে না।

৪৫। **যান চিহ্নিতকরণ**।- সড়ক ট্যাংকার এবং রেল ট্যাংকারের ট্যাংক সুস্পষ্টভাবে চিহ্নিত থাকিতে হইবে যাহাতে বহনকৃত মালামালের ধরণ বুঝা যায়।

৪৬। **অগ্নি-প্রতিরোধ**।- (১) প্রত্যেকটি যানের বিএস ৩৪৬৫ অথবা সমতুল্য স্ট্যান্ডার্ডের অন্যূন ৯ কেজি ধারণ ক্ষমতাসম্পন্ন শুষ্ক পাউডার ধরনের ব্যবহারযোগ্য দুইটি অগ্নিনির্বাপক যন্ত্র রাখিতে হইবে।

(২) উক্ত অগ্নিনির্বাপক যন্ত্রের অভ্যমন্তরস্থ পদার্থসমূহ যাহাতে জমাট বাধিয়া যাইতে না পারে উহা নিশ্চিতকরণের উদ্দেশ্যে অগ্নিনির্বাপক যন্ত্রগুলি পর্যাবৃত্ত পরীক্ষা করিতে হইবে।

(৩) এলপিজি বহনকালে যানে কর্তব্যরত কোন ব্যক্তি ধূমপান করিতে বা দেয়াশলাই বা আগুন ধরাইতে সক্ষম এমন ধরনের যন্ত্র ব্যবহার করিতে পারিবেন না।

(৪) আগুন, কৃত্রিম আলো, অগ্নি বা বিস্ফোরণ সৃষ্টিকারী কোন সরঞ্জাম এলপিজি বহনকারী যানে রাখা বা বহন করা যাইবে না।

**৪৭। সড়ক পথে চালিত যানের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা ।-** (১) সড়কপথে চালিত যানের জন্য মালিককে সুদক্ষ চালক নিয়োগ করিয়া তাহাকে যান চালনা বিষয়ে এবং নিরাপদে এলপিজি হ্যান্ডলিং সংক্রান্ত বিষয়ে যথোপযুক্ত প্রশিক্ষণ প্রদান করিতে হইবে।

(২) অপারেটরের নিজস্ব প্রাঙ্গণ সীমার মধ্যে কোন যানে এলপিজি বোঝাই বা ইহা হইতে এলপিজি খালাসকরণের সময় যানের চালক বা অন্য কোন যোগ্য ব্যক্তিকে উক্তরূপ কার্য সম্পূর্ণরূপে সম্পন্ন হওয়া পর্যমন্ত উপস্থিত থাকিতে হইবে।

(৩) গ্রাহকের প্রাঙ্গণে যান খালাস করিবার সময় চালককে যানটির সঙ্গে থাকিতে হইবে যাহাতে জরম্নরী প্রয়োজনে তিনি তৎক্ষণাৎ খালাসকরণ বন্ধ করিতে পারেন।

(৪) খালি বা এলপিজি ভর্তি যান চলমন্ত অবস্থায় থাকিলে চালক অনিবার্য প্রয়োজন ব্যতীত উহা থামাইতে এবং যান হইতে অবতরণ করিয়া অন্যত্র গমন করিতে পারিবেন নাঃ

তবে শর্ত থাকে যে, অনিবার্য প্রয়োজনে উক্ত যান থামাইতে এবং অবতরণ করিতে হইলে সড়কের পার্শ্বে নিরাপদ কোন স্থানে থামানো যাইবে এবং অবতরণ করিয়া এমন দূরত্বে গমন করা যাইবে যে স্থান হইতে যানটি সহজে দৃষ্টিগোচর হয়।

(৫) নিয়মিত দূর যাত্রার ক্ষেত্রে কোন যান সারারাত থামাইয়া রাখিবার প্রয়োজন দেখা দিলে চালক উহার নিরাপত্তার নির্মিত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন এবং প্রয়োজন হইলে স্থানীয় পুলিশ প্রশাসনের সহযোগিতা গ্রহণ করিবেন।

(৬) কোন যান এলপিজি বোঝাইকৃত অবস্থায় নির্বিঘ্নে রাসত্মায় চলাচলে উপযোগী এবং নিরাপদে মালামাল খালাসকরণে সক্ষম আছে কি না নিশ্চিতকরণের উদ্দেশ্যে যানটি নিয়মিতভাবে পরীক্ষা করিতে হইবে।

(৭) যোগ্য ব্যক্তি দ্বারা নির্দিষ্ট সময় অমত্মর অমত্মর নিয়মিতভাবে যান পরীক্ষা করিতে হইবে এবং উহার পরিচালন ব্যবস্থা তদারকি করিতে হইবে।

(৮) যান ভর্তি অথবা খালাসকরণ কার্যক্রম শুরম্ন করিবার পূর্বে যাহাতে কোন অস্বাভাবিক বা ঝুঁকিপূর্ণ পরিস্থিতি হইতে না পারে সেইজন্য ভর্তি বা খালাসকরণ প্রাঙ্গণের পারিপার্শ্বিক অবস্থা পরিদর্শন করিতে হইবে।

(৯) স্থল ট্যাংকারের প্যাকিং ব্রেক সর্বদা চালু থাকিবে এবং প্রয়োজনে পাম্প চালানো ব্যতীত অন্য সময় উক্ত সড়ক যানের ইঞ্জিন বন্ধ থাকিবে।

(১০) প্রয়োজনীয় ক্ষেত্রে হুইল চেক বস্নক ব্যবহার করিতে হইবে।

(১১) প্রযোজ্য ক্ষেত্রে সতর্কীকরণ নোটিশ টাংগানো থাকিবে।

(১২) স্থল যানে এলপিজি স্থানামত্মর সংক্রান্ত কার্যক্রম শুরম্ন করিবার পূর্বে উক্ত যানে সৃষ্ট স্থির বিদ্যুৎ মুক্তকরণের নিমিত্তে যানটির সহিত ভূ-সংযোগ প্রদান করিতে হইবে এবং যান ভর্তি অথবা খালাসকরণ কার্যক্রম সম্পূর্ণ না হওয়া পর্যমত্ম উক্তরূপ সংযোগ বহাল রাখিতে হইবে।

(১৩) এলপিজি স্থানামন্তরকরণ সম্পূর্ণ হওয়ার পর যানের সহিত স্থাপিত সকল ভূ-সংযোগ বিচ্ছিন্ন করিতে হইবে এবং যানটি নিরাপদ অবস্থায় চলাচল নিশ্চিতকরণের উদ্দেশ্যে পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করিতে হইবে।

(১৪) হিমায়িত এলপিজি পরিবহনের ক্ষেত্রে এলপিজি ধারণকৃত ট্যাংকে প্রযুক্ত নিরাপদ কার্যকর চাপমাত্রার নিম্ন মাত্রায় চাপ সীমিত রাখা সম্পর্কিত নির্দেশনা অনুসারে কার্যকর পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

(১৫) হিমায়িত এলপিজি পরিবহনের ক্ষেত্রে অনুমোদিত পদ্ধতি অনুসারে ট্যাংকের অভ্যমন্তরীণ চাপ হ্রাসকরণের নিমিত্ত ট্যাংকে বায়ু চলাচল ব্যবস্থা রাখিতে হইবে।

(১৬) হিমায়িত এলপিজি পরিবহনের ক্ষেত্রে প্রত্যেকটি যানে হিমায়িত এলপিজি পরিবহন সম্পর্কিত লিখিত নির্দেশনা রাখিতে হইবে।

**পঞ্চম অংশ**
**পাইপলাইনের মাধ্যমে পরিবহন**

৪৮। **প্রয়োগ**।- কোন শোধনাগার এবং স্থাপনার প্রাঙ্গণ ব্যতীত অন্যত্র পাইপলাইনের মাধ্যমে এলপিজি পরিবহনের ক্ষেত্রে এই অধ্যায়ের বিধানসমূহ প্রযোজ্য হইবে।

৪৯। **প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১ এর প্রয়োগ** ।- এই অধ্যায়ে ভিন্নরূপ কোন বিধান করা না হইলে এলপিজি পরিবহনের ক্ষেত্রে, প্রধান পরিদর্শকের অনুমোদন সাপেক্ষে, প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১ এর বিধান অনুসারে প্রত্যেকটি পাইপলাইন ডিজাইন, নির্মাণ, স্থাপন, পরীক্ষণ এবং উহাতে গ্যাস সঞ্চালন ও সংরক্ষণ করিতে হইবে।

(২) প্রাকৃতিক গ্যাস নিরাপত্তা বিধিমালা, ১৯৯১ এর বিধান অথবা কোন প্রচলিত বিধিবিধান বা নির্দেশনার আওতা বহির্ভূত কোন সুনির্দিষ্ট ক্ষেত্রে প্রধান পরিদর্শকের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

৫০। **প্রয়োজনীয় অনুমোদন**।- (১) প্রধান পরিদর্শকের লিখিত অনুমোদন ব্যতীত এলপিজি পরিবহনের কোন পাইপলাইন স্থাপন করা যাইবে না।

(২) পাইপলাইন স্থাপনের পর নিয়মিতভাবে সকল পাইপলাইন পরীক্ষা করিতে হইবে এবং সর্বোচ্চ কার্যকর চাপমাত্রায় উহার নিচ্ছিদ্রতা প্রমাণ করিতে হইবে।

(৩) বাহ্যিক ক্ষয়-ক্ষতি হইতে পাইপলাইন এবং পাইপিং ব্যবস্থাকে সুরক্ষা করিতে হইবে।

৫১। **অনুমোদনের জন্য দরখাসত্ম**।- (১) বিধি ৫০ এর অধীনে কোন অনুমোদনের প্রয়োজন হইলে প্রসত্মাবিত পাইপলাইন নির্মাণের কাজ শুরম্ন করিবার কমপক্ষে ৩০ দিন পূর্বে প্রধান পরিদর্শকের নিকট দরখাসত্ম দাখিল করিতে হইবে।

(২) উপবিধি (১) এ উলিস্নখিত দরখাসেত্মর সহিত নিম্নবর্ণিত কাগজপত্র ও তথ্যাদি সম্বলিত নির্ধারিত স্কেলে অংকিত প্রসত্মাবিত পাইপলাইনের ৩ (তিন) সেট নকশা সংযোজন করিতে হইবে, যথাঃ-

(ক) স্থাপিতব্য পাইপের স্পেসিফিকেশন, গ্যাসের সর্বোচ্চ কার্যকরী চাপমাত্রা, প্রসত্মাবিত পাইপলাইনের প্রবাহ এবং বিন্যাস (route alignment);

(খ) স্থাপিতব্য পাইপ লাইনের প্রতি কিলোমিটার অথবা ইহার অংশ বিশেষের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি, ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান সংক্রান্ত চালানের মূল কপিঃ

তবে শর্ত থাকে যে, দাখিলকৃত দরখাসত্ম বিবেচনার সুবিধার্থে প্রধান পরিদর্শক দরখাসত্মকারীকে প্রয়োজনীয় আরও তথ্য ও কাগজপত্র দাখিলের নির্দেশ দিতে পারিবেন।

৫২। **পাইপলাইনের নিরাপত্তার জন্য সর্তকতামূলক ব্যবস্থা গ্রহণ**।- (১) ব্যবহারজনিত কারণে বা অন্য কোন বস্তুর চাপে, পাইপ লাইন বাঁকা হওয়া বা নষ্ট হওয়া বা অন্য কোন ধরনের ক্ষতির সম্ভাবনা হইতে রক্ষার নিমিত্তে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(২) তরল ধারণকৃত উভয় প্রামেন্ত আবদ্ধকৃত পাইপের কোন অংশে সেফটি ভাল্ভ লাগাইতে হইবে।

**পঞ্চম অধ্যায়**
**এলপিজি ধারণপাত্র**
**প্রথম অংশ**
**প্রারম্ভিক**

৫৩। **ধারণপাত্রের ডিজাইন এবং নির্মাণ**।- (১) এলপিজি সিলিন্ডার, গ্যাসাধার এবং উহাদের ভাল্ভ এমনভাবে ডিজাইনকৃত, পরীক্ষিত এবং চিহ্নিত হইতে হইবে যেন উহা সংশিস্নষ্ট কার্যে নিরাপদ ও উপযোগী হয় এবং উহা নির্মাতা কর্তৃক প্রত্যায়িত ও প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হয়।

(২) সিলিন্ডার, গ্যাসাধার এবং ভাল্ভের নির্মাতা কর্তৃক তফসিল-৩ এ উলিস্নখিত তথ্য সম্বলিত পরীক্ষণ ও পরিদর্শন সনদ নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক প্রতিস্বাক্ষরিত হইতে হইবে এবং উক্ত সনদ অনুমোদনের জন্য প্রধান পরিদর্শকের নিকট উপস্থাপন করিতে হইবে।

(৩) এলপিজি সিলিন্ডার, গ্যাসাধার এবং উহাদের ভাল্ভের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনের নাম ও নম্বরের তালিকা প্রধান পরিদর্শক সরকারী গেজেটে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ ও প্রচার করিবেন।

(৪) ধারণপাত্র ইস্পাত, এলুমিনিয়াম বা শংকর (কম্পোজিট) ধাতু দ্বারা নির্মিত হইবে।

(৫) এলপিজি সার্ভিসে ব্যবহৃত সিলিন্ডার জোড়াযুক্ত (welded) হইতে পারিবে।

৫৪। **ধারণপাত্রে বিভিন্ন তথ্য লিখন**।- (১) এলপিজি ভর্তি, মজুদ ও পরিবহনের কাজে ব্যবহারযোগ্য প্রতিটি সিলিন্ডার বা গ্যাসাধারে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ-

(ক) নির্মাতা ও পরিদর্শনকারীর নাম অথবা পরিচিতি চিহ্ন ;
(খ) ধারণপাত্র নির্মাণের তারিখ;
(গ) ধারণপাত্রের ক্রমিক নম্বর ;
(ঘ) যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে ধারণপাত্র প্রস্ত্তত করা হইয়াছে তাহার নাম ও নম্বর ;
(ঙ) ডিজাইন চাপ, কার্যচাপ এবং পরীক্ষণ চাপ ;
(চ) স্বীকৃত পরীক্ষা কেন্দ্রের প্রতীক চিহ্নসহ শেষ উদস্থিতি পরীক্ষণ বা অন্য কোন পরীক্ষণের তারিখ;
(ছ) এলপিজি নির্দেশক;
(জ) জলধারণ ক্ষমতা; এবং
(ঝ) টেয়ার ওজন।

(২) সিলিন্ডারের ক্ষেত্রে উপ-বিধি (১) এ উলিস্নখিত তথ্যাদি নিম্নবর্ণিত শর্তানুসারে সিলিন্ডারের সহজে দৃশ্যমান অংশে সুস্পষ্ট ও স্থায়ীভাবে লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ-

(ক) চূড়ামন্ত তাপ প্রয়োগ পদ্ধতির শেষে সকল তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে;
(খ) প্রস্ত্ততকারীর তথ্যাদি ব্যতীত অন্যান্য সকল তথ্যাদি সিলিন্ডারের গলায় এবং গাত্র দেওয়ালের সমামন্তরাল বরাবর লিপিবদ্ধ করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, প্রস্ত্ততকারীর নাম, প্রতীক চিহ্ন সিলিন্ডারের তলদেশে লিপিবদ্ধ করা যাইবে;

(গ) অন্যান্য তথ্যাদির সহিত পরীক্ষণ তারিখ এবং স্বীকৃত পরীক্ষা কেন্দ্রের প্রতীক চিহ্ন ছাপ মারিয়া লিপিবদ্ধ করিবার মত পর্যাপ্ত জায়গা রাখিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, বর্ণিত তথ্যাদি সীল, খোদাই বা অন্য কোন উপযুক্ত পদ্ধতি অনুসরণ করিয়া করা যাইবে।

(৩) গ্যাসাধারের ক্ষেত্রে উপ-বিধি (১) এ বর্ণিত তথ্যাদি একটি ধাতব পাতে লিপিবদ্ধ করিয়া উক্ত আধারের সহিত স্থায়ীভাবে সংযুক্ত করিতে হইবে।

(৪) এলপিজি সিলিন্ডারের ক্ষেত্রে ওজন হিসাবে গ্যাসের মোট পরিমাণ সিলিন্ডারে লিপিবদ্ধ করিতে হইবে এবং সিলিন্ডারের গায়ে ছাপ মারিয়া বা প্রতিটি সিলিন্ডারের তথ্যসহ লেবেল সংযুক্ত করিতে হইবে।

৫৫। **সিলিন্ডার বা গ্যাসাধারের ভাল্ভ**।- (১) সিলিন্ডার বা গ্যাসাধারে উহার কার্য চাপে ডিজাইনকৃত এবং পরীক্ষণ চাপ অতিক্রম করিতে সক্ষম এইরূপ বন্ধকরণ (shut-off) ভাল্ভ থাকিবে।

(২) ভাল্ভটি ধারণপাত্রের গলায় প্যাঁচ কাটা স্ক্রুর সাহায্যে এইরূপে সংযুক্ত থাকিবে যেন উহা সিলিন্ডার বা গ্যাসাধারের সহিত স্থায়ীভাবে সংযুক্ত না থাকে এবং সংযুক্ত করিবার জন্য উহাদের মধ্যবর্তী স্থানে অন্য কোন পদার্থ লাগান না হয়।

(৩) এলপিজি ভর্তি, মজুদ ও পরিবহনের কাজে ব্যবহারযোগ্য সিলিন্ডার বা গ্যাসাধারের সঙ্গে সংযুক্ত ভাল্ভ ও অন্যান্য সংযোগ পাইপের নির্গমণ পথের সহিত এইরূপ প্যাঁচকাটা স্ক্রু সংযুক্ত থাকিবে যাহা বাম দিকে ঘুরাইয়া আটকানো যায়।

(৪) ঢালাই লোহা বা ইস্পাত নির্মিত ভাল্ভ প্রাথমিক বন্ধকরণ ভাল্ভ (primary shut-off valve) হিসাবে ব্যবহার করা যাইবে না।

৫৬। **সিলিন্ডার বা গ্যাসাধারের ভাল্ভের চিহ্ন**।- (১) সিলিন্ডার বা গ্যাসাধারের ভাল্ভে ছাপ মারিয়া, খোদাই করিয়া বা অনুরূপ অন্য কোন পদ্ধতি অবলম্বন করিয়া স্পষ্ট ও স্থায়ীভাবে নিম্নবর্ণিত তথ্যাদি লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ-

(ক) স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশনের বর্ণনা;
(খ) প্রস্তুতের পর্যায় ও বৎসর;
(গ) প্রস্তুতকারীর প্রতীক; এবং
(ঘ) ডিজাইন চাপ।

৫৭। **গ্যাসাধারে সংযুক্ত যন্ত্রাংশ।-** (১) প্রতিটি গ্যাসাধারে নিম্নবর্ণিত যন্ত্রাংশ সংযুক্ত থাকিতে হইবে যথাঃ-

(ক) ম্যানহোল (manhole);
(খ) গ্যাসাধারের বাষ্পীয় অংশে (vapour space) সংযুক্ত চাপ প্রশমন ভাল্ভ (pressure relief valve);
(গ) নির্গমণ নল (drain);
(ঘ) ধারক গেজ (content gauge) বা গ্যাসাধারে রক্ষিত গ্যাসের সর্বোচ্চ সীমা নির্দেশক (maximum level indicator);
(ঙ) গ্যাসাধারের বাষ্পীয় অংশে সংযুক্ত প্রেসার গেজ (pressure guage);
(চ) গ্যাসাধারে রক্ষিত গ্যাসের তাপমাত্রা নির্ণয়ের ব্যবস্থা; এবং
(ছ) গ্যাসাধারে অতিরিক্ত গ্যাস ভর্তির কারণে বা অন্য কোন অস্বাভাবিক পরিস্থিতিতে পারিপার্শ্বিক তাপমাত্রা বৃদ্ধির ফলে আধারের বাষ্পীয় চাপ বৃদ্ধি নির্দেশের জন্য সংকেত প্রেরণের ব্যবস্থাসহ চাপমাত্রা নির্দেশক।

(২) সকল যন্ত্রাংশ সংযুক্ত আধারের ডিজাইন চাপে ও ডিজাইন তাপে এলপিজি এর জন্য ব্যবহার উপযোগী হইতে হইবে।

(৩) গ্যাসাধার যে স্ট্যান্ডার্ড বা ডিজাইন কোড অনুসারে নির্মিত, গ্যাসাধারের সঙ্গে সংযুক্ত যন্ত্রাংশ ও সংযুক্তি উক্তরূপ স্ট্যান্ডার্ড বা ডিজাইন কোড অনুসারে ডিজাইনকৃত হইবে।

(৪) প্রতিটি গ্যাসাধারে উপ-বিধি (১) এ উলিস্নখিত যন্ত্রাংশ ছাড়াও অতিরিক্ত প্রবাহ ভাল্ভ (প্রবাহ নিয়ন্ত্রণ ভাল্ভ) [excess flow valve বা প্রবাহ নিয়ন্ত্রণ ভাল্ভ (flow control valve), গ্যাসাধারের ভিতরে বা বাহিরের গায়ের সহিত সংযুক্ত থাকিতে হইবে, এবং দূর নিয়ন্ত্রিত বন্ধকরণ ভাল্ভ (remote controlled shut-off valve), উচ্চ চাপ ও উচ্চ লেভেল এ্যালার্ম ট্যাংকের সন্নিকটে সংযুক্ত করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, গ্যাসাধার বা পার্শ্ববর্তী স্থাপনার নিরাপত্তার প্রয়োজনে প্রধান পরিদর্শক  অন্য কোন যন্ত্রাংশ আবশ্যক মনে করিলে তাহার ব্যবস্থাও রাখিতে হইবে।

(৫) হিমায়িত মজুদ ট্যাংকের ক্ষেত্রে শূন্যতা প্রশমন ভাল্ভ (vaccum relief valve) এর ব্যবস্থা রাখিতে হইবে।

৫৮। **চাপ প্রশমন ব্যবস্থা**।- (১) প্রতিটি সিলিন্ডার বা গ্যাসাধারের বাষ্পীয় অংশে একটি চাপ প্রশমন ব্যবস্থা সংযুক্ত করিতে হইবে।

(২) চাপ প্রশমনের নিরাপত্তা ভাল্ভের (safety valve) মোট নির্গমণ ক্ষমতা এমন হইবে যেন গ্যাসাধারের অভ্যমত্মরে যে কোন অবস্থায় সর্বোচ্চ নির্ধারিত কার্য চাপের শতকরা ১২০ ভাগ পর্যমত্ম চাপ সীমিত  রাখা যায়।

(৩) বিধি ৫৫ এ বর্ণিত পদ্ধতিতে সিলিন্ডারের বন্ধকরণ ভাল্ভ (shut-off valve) সঙ্গে চাপ প্রশমন ব্যবস্থা সংযুক্ত থাকিতে হইবে।

(৪) গ্যাসাধারের নিরাপদ প্রশমন ব্যবস্থা-

(ক) গ্যাসাধার যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে নির্মিত সেই স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী হইতে হইবে;

(খ) নিরাপদ প্রশমন ভাল্ভ এর মাধ্যমে  নির্গমণের হার সঠিক রাখিবার জন্য চাপ প্রশমন ব্যবস্থার সংযোগ যথোপযুক্ত  আকারের হইতে হইবে;

(M) প্রশমন ভাল্ভ এর সঙ্গে লম্বা সুদৃঢ় অবলম্বনযুক্ত ভেন্ট পাইপ সংযুক্ত থাকিবে, যাহার নির্গমণ পথ গ্যাসাধারের শীর্ষ  হইতে অন্যূন ২ মিটার উর্ধ্বে এবং ভূ-পৃষ্ঠ হইতে অন্যূন ৩.৫ মিটার উর্ধ্বে থাকিবে এবং উহার সহিত সংযুক্ত বৃষ্টি-নিরোধী টুপি (rain cap) থাকিবে; এবং

(N) প্রতিটি প্রশমন ভাল্ভে সুস্পষ্টভাবে নিম্নোক্ত তথ্য লিপিবদ্ধ করিতে হইবে, যথাঃ-

(অ) ভাল্ভ হইতে নির্গমণের জন্য ধার্যকৃত চাপ; এবং

(আ) নির্গমণ ক্ষমতা।

৫৯। **সনাক্তকরণ রং**।- (১) এলপিজি ব্যবহার্য প্রতিটি সিলিন্ডার লাল রঙে রঞ্জিত করিতে হইবে।

(২)  কোন ব্যক্তি কোনভাবে গ্যাস সিলিন্ডারের রং পরিবর্তন করিতে পারিবে নাঃ

তবে শর্ত থাকে যে, গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ অনুসারে এবং এক গ্যাস সার্ভিস হইতে অন্য গ্যাস সার্ভিসে ব্যবহারের জন্য সিলিন্ডারের সনাক্তকরণ রঙের পরিবর্তন বা সিলিন্ডারের রক্ষণাবেক্ষণের জন্য পুনরায় রঞ্জিত করিবার ক্ষেত্রে এই বিধি প্রতিবন্ধকতা সৃষ্টি করিবে না।

(৩) সিলিন্ডারে গ্যাস ভর্তিকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সিলিন্ডার সহজে সনাক্ত করিবার সুবিধার্থে সিলিন্ডারের কলার, ফুট রিং অথবা সিলিন্ডারের নিম্নাংশ অথবা উক্ত ৩ টি অংশ প্রধান পরিদর্শকের লিখিত পূর্বানুমোদনক্রমে বিভিন্ন রঙে রঞ্জিত করিতে হইবে।

**৬০। গ্যাসাধারের বাহ্যিক সুরক্ষা**।- গ্যাসাধার হালকা রঙে রঞ্জিত করিতে হইবে এবং ইহার উপরিতল প্রতিফলনক্ষম রাখিতে হইবে।

**৬১। সিলিন্ডারে লেবেল সংযুক্তি**।- (১) প্রতিটি সিলিন্ডারের লেবেলে গ্যাসের নাম এবং সিলিন্ডারে গ্যাস পূরণকারীর নাম এবং ঠিকানা লিপিবদ্ধ করিতে হইবে।

(২) এলপিজিপূর্ণ প্রত্যেক সিলিন্ডারে নিম্নবর্ণিত নিরাপত্তা চিহ্ন এবং সতর্কবাণী সংযুক্তকরণসহ নিম্নলিখিত বিধানসমূহ অনুসরণ করিতে হইবে, যথাঃ

‘‘(ক)




অতি প্রজ্বলনীয় গ্যাস



খোলা শিখা নিষিদ্ধ



ধূমপান নিষিদ্ধ ";

(খ) সিলিন্ডারের রং পরিবর্তন করা যাইবে না;

(গ) সিলিন্ডারের সন্নিকটে কোন প্রজ্জ্বলনীয় পদার্থ মজুদ বা উক্ত পদার্থের সহিত একই কক্ষে রাখা যাইবে না;

(ঘ) গ্যাস ভর্তি সিলিন্ডার আনুভূমিক রাখা যাইবে না;

(ঙ) তৈল বা অনুরূপ পিচ্ছিলকারক পদার্থ সিলিন্ডার সংযুক্ত যন্ত্রাংশে বা ভাল্ভে ব্যবহার করা যাইবে না; এবং

(চ) সিলিন্ডারের গলায় পরীক্ষণের যে তারিখ লিপিবদ্ধ থাকিবে পরীক্ষণের সেই তারিখ অতিক্রান্ত হইয়া থাকিলে ঐ সিলিন্ডার গ্রহণ করা যাইবে না।

**দ্বিতীয় অংশ**
**ধারণপাত্র পরিদর্শন ও পরীক্ষণ**

৬২। **ধারণপাত্র পরীক্ষণ**।- (১) কোন ধারণপাত্র বাহ্যিক দৃষ্টে উত্তম অবস্থায় থাকিলে অর্থাৎ কোন কাটা চিহ্ন বা গর্ত না থাকিলেও এবং উপর ও তলদেশে কোন ত্রুটি না থাকিলেও এই অধ্যায়ে বর্ণিত বিধি অনুসারে পর্যাবৃত্ত পরীক্ষণ করিতে হইবে।

(২) প্রধান পরিদর্শক সরকারী গেজেটে জারীকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে গ্যাসাধার বা সিলিন্ডার পরীক্ষণের ধরন এবং নির্ধারিত সময় অমত্মর পর্যাবৃত্ত পরীক্ষণের মেয়াদ নির্ধারণ করিবেন।

৬৩। **ধারণপাত্র ভর্তির উপর বিধিনিষেধ**।- কোন ব্যক্তি এলপিজি দ্বারা কোন ধারণপাত্র ভর্তি করিবেন না, যদি না-

(ক) ধারণপাত্র এবং উহার ভাল্ভ মানসূচক বিনির্দেশ বা কোড অনুসারে নির্মিত হইয়া থাকে; এবং
(খ) প্রধান পরিদর্শক কর্তৃক নির্ধারিত মেয়াদে উক্ত ধারণপাত্রের উপস্থিতি পরীক্ষণ এবং এই অধ্যায়ে বর্ণিত অন্যান্য পরীক্ষণ সম্পন্ন হইয়া থাকে।

৬৪। গ্যাসা**ধার পরীক্ষণ কেন্দ্রের অনুমোদন**।- (১) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত পরীক্ষা কেন্দ্র ব্যতীত গ্যাসাধারের পর্যাবৃত্ত পরীক্ষণ করা যাইবে না।

(২) গ্যাসাধারে পর্যাবৃত্ত পরীক্ষণ ও পর্যবেক্ষণ কেন্দ্রে তফসিল ৪ এ বর্ণিত সুবিধাদি থাকিতে হইবে।

(৩) গ্যাসাধারের পর্যাবৃত্ত পরীক্ষণ ও পর্যবেক্ষণ কেন্দ্রের অনুমোদন লাভে ইচ্ছুক ব্যক্তিকে প্রসত্মাবিত কেন্দ্রের অবস্থান, লে-আউট নকশা এবং তফসিল ৪ এ বর্ণিত সুবিধাদির বিবরণসহ সরকার কর্তৃক নির্ধারিত ফিসহ আবেদন করিতে হইবে।

৬৫। **গ্যাসাধার পরীক্ষণের শর্ত**।- (১) গ্যাসাধার পরীক্ষণের ক্ষেত্রে সংশ্লিষ্ট গ্যাসাধার প্রথমে খালি করিয়া যথোপযুক্ত যন্ত্রপাতি ও সুযোগ্য ব্যক্তির দ্বারা গ্যাসাধারস্থিত গ্যাস এইরূপভাবে নির্গত করিতে হইবে যাহাতে গ্যাস হইতে কোন উৎপাত, দুর্গন্ধ, বিষক্রিয়া বা দুর্ঘটনা সৃষ্টি হওয়ার সম্ভাবনা না থাকে।

(২) গ্যাসাধার পরিষ্কার করিবার পর গ্যাসাধারের বহির্ভাগ এবং অভ্যমত্মরভাগের ত্রম্নটিসমূহ প্রথমে সরেজমিনে পরীক্ষা করিতে হইবে।

(৩) গ্যাসাধার পরীক্ষণের সময় টেয়ার ওজন শতকরা ৫ ভাগের বেশী হ্রাস পাইলে বা অন্য কোন ত্রম্নটি পাওয়া গেলে উক্ত গ্যাসাধার পুনরায় ব্যবহার করা যাইবে না।

(৪) উদস্থিতি পরীক্ষণ করিবার পূর্বে প্রতিটি ধারণপাত্র বাষ্প বা যথাযথ দ্রাবক দ্বারা ধৌত করিয়া সম্পূর্ণরূপে পরিষ্কার করিতে হইবে।

(৫) সিলিন্ডারের অভ্যমত্মরভাগে উহার গায়ে মরিচা বা অন্য কোন অবাঞ্ছিত পদার্থযুক্ত থাকিলে উহা নিম্নবর্ণিত যে কোন প্রণালীতে পরিষ্কার করিতে হইবে, যথাঃ

(ক) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের বিস্ফোরণ ও তারের ব্রাশ প্রয়োগ;
(খ) অনধিক এক ঘন্টাব্যাপী অনধিক ৩০০$^{\circ}$ সেন্ট্রিগ্রেড তাপমাত্রাসম্পন্ন চুলিস্নতে সিলিন্ডারটি দগ্ধ করিবার পর উক্ত মরিচা বা অবাঞ্ছিত পদার্থ বাষ্প বা যথাযথ দ্রাবক দ্বারা ধৌতকরণ।

(৬) উপ-বিধি (১), (৪) ও (৫) এ বিধৃত পদ্ধতিতে গ্যাসাধার পরিষ্কার করিবার পর ব্রিটিশ স্ট্যান্ডার্ড ইনস্টিটিউশনের প্রাসংগিক কোড অব প্রাকটিস অনুসারে আধারের বহির্ভাগ ও অভ্যমত্মরভাগ সরেজমিনে পরীক্ষা করিতে হইবে।

(৭) অত্র বিধিতে বিধৃত পরীক্ষার পর নির্ধারিত উদস্থিতি পরীক্ষণ করিতে হইবে।

(৮) উদস্থিতি পরীক্ষণ ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন ৫৪৩০ অনুসারে করিতে হইবে এবং অন্যূন ৩০ সেকেন্ড সময়ব্যাপী সিলিন্ডারে প্রযুক্ত পরীক্ষা চাপ অব্যাহত রাখিতে হইবে।

(৯) উদস্থিতি পরীক্ষণের ক্ষেত্রে, পরীক্ষা চাপ প্রযুক্ত থাকাকালে উক্ত চাপ হ্রাস পাইলে ছিদ্র দৃষ্ট হইলে বা আকৃতির বিকৃতি ঘটিলে উহা ব্যবহার করা যাইবে না।

(১০) পরীক্ষা  সমাপনামেত্ম গ্যাসাধারের অভ্যমত্মরভাগ সম্পূর্ণরূপে শুষ্ক করিতে হইবে।

**৬৬। ব্যবহার অনুপযোগী ধারণপাত্র বিনষ্টকরণ**।- (১) কোন গ্যাসাধার বা সিলিন্ডার পর্যাবৃত্ত পরীক্ষণে উত্তীর্ণ না হইলে বা টেয়ার ওজন শতকরা ৫ ভাগেরও বেশী হ্রাস পাইলে বা অন্য কোন ত্রম্নটির কারণে ব্যবহার অনুপযোগী বলিয়া নির্ধারিত হইলে পরীক্ষণ কেন্দ্রে উক্ত গ্যাসাধার বা সিলিন্ডারকে এইরূপ খ- খ- করিয়া প্রতিটি খ- চ্যাপ্টা বা বিকৃত বা রূপামত্মরিত করিতে হইবে যেন উক্ত খ-গুলি ঝালাই বা অন্য কোনভাবে পরস্পরযুক্ত করিয়া একটি নুতন সিলিন্ডার বা গ্যাসাধার প্রস্ত্তত করা না যায়।

(২) বিনষ্টকরণের পূর্বে ধারণপাত্রে লিপিবদ্ধ সকল তথ্য বিকৃত করিয়া ফেলিতে হইবে।

(৩) বিনষ্টকৃত এইরূপ ধারণপাত্রের বিষয় সংরক্ষণীয় রেকর্ডে লিপিবদ্ধ করিতে হইবে এবং বিনষ্ট করিবার পর এক বৎসরকাল উক্ত রেকর্ড সংরক্ষণ করিতে হইবে।

(৪) বিনষ্টকৃত ধারণপাত্রের বিবরণী  প্রতি বৎসর জানুয়ারি, এপ্রিল, জুলাই এবং অক্টোবর মাসের পহেলা তারিখে প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিতে হইবে।

(৫) কোন  ধারণপাত্র গ্যাস উৎপাদনে ব্যবহৃত হইয়া থাকিলে বা গ্যাস মজুদ, পরিবহন, ব্যবহার ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে ব্যবহৃত হইয়া থাকিলে এবং পরীক্ষণে ব্যবহার অনুপযোগী বলিয়া  নির্ধারিত  হইলে এই বিধিসমূহে বর্ণিত উপায়ে উহা বিনষ্ট করিতে হইবে।

৬৭। পরীক্ষা **ইত্যাদির রেকর্ড**।- গ্যাসাধার পর্যবেক্ষণকারী ও পরীক্ষণকারী পরীক্ষাকেন্দ্রে নিম্নবর্ণিত তথ্যাদিসম্বলিত রেকর্ড সংরক্ষণ করিতে হইবে, যথাঃ

(ক) গ্যাসাধার নির্মাতা ও মালিকের নাম;
(খ) গ্যাসাধারের নম্বর;
(গ) গ্যাসাধারের স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন;
(ঘ) পূর্ববর্তী উদস্থিতি প্রসারণ পরীক্ষণের তারিখ;
(ঙ) নির্মাতা কর্তৃক প্রদত্ত পরীক্ষণ রিপোর্ট ও সার্টিফিকেট, যদি থাকে;
(চ) পরীক্ষা চাপ;
(ছ) সর্বোচ্চ কার্য চাপ;
(জ) জলধারণ ক্ষমতা;
(ঝ) টেয়ার ওজন;
(ঞ) চিহ্নিত টেয়ার ওজন ও পরীক্ষায় প্রাপ্ত টেয়ার ওজনের মধ্যে পার্থক্য, যদি থাকে;
(ট) গ্যাসাধারের বাহ্যিক দৃশ্যমান অবস্থা;
(ঠ) সংযুক্ত ভাল্ভের প্রকার; এবং
(ড) মমত্মব্য, যদি থাকে।

## তৃতীয় অংশ
## ধারণপাত্র ও যন্ত্রাংশ আমদানি

৬৮। ধারণপাত্র **যন্ত্রপাতি, ইত্যাদি আমদানি**।- (১) কোন ব্যক্তি-

(ক) এলপিজি ভর্তি, মজুদ ও পরিবহণের কাজে ব্যবহারযোগ্য সিলিন্ডার গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এর বিধি ৪৩(৫) এর উপ-বিধি(৫) এর অধীন প্রদত্ত লাইসেন্স ব্যতীত; বা
(খ) এই বিধিমালার চতুর্দশ অধ্যায়ে উলিস্নখিত স্বয়ংক্রিয়যান এলপিজিতে রূপামত্মরের যন্ত্রপাতি প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক প্রদত্ত লাইসেন্স ব্যতীত; আমদানি করিতে পারিবেন না।

(২) কোন ব্যক্তি গ্যাসাধার বিধিমালা, ১৯৯৫ এর বিধি ১৪ এর উপ-বিধি(২) এর অধীন বা প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক প্রদত্ত পারমিট ব্যতীত এলপিজি ভর্তি, মজুদ ও পরিবহনের কাজে ব্যবহারযোগ্য কোন গ্যাসাধার বা রেটিকুলেটেড সার্ভিসের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি আমদানি করিতে পারিবেন না।

## ষষ্ঠ অধ্যায়
## এলপিজি মজুদ
## প্রথম অংশ
## সাধারণ

৬৯। **এলপিজি মজুদে বাধা-নিষেধ**।- (১) লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি এলপিজি মজুদ করিতে পারিবেন না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, লাইসেন্স ব্যতীত নিম্নবর্ণিত ক্ষেত্রে এলপিজি মজুদ করা যাইবে, যথাঃ-

(ক) সিলিন্ডারে অনধিক ১২৫ (একশত পঁচিশ) কিলোগ্রাম এলপিজি মজুদকরণ;
(খ) ১০ (দশ) টি গ্যাসপূর্ণ সিলিন্ডারে এলপিজি মজুদকরণ;
(গ) মোটরযানের জ্বালানীর আধার হিসাবে সংযুক্ত ধারণপাত্রে (সিলিন্ডারে/আধারে) এলপিজি মজুদকরণ;
(ঘ) বন্দর এলাকার সীমানার মধ্যে বন্দর কর্তৃপক্ষের আরোপিত শর্তাবলী সাপেক্ষে জাহাজে বহনকৃত মাল হিসাবে এলপিজি বহন।

**৭০। অগ্নি প্রতিরোধে গৃহীতব্য প্রয়োজনীয় ব্যবস্থা**।- (১) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত নিরাপদ স্থান ব্যতীত কোন এলপিজি মজুদাগার বা স্থাপনা প্রাঙ্গণে কোন ব্যক্তি ধূমপান করিতে পারিবেন না।

(২) কোন ব্যক্তি এলপিজি মজুদাগার অথবা স্থাপনায় দিয়াশলাই, ফিউজ অথবা অগ্নি বা বিস্ফোরণ ঘটাইতে সক্ষম এমন কোন বসত্ম বা সরঞ্জাম বহন করিতে পারিবেন না।

(৩) প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত নিরাপদ স্থান ব্যতীত কোন এলপিজি মজুদাগার বা স্থাপনা প্রাঙ্গণে গ্যাসে আগুন ধরাইতে সক্ষম এমন কোন আগুন, চুলিস্ন বা অন্য কোন আলো বা তাপের উৎস স্থাপন করা যাইবে না।

(৪) প্রত্যেক এলপিজি স্থাপনা বা মজুদাগারে নিমণবর্ণিত সতর্কবাণী এবং প্রতীক ব্যবহার করিতে হইবে, যথা ঃ-

‘‘(ক)




অতি প্রজ্বলনীয় গ্যাস



খোলা শিখা নিষিদ্ধ



ধূমপান নিষিদ্ধ ”;

৭১। **অগ্নি নিয়ন্ত্রণ**।- (১) আগুন নিভানোর জন্য প্রত্যেক স্থাপনা বা মজুদাগারে পর্যাপ্ত পরিমাণে অগ্নি- নির্বাপক যন্ত্রপাতি এবং সরঞ্জাম মজুদ রাখিতে হইবে।

(২) সকল অগ্নি-নির্বাপক যন্ত্রপাতি ও সরঞ্জাম ব্যবহারের জন্য সদাসর্বদা প্রসস্থত রাখিতে হইবে।

(৩) স্থাপনা বা মজুদাগারের কাজে নিয়োজিত জনবলকে উপরোক্ত যন্ত্রপাতি এবং সরঞ্জাম ব্যবহারে দক্ষ হইতে হইবে।

(৪) উপ-বিধি (১) অনুসারে অগ্নিকা- মোকাবেলা বা প্রতিরোধের যন্ত্রপাতি এবং সরঞ্জাম প্রয়োজনের তুলনায় অপ্রতুল বলিয়া প্রধান পরিদর্শকের নিকট বিবেচিত হইলে তিনি উক্ত স্থাপনা বা মজুদাগারের জন্য ন্যূনতম পরিমাণ যন্ত্রপাতি ও সরঞ্জাম নির্ধারিত করিয়া দিতে পারিবেন।

৭২। **স্থাপনা বা মজুদাগারের পরিচ্ছন্নতা**।- এলপিজি মজুদাগার বা স্থাপনার ভিতরের এলাকা এবং কোন স্থাপনা, গ্যাসাধার বা মজুদাগারের চতুর্পার্শ্বে সংরক্ষণীয় পূর্তকর্ম এলাকা সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিতে হইবে এবং তৃণলতা, ময়লা ও আবর্জনা মুক্ত রাখিতে হইবে।

৭৩। **অননুমোদিত ব্যক্তির প্রবেশ নিষিদ্ধ**।- (১) প্রত্যেক স্থাপনা এবং মজুদাগারের সংরক্ষিত এলাকার পরিসীমা বরাবর কমপক্ষে ২ মিটার উঁচু করিয়া বেষ্টনীর ব্যবস্থা করিতে হইবে।

(২) কোন স্থাপনা বা মজুদাগারের অভ্যমত্মরে অননুমোদিত ব্যক্তির প্রবেশ নিষিদ্ধ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৭৪। **শুধুমাত্র এলপিজি মজুদকরণ**।- প্রধান পরিদর্শকের লিখিত অনুমোদন ব্যতিরেকে কোন মজুদাগার বা স্থাপনা এলপিজি মজুদ ছাড়া অন্যবিধ কাজে ব্যবহার করা যাইবে না।

**দ্বিতীয় অংশ**
**গ্যাসাধারে এলপিজি মজুদ**

৭৫। **গ্যাসাধারের ডিজাইন**।- এলপিজি মজুদের কাজে ব্যবহৃত গ্যাসাধার অত্র বিধিমালার পঞ্চম অধ্যায়ের বিধান অনুসারে ডিজাইনকৃত, নির্মিত এবং পরীক্ষিত হইতে হইবে।

৭৬। **ট্যাংক ও পাইপ লাইনের ভিত্তি এবং ভারবহন**।- গ্যাসাধার ও পাইপ লাইনের উপাদান, তৈরীর নিয়ম-কানুন পদ্ধতি ও বিসত্মারিত ডিজাইন এবং নির্মাণ কৌশল প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত কোন কোড বা মানসূচক বিনির্দেশ অনুযায়ী হইতে হইবে।

৭৭। **গ্যাসাধারের পূরণক্ষমতা**।- ৬৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় কোন গ্যাসাধারের জলধারণ ক্ষমতার শতকরা ৯৭ ভাগের বেশি মাত্রায় এলপিজি দ্বারা পূরণ করা যাইবে না।

৭৮। **স্থাপনা সুরক্ষাকরণ।-** (১) প্রত্যেক স্থাপনার সংরক্ষিত এলাকার পরিসীমা বরাবরে অন্যূন ২ মিটার উঁচু এমন বেষ্টনীর ব্যবস্থা করিতে হইবে যাহাতে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা থাকে।

(২) যে কোন স্থাপনার অভ্যমত্মরে অননুমোদিত ব্যক্তিবর্গের প্রবেশ নিষিদ্ধ করিবার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

৭৯। **গ্যাসাধারের অবস্থান এবং প্রয়োজনীয় নিরাপত্তা দূরত্ব।-** (১) এলপিজি মজুদের প্রতিটি গ্যাসাধার হইতে কোন প্রজ্বলন উৎস বা ভবন বা অনুরূপ স্থাপনা বা জনসমাগমস্থল বা অন্য কোন গ্যাসাধারের পারস্পরিক ন্যূনতম নিরাপদ দূরত্ব নিমণবর্ণিত সারণী অনুসারে বজায় রাখিতে হইবে, যথাঃ-

**“সারণী-১**
**[বিধি ৭৯ দ্রষ্টব্য]**
**সাধারণ মজুদের ক্ষেত্রে ন্যূনতম দূরত্ব (মিটারে):**

| ক্রমিক নং | গ্যাসাধারের জলধারণ ক্ষমতা (লিটারে) | জনসমাগমস্থল, ভবন, অন্যান্য স্থাপনা বা স্থায়ী প্রজ্বলনের উৎস হইতে সর্বনিমণ দূরত্ব (মিটারে) | | দুইটি গ্যাসাধারের সর্বনিমণ দূরত্ব (মিটারে) | |
|---|---|---|---|---|---|
| | | ভূ-উপরস্থ | ভূ-নিমণস্থ অথবা মাটি দ্বারা আবৃত (মাউন্ডেড) | ভূ-উপরস্থ | ভূ-নিমণস্থ অথবা মাটি দ্বারা আবৃত (মাউন্ডেড) |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| (১) | অনূর্ধ্ব ২০০০ | ৫ | ৩ | ১ | ১ |
| (২) | ২০০১-৭৫০০ | ১০ | ৩ | ১ | ১ |
| (৩) | ৭৫০১-১০০০০ | ১০ | ৫ | ১.৫ | ১ |
| (৪) | ১০০০১-২০০০০ | ১৫ | ৭.৫ | ২ | ১ |
| (৫) | ২০০০১-৫০০০০ | ২০ | ১০ | ২ | ১ |
| (৬) | ৫০০০১-১২০০০০ | ২৫ | ১৫ | ২ মিটার অথবা পাশাপাশি স্থাপিত গ্যাসাধারের ব্যাসের সমষ্টির ১/৪ অথবা দুইটি পাশাপাশি স্থাপিত গ্যাসাধারের মধ্যে বড়টির ব্যাসের অর্ধেক এর মধ্যে যেটি বেশি | ১ |
| (৭) | ১২০০০১-৩৫০০০০ | ৩০ | ১৫ | ঐ | ১ |
| (৮) | ৩৫০০০১-৪৫০০০০ | ৪০ | ১৫ | ঐ | ১ |
| (৯) | ৪৫০০০১-৭৫০০০০ | ৬০ | ১৫ | ঐ | ১ |
| (১০) | ৭৫০০০১-৩৮০০০০০ | ৯০ | ১৫ | ঐ | ১ |
| (১১) | ৩৮০০০০০ এর উর্ধ্বে | ১২০ | ১৫ | ঐ | ১ |

**সারণী-২**
**[বিধি ৭৯ দ্রষ্টব্য]**
বটলিং পস্ন্যান্ট, মজুদ টার্মিনাল, গ্যাস প্রসেস পস্ন্যান্ট, পেট্রোলিয়াম রিফাইনারীর ক্ষেত্রে নূন্যতম দূরত্ব (মিটারে):
(ক) ১০০ টনের উর্ধ্বে-

| হইতে/পর্যমত্ম | মজুদ গ্যাসাধার | মজুদ এবং অপারেশন এর ভবন ব্যতীত অন্যান্য ভবন/স্থাপনার | সিলিন্ডারের মজুদ, সরবরাহ ও ফিলিং শেড | ট্যাংক-ট্রাক ভর্তি ও খালাসকরণের স্থান | ট্যাংক ওয়াগন চলাচল/ভর্তির স্থান | পাম্প/ কমপ্রেসার শেড | অগ্নি নির্বাপক পাম্প কক্ষ |
|---|---|---|---|---|---|---|---|

| | | সীমানা প্রাচীর | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| মজুদ গ্যাসাধার | সারণী-১ | সারণী-১ | ৩০ | ৩০ | ৫০ | ১৫ | ৬০ |
| মজুদ এবং অপারেশন এর ভবন ব্যতীত অন্যান্য ভবন/স্থাপনার সীমানা প্রাচীর | সারণী-১ | --- | ৩০ | ৩০ | ৫০ | ৩০ | --- |
| সিলিন্ডারের মজুদ, সরবরাহ ও ফিলিং শেড | ৩০ | ৩০ | ১৫ | ৩০ | ৫০ | ১৫ | ৬০ |
| ট্যাংক-ট্রাক ভর্তি ও খালাসকরণের স্থান | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | ৫০ | ৩০ | ৬০ |
| ট্যাংক ওয়াগন চলাচল/ভর্তির স্থান | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৫০ | ৩০ | ৬০ |
| পাম্প/ কমপ্রেসার শেড | ১৫ | ৩০ | ১৫ | ৩০ | ৩০ | --- | ৬০ |
| অগ্নি নির্বাপক পাম্প কক্ষ | ৬০ | --- | ৬০ | ৬০ | ৬০ | ৬০ | --- |

(খ) অনূর্ধ্ব ১০০ টনের ক্ষেত্রে-

| হইতে/পর্যমত্ম | মজুদ গ্যাসাধার | মজুদ এবং অপারেশন এর ভবন ব্যতীত অন্যান্য ভবন/স্থাপনার সীমানা প্রাচীর | সিলিন্ডারের মজুদ, সরবরাহ ও ফিলিং শেড | ট্যাংক-ট্রাক ভর্তি ও খালাসকরণের স্থান | অগ্নি নির্বাপক পাম্প কক্ষ |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| মজুদ গ্যাসাধার | সারণী-১ | সারণী-১ | সারণী-১ | ১৫ | ৩০ |
| মজুদ এবং অপারেশন এর ভবন ব্যতীত অন্যান্য ভবন/স্থাপনার সীমানা প্রাচীর | সারণী-১ | --- | ১৫ | ১৫ | --- |
| সিলিন্ডারের মজুদ, সরবরাহ ও ফিলিং শেড | সারণী-১ | ১৫ | ১৫ | ১৫ | ৩০ |
| ট্যাংক-ট্রাক ভর্তি ও খালাসকরণের স্থান | ১৫ | ১৫ | ১৫ | ১৫ | ৩০ |
| অগ্নি নির্বাপক পাম্প কক্ষ | ৩০ | --- | ৩০ | ৩০ | --- |

**সারণী-৩**

**[বিধি ৭৯ দ্রষ্টব্য]**

মোটরযানে জ্বালানি সরবরাহের উদ্দেশ্যে স্থাপিত ফিলিং স্টেশনের মজুদ যন্ত্রপাতি এবং ডিসপেনসিং ইউনিটের ক্ষেত্রে নূন্যতম দূরত (মিটারে):

| হইতে/পর্যমত্ম | এলপিজি মজুদ | এলপিজি মজুদ | এলপিজি | ফিলিং | পেট্রোলিয়াম ফিলিং স্টেশনের বিভিন্ন |
|---|---|---|---|---|---|

| | গ্যাসাধার | গ্যাসাধারের ফিল পয়েন্ট এবং এলপিজি ট্যাংক-ট্রাক এর খালাসকরণের স্থান | ডিসপেনসার | স্টেশনের সীমানা প্রাচীর | স্থাপনা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পেট্রোলিয়াম মজুদ ট্যাংকের ফিল পয়েন্ট | পেট্রোলিয়াম মজুদ ট্যাংকের ভেন্ট পাইপ | পেট্রোলিয়াম ডিসপেনসার ইউনিট |
| পেট্রোলিয়াম ডিসপেনসার ইউনিট | সারণী-১ | ৯ মিটার (ভূ-উপরস্থ/ মাউন্ডেড ৭৫০০ লিটারের ঊর্ধ্বে)<br><br>৬ মিটার (ভূ-উপরস্থ/ মাউন্ডেড অনূর্ধ্ব ৭৫০০ লিটার)<br>৩ মিটার (ভূ-গর্ভস্থ আধার) | ৯ মিটার (অনূর্ধ্ব ২০০০০ লিটার ধারনক্ষমতা ভূ-উপরস্থ আধার বা ভূ-গর্ভস্থ/ মাউন্ডেড আধার)<br>১৫ মিটার (২০০০০ লিটারের উর্ধ্বে ভূ-উপরস্থ আধারের ক্ষেত্রে) | সারণী-১ | ৯ | ৯ | ৯ |
| এলপিজি মজুদ গ্যাসাধারের ফিল পয়েন্ট এবং এলপিজি ট্যাংক-ট্রাক এর খালাসকরণের স্থান | ৯ মিটার (ভূ-উপরস্থ/ মাউন্ডেড ৭৫০০ লিটারের ঊর্ধ্বে)<br><br>৬ মিটার (ভূ-উপরস্থ/ মাউন্ডেড অনূর্ধ্ব ৭৫০০ লিটার) | ---<br><br>৬ | ৬<br><br>--- | ৯<br><br>৬ | ৬<br><br>৬ | ৬<br><br>৬ | ৬<br><br>৬ |
| এলপিজি ডিসপেনসার | ৩ মিটার (ভূ-গর্ভস্থ)<br>৯ মিটার (অনূর্ধ্ব ২০০০০ লিটার ভূ-উপরস্থ আধার অথবা ভূ-গর্ভস্থ/ মাউন্ডেড আধার) | ৯ | ৬ | --- | ৩ | ৪ | ৬ |
| ফিলিং স্টেশনের সীমানা প্রাচীর | ১৫ মিটার (ভূ-উপরস্থ) ২০০০০ লিটারের উর্ধ্বের ক্ষেত্রে সারণী-১) | ৬ | --- | ৬ | ৬ | ৬ | ৬’’; |

(২) বিশেষ পারিপার্শ্বিক অবস্থার কারণে উপ-বিধি (১) এ বর্ণিত দূরত্ব হ্রাস বা বৃদ্ধিকরণ যথার্থ বিবেচিত হইলে প্রধান পরিদর্শক উপ-বিধি (১) এ বর্ণিত দূরত্ব হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, হ্রাস-বৃদ্ধির কারণ এবং পারিপার্শ্বিক অবস্থা লিখিতভাবে রেকর্ডভুক্ত করিয়া রাখিতে হইবে।

(৩) একটি গ্যাসাধারের উপর অন্য একটি গ্যাসাধার স্থাপন করা যাইবে না।

(৪) একই স্থানে দলভুক্ত গ্যাসাধারের সংখ্যা ৬ (ছয়) এর অধিক হইতে পারিবে না।

৮০। **বান্ডওয়াল, স্পিল ওয়াল ইত্যাদি নির্মাণ**।-কোন স্থাপনা বা স্থাপনা সংলগ্ন গুরুত্বপূর্ণ এলাকার প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রধান পরিদর্শক, প্রয়োজন অনুসারে, এলপিজি মজুদের কাজে ব্যবহৃত গ্যাসাধারের চারিদিকে গ্যাস পকেট সৃষ্টি প্রতিরোধকল্পে বান্ডওয়াল, স্পিল ওয়াল, পৃথকীকরণ কার্বস (Kerbs) অথবা অন্য কোন ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করিতে পারিবেন।

৮১। **বেষ্টনী নির্মাণ**।- (১) কোন স্থানে গ্যাসধারের পাম্পিং সরঞ্জাম বা গ্যাসাধারে গ্যাসভর্তি বা খালাস বা গ্যাসাধারের সহিত সংযুক্ত সরাসরি বাষ্পীকরণ ব্যবস্থা থাকিলে উক্ত স্থানের অনুমোদিত নকশায় বিনির্দিষ্ট নিরাপত্তামূলক পরিসীমা বরাবর কমপক্ষে ২(দুই) মিটার উঁচু বেষ্টনীর ব্যবস্থা করিতে হইবে।

(২) প্রত্যেকটি বেষ্টনীতে দরজাবিশিষ্ট এইরূপ দুইটি নির্গমণ পথ রাখিতে হইবে যেন উক্ত দরজা বেষ্টনীর বাহিরের দিকে খুলিবার ব্যবস্থা থাকে এবং স্বয়ক্রিয়ভাবে বন্ধ না হয়।

৮২। **অগ্নিনির্বাপণ ব্যবস্থা**।- এলপিজি মজুদের জন্য ব্যবহৃত সকল গ্যাসাধারকে অগ্নিকা- হইতে রক্ষার জন্য নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণ করিতে হইবে, যথাঃ-

(ক) মজুদ এলাকায় পর্যাপ্ত পানি এবং অগ্নিপ্রতিরোধ ব্যবস্থা রাখিতে হইবে; তবে এতদুদ্দেশ্যে হস্তচালিত বা স্বয়ংক্রিয় জলক্ষেপন যন্ত্র, হোস পাইপ বা সহজে স্থানান্তরযোগ্য কোন সরঞ্জাম এবং স্থায়ী মনিটর ব্যবহার করা যাইবে;
(L) পানির প্রবাহ নিয়ন্ত্রণের ব্যবস্থা বিধি ৭৯ তে উলিস্নখিত নিরাপদ দূরত্বের বাহিরে রাখিতে হইবে;
(M) জলক্ষেপন যন্ত্র এমন জায়গায় স্থাপন করিতে হইবে যেখানে অতি সহজেই সবসময় প্রবেশ করা যায় এবং সমসত্ম গ্যাসাধারের নিরাপত্তা বিধান করা যায;
(ঘ) পর্যাপ্ত দৈর্ঘ্যের হোস পাইপ সুষ্ঠুভাবে ব্যবহারযোগ্য অবস্থায় সর্বদা প্রস্তুত রাখিতে হইবে এবং প্রত্যেকটি হোস পাইপের নির্গমণ মুখ নোজলসহ একটি কম্বিনেশন সেট এর সহিত আবদ্ধ রাখাসহ ভালভাবে রক্ষণাবেক্ষণ ও নির্দিষ্ট সময় পরপর পরিদর্শন করিতে হইবে;
(ঙ) সহজে স্থানান্তরযোগ্য সরঞ্জাম এবং স্থায়ী জলক্ষেপন যন্ত্র এমনভাবে ডিজাইনকৃত হইবে যাহাতে অগ্নিনির্বাপনের উদ্দেশ্যে কার্যকরভাবে উহারা গ্যাসাধারের উপর পর্যাপ্ত পরিমাণে পানি প্রবাহিত করিতে পারে; এবং
(চ) ৯ (নয়) কিলোগ্রাম ধারণক্ষমতা সম্পন্ন অন্যূন ২(দুই) টি শুষ্ক রাসায়নিক পাউডারপূর্ণ অগ্নিনির্বাপন যন্ত্র স্থাপনার প্রবেশ পথের নির্দিষ্ট স্থানে স্থাপন করিতে হইবে।

৮৩। **গ্যাস ভর্তি এবং খালাসের সরঞ্জামাদি**।- (১) গ্যাসভর্তি ও খালাসের জন্য ব্যবহৃত পাম্পের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করিতে হইবে; যথাঃ-

(ক) পাম্পসমূহ পজিটিভ ডিসপেস্নসমেন্ট বা সেন্ট্রিফিউগাল ধরনের হইবে;
(খ) পাম্পের ডিজাইন, উপকরণ ও নির্মাণ এমন হইবে যেন উহা তরলীকৃত এলপিজি এর প্রকৃতি ও গ্যাসাধারের জন্য স্বীকৃত সর্বোচ্চ চাপ ব্যবহার উপযোগী হয় এবং পাম্প পরিচালনার ফলে নিরাপত্তা বিঘ্নিত না হয়;
(গ) পজিটিভ ডিসপেস্নসমেন্ট পাম্পে একটি বাইপাস ভাল্ভ অথবা সম্ভাব্য অতিরিক্ত চাপ প্রতিরোধের উপযুক্ত অন্য কোন ব্যবস্থা রাখিতে হইবে।

(২) কম্প্রেসারের ডিজাইন, উপকরণ ও নির্মাণ এমন হইতে হইবে যেন উহা এলপিজি এর প্রকৃতি এবং গ্যাসাধারের জন্য স্বীকৃত সর্বোচ্চ চাপে ব্যবহারের উপযোগী হয় এবং কম্প্রেসার পরিচালনার ফলে নিরাপত্তা বিঘ্নিত না হয়।

(৩) গ্যাস ভর্তি বা খালাসের সময় সম্ভাব্য জরম্নরী ক্ষেত্রে গ্যাসের প্রবাহ দ্রম্নত বন্ধ করিবার জন্য বিধি ৭৯ তে বর্ণিত নিরাপদ দূরত্বের বাহিরে একটি উপযুক্ত ব্যবস্থা রাখিতে হইবে।

(৪) স্বীকৃত সীমার অতিরিক্ত এলপিজি ভর্তি প্রতিরোধ করিবার জন্য একটি স্বয়ংক্রিয় সংকেত প্রদান ব্যবস্থা অথবা স্বয়ংক্রিয় বন্ধকরণ (Shut off) ব্যবস্থা রাখিতে হইবে।

(৫) এলপিজি ভর্তি বা খালাসের জন্য ব্যবহার্য হোস পাইপের ডিজাইন এমনভাবে হইতে হইবে যেন উক্ত হোস পাইপ উহাতে প্রবাহিত গ্যাসের চাপের চারগুণ চাপ সহ্য করিবার ক্ষমতা সম্পন্ন হয়।

(৬) সকল হোস পাইপ যান্ত্রিকভাবে এবং বৈদ্যুতিকভাবে নিরবিচ্ছিন্ন হইতে হইবে।

৮৪। **গ্যাস ভর্তি ও খালাসের ক্ষেত্রে সতর্কতা**।- (১) গ্যাসাধারে গ্যাস ভর্তি বা খালাসের পূর্বে-

(ক) প্রত্যেকটি গ্যাসাধার বা পরিবহন যান এই বিধিমালার শর্তাবলী পালন করে কি না তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে;
(খ) গ্যাসাধারের আশেপাশে গ্যাস ভর্তি বা খালাসের জন্য বিপজ্জনক অবস্থা বিরাজমান কি না তাহা সরেজমিনে পরীক্ষা করিয়া দেখিতে হইবে;
(গ) প্রয়োজনবোধে সতর্কতামূলক নোটিশ প্রদর্শন করিতে হইবে;
(ঘ) গ্যাস ভর্তি বা খালাসের জন্য ব্যবহার্য পাইপের সংযোগ ও ভাল্ভসমূহ নিরাপদে ব্যবহার উপযোগী আছে কি না এবং গ্যাস পরিচালনা বা অন্যবিধ কাজে ব্যবহৃত ভাল্ভ বা অন্যান্য যন্ত্রাংশ যুগপৎভাবে খোলা আছে কি না তাহা পরীক্ষা করিয়া দেখিতে হইবে।

(২) গ্যাসাধারে গ্যাস ভর্তি বা খালাসের সময়-

(ক) পরীক্ষা করিয়া নিশ্চিত হইতে হইবে যে, গ্যাসাধারটি উহার নিরাপদ ধারণ ক্ষমতার চেয়ে বেশি ভর্তি করা হয় নাই;
(খ) এই অধ্যায়ের বিধিমালা সম্পর্কে ওয়াকিবহাল এমন একজন ব্যক্তি কর্তৃক গ্যাস ভর্তি বা খালাসের সম্পূর্ণ সময়ব্যাপী উপস্থিত থাকিয়া এই অধ্যায়ের বিধানাবলী যথাযথ অনুসরণ নিশ্চিত করিতে হইবে;
(গ) কোন গ্যাসাধারে গ্যাস ভর্তির কাজ সাময়িকভাবে বন্ধ করিবার প্রয়োজন দেখা দিলে উক্ত সময়ের জন্য হোস পাইপ সংশিস্নষ্ট গ্যাসাধার হইতে বিচ্ছিন্ন রাখিতে হইবে।

(৩) নিম্নবর্ণিত ক্ষেত্রে গ্যাস ভর্তি বা খালাসের কাজ বন্ধ করিতে হইবে, যথাঃ-

(ক) গ্যাসাধারে বা গ্যাস ভর্তির কাজে ব্যবহৃত পাইপে কোন প্রকার ছিদ্র দেখা দিলে;
(খ) নিকটবর্তী স্থানে কোন অগ্নি দুর্ঘটনা ঘটিলে; এবং
(ই) এলপিজি ভর্তি বা খালাসের সময় নিকটবর্তী স্থানে বজ্রপাতের সম্ভাবনা দেখা দিলে বা বজ্রপাত ঘটিলে।

(৪) পরিবহন যানে স্থাপিত গ্যাসধারে গ্যাস ভর্তির ক্ষেত্রে এই বিধির অন্যান্য উপবিধিতে বর্ণিত সতর্কতা ছাড়াও নিম্নলিখিত সতর্কতা অবলম্বন করিতে হইবে, যথাঃ-

(ক) যে স্থানে যানটি পার্ক করা হইবে সেই স্থানটি সম্পূর্ণভাবে সমতল হইতে হইবে;
(খ) গ্যাস ভর্তি বা খালাসের সময় যানটি যাহাতে আকস্মিক নড়াচড়া করিতে না পারে তদলক্ষ্যে যানের ব্রেক কার্যকর রাখাসহ প্রয়োজনীয় অন্যান্য ব্যবস্থা গ্রহণ করিতে হইবে;
(গ) প্রয়োজনে পাম্প চালানোর সময় ছাড়া ইঞ্জিন বন্ধ রাখিতে হইবে;
(ঘ) গ্যাস স্থানামত্মর পরিচালনার জন্য প্রয়োজনীয় নয় বা উক্ত কাজের জন্য বিশেষভাবে ডিজাইনকৃত নহে এমন ধরনের চালিকা ইউনিট (driving unit) বা বৈদ্যুতিক যন্ত্রপাতি বিচ্ছিন্ন রাখিবার উদ্দেশ্যে উহা বন্ধ করিয়া রাখিতে হইবে;
(ঙ) গ্যাস স্থানামত্মর পরিচালনা কার্যক্রম শুরম্ন করিবার পূর্বে যানের উপর স্থাপিত গ্যাসাধারটিকে ভূমির সহিত বৈদ্যুতিকভাবে সংযুক্ত (Earthing) করিতে হইবে।

৮৫। **বৈদ্যুতিক যন্ত্রপাতি**।- (১) কোন বিদ্যুৎ সঞ্চালন লাইন এলপিজি মজুদের জন্য ব্যবহৃত গ্যাসাধারের উপর দিয়া অতিক্রম করিবে না এবং এলপিজিপূর্ণ গ্যাসাধারবাহী যান উক্ত লাইনের নীচে পার্কিং করা যাইবে না।

(২) এলপি গ্যাস মজুদের আধারের নিরাপত্তা এলাকার মধ্যে স্থাপিত সকল বৈদ্যুতিক তার অনুমেদিত ধরনের বিদ্যুৎ অপরিবাহী পদার্থ দ্বারা আবৃত এবং গ্যাস নিরোধী ধাতব পাইপের ভিতরে আবৃত অবস্থায় রাখিতে হইবে।

(৩) ধাতব পাইপটি এমন হইবে যেন উহা কোন কারণে বিদ্যুতায়িত হইলে, এইরূপ বিদ্যুৎ পাইপের এক প্রামত্ম হইতে অন্য প্রামেত্ম প্রবাহিত হইতে পারে।

(৪) ধাতব পাইপটিকে গ্যাসাধার হইতে দূরে ভূমির সহিত বৈদ্যুতিকভাবে সংযুক্ত করিতে হইবে।

(৫) এলপি গ্যাস পাম্পিং কক্ষে স্থাপিত সকল বৈদ্যুতিক মিটার, বিতরণ বোর্ড, সুইচ, ফিউস, পস্ন্যাগ এবং সকেট-র

(ক) অগ্নি-নিরোধক হইতে হইবে;
(খ) ব্রিটিশ স্ট্যা-ার্ড স্পেসিফিকেশন নম্বর ৫৩৫৪ অনুযায়ী হইতে হইবে; এবং
(গ) সকল সরঞ্জাম ভূমির সহিত বৈদ্যুতিকভাবে সংযুক্ত রাখিতে হইবে।

(৬) স্থাপিত বৈদ্যুতিক বাতি, যাহা সহজে স্থানামত্মরযোগ্য নহে, অগ্নিনিরোধী দুই সত্মর বিশিষ্ট কাঁচের খাচায় আবদ্ধ রাখিতে থাকিবে।

(৭) এলপিজিপূর্ণ আধার মজুদের স্থানে ব্যবহৃত বহনযোগ্য ও স্বয়ংসম্পূর্ণ সকল বৈদ্যুতিক বাতি প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৮) এলপিজিপূর্ণ আধার মজুদাগারের অভ্যমত্মরে ফ্লেমপ্রম্নফ বৈদ্যুতিক বাতি বা উহার সরঞ্জামাদি ব্যতীত অন্য কোন বৈদ্যুতিক মিটার, বোর্ড, সুইচ, ফিউজ, পস্ন্যাগ, সকেট, সাধারণ বৈদ্যুতিক বাতি বা খোলা বাতি স্থাপন বা ব্যবহার করা যাইবে না।

৮৬। **গ্যাস ভর্তি বা খালাসের স্থানে আলোর ব্যবস্থা**।- সক্রিয় এবং পর্যাপ্ত অনুমোদিত ধরনের কৃত্রিম বাতির ব্যবস্থা না থাকিলে রাত্রিকালে কোন গ্যাসাধারে এলপিজি ভর্তি বা খালাসের কাজ করা যাইবে না।

৮৭। **ভূ-সংযোগকরণ**।- (১) এলপিজি মজুদের জন্য ব্যবহৃত প্রতিটি গ্যাসাধারকে বৈদ্যুতিকভাবে ভূমির সহিত সংযুক্ত করিতে হইবে।

(২) এলপিজি পরিবহনের পাইপ লাইনসমূহকে বৈদ্যুতিকভাবে নিরবচ্ছিন্ন হইতে হইবে এবং ভূমির সহিত বৈদ্যুতিকভাবে সংযুক্ত করিতে হইবে।

৮৮। **ভূ-সংযোগ পরিদর্শন ও পরীক্ষণ**।- (১) প্রত্যেক লাইসেন্সধারী বিধি ৮৭ তে বর্ণিত ভূ-সংযোগ এই অধ্যায়ের সহিত সামঞ্জস্যপূর্ণ ও সমেত্মাষজনক অবস্থায় আছে কি না তাহা প্রতি ১২ মাসে অমত্মতঃ একবার কোন উপযুক্ত প্রকৌশলী দ্বারা পরিদর্শন এবং পরীক্ষা করাইবেন।

(২) উপবিধি (১) এর অধীনকৃত পরীক্ষায় যদি দেখা যায় যে, ভূ-সংযোগ সমেত্মাষজনক অবস্থায় নাই তাহা হইলে উহাকে সমেত্মাষজনক অবস্থায় আনিবার জন্য লাইসেন্সধারী উপযুক্ত প্রকৌশলীর নির্দেশ মোতাবেক অনধিক ১৫ দিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

ব্যাখ্যাঃ এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে ভূ-সংযোগকরণ ব্যবস্থায় ব্যবহৃত কোন তার বা অন্যবিধ পদার্থের প্রতিরোধ ক্ষমতা ৫ (পাঁচ) ওহমের কম হইলে উহার অবস্থা সমেত্মাষজনক নহে বলিয়া গণ্য হইবে।

(৩) উপযুক্ত প্রকৌশলীর পরিদর্শন ও পরীক্ষার ফলাফল সম্বলিত প্রতিবেদন উক্ত পরীক্ষণ তারিখের পরবর্তী ১৮ মাস পর্যমত্ম লাইসেন্সকৃত প্রাঙ্গণে সংরক্ষণ করিতে হইবে এবং বিধি ১২৪ এ উলিস্নখিত কোন কর্মকর্তাকে তাহার চাহিদা মোতাবেক উহা প্রদর্শন করিতে হইবে।

(৪) এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে উপযুক্ত প্রকৌশলী তাহার পরিদর্শন ও পরীক্ষণের ফলাফল সম্বলিত প্রতিবেদনের একটি কপি সংশিস্নষ্ট বিস্ফোরক পরিদর্শক ও অপর একটি অনুলিপি প্রধান পরিদর্শকের নিকট অবিলম্বে সরবরাহ করিবেন।

## তৃতীয় অংশ
## সিলিন্ডারে এলপিজি মজুদ

৮৯। **সিলিন্ডারে এলপিজি মজুদ**।- (১) এই বিধিমালার বিধান ও লাইসেন্সের শর্তাবলী অনুসরণ ব্যতীত কোন ব্যক্তি এলপিজিপূর্ণ সিলি-ার মজুদ করিতে পারিবেন না।

তবে শর্ত থাকে যে, কোন স্থানে মোট গ্যাস মজুদের পরিমাণ অনধিক ১০০ (একশত) কিলোগ্রাম হইলে, সেইক্ষেত্রে লাইসেন্স বা উহার শর্তাবলী অনুসরণের প্রয়োজন হইবে না।

(২) কোনো লাইসেন্সধারী লাইসেন্সযোগ্য পরিমাণ এলপিজি এই বিধিমালার অধীন লাইসেন্সপ্রাপ্ত নহেন এমন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট সরবরাহ করিতে পারিবেন না।

(৩) কোনো লাইসেন্সধারী অন্য লাইসেন্সধারীকে লাইসেন্সে উলিস্নখিত পরিমাণের বেশি পরিমাণ এলপিজি সরবরাহ করিতে পারিবেন না।

৯০। **এলপিজিপূর্ণ সিলি-ার মজুদে পালনীয় শর্তাবলী**।- (১) এলপিজি সিলি-ার মজুদাগারের লে-আউট নকশায় এমন ধরনের ব্যবস্থা রাখিতে হইবে যাহাতে মজুদাগার হইতে অতিসহজে জরম্নরী অবস্থায় অতিদ্রম্নত সিলি-ার অপসারণ করা যায় এবং লাইসেন্সের শর্তাবলী অনুসারে নিরাপত্তা দূরত্ব বজায় রাখা যায়।

(২) অতি প্রজ্জ্বনীয় অথবা ক্ষয়কারী কোন বস্তুর সান্নিধ্যে এলপিজি সিলিন্ডার রাখা যাইবে না।

(৩) মজুদাগারের বাহিরে সিলিন্ডার মজুদ করা হইলে-

(ক) উহা পরিষ্কার ও শুষ্ক সমতল স্থানে খাড়াভাবে রাখিতে হইবে;
(খ) অননুমোদিত ব্যক্তির প্রবেশাধিকার প্রতিরোধ করিতে হইবে;
(গ) যানবাহন দ্বারা আকস্মিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়া প্রতিরোধের ব্যবস্থা করিতে হইবে।

(৪) মেঝেতে পর্যাপ্ত ভেন্টিলেটরের ব্যবস্থা সম্বলিত কোন মজুদাগারে এলপিজিপূর্ণ সিলি-ার মজুদ করিতে হইবে।

(৫) ভবনের মাটির নীচে নর্দমা, গর্ত ইত্যাদি জায়গায় যেখানে গ্যাস জমা হইতে পারে সেইস্থান হইতে দূরে ভূ-তল বা উহার উপরের সত্মরে গ্যাসপূর্ণ সিলিন্ডার মজুদ করিতে হইবে।

(৬) কোন সিলি-ারকে অত্যধিক তাপে রাখা যাইবে না।

(৭) মজুদাগারের ভিতরে এবং বাহিরে সহজলভ্য স্থানে পর্যাপ্ত পরিমাণে অগ্নিনির্বাপক যন্ত্র রাখিতে হইবে।

(৮) গ্যাসপূর্ণ সিলিন্ডার মজুদের সময় উহাদের ভাল্ভ বন্ধ করিয়া রাখিতে হইবে; এমনকি খালি সিলিন্ডারের ক্ষেত্রেও এই শর্ত প্রযোজ্য হইবে।

(৯) মজুদাগারে সিলিন্ডারসমূহকে এমনভাবে সাজাইতে হইবে যাহাতে সকল সিলি-ার পরিদর্শনের সময় নাগালের মধ্যে থাকে এবং অতি সহজেই কোন সিলি-ারকে সরানো যায়।

(১০) সিলিন্ডার এমনভাবে রাখিতে হইবে যাহাতে উহার সেফটি রিলিফ ভাল্ভ বাষ্পীয় অংশের সাথে সরাসরি সংযোগ অবস্থায় থাকে।

(১১) এলপিজিপূর্ণ সিলিন্ডার মজুদ অথবা পরিবহনের সময় উহাতে ভাল্ব ক্যাপ বা পস্নাগ ব্যবহার করিতে হইবে।

(১২) এলপিজিপূর্ণ সিলিন্ডার মজুদাগারের অভ্যমত্মরে ফ্লেমপ্রম্নফ বৈদ্যুতিক বাতি বা উহার সরঞ্জামাদি ব্যতিত অন্যকোন বৈদ্যুতিক মিটার, বোর্ড, সুইচ, ফিউজ, পস্ন্যাগ, সকেট, সাধারণ বৈদ্যুতিক বাতি বা খোলা বাতি স্থাপন বা ব্যবহার করা যাইবে না।

৯১। **এলপিজিপূর্ণ সিলিন্ডার নাড়াচাড়া**।- এলপিজি ভর্তি সিলিন্ডার নাড়াচাড়ার সময় নিম্নলিখিত শর্তাবলী অনুসৃত হয় কি না তাহা নিশ্চিত হইতে হইবে, যথাঃ-

(ক) এলপিজি সিলি-ার নাড়াচাড়া করার সময় প্রয়োজনীয় সকল সাবধানতা অবলম্বন করিতে হইবে যাহাতে সিলি-ার এবং উহার ভাল্ভ ক্ষতিগ্রস্ত না হয়;

(খ) এলপিজি সিলিন্ডারকে আঘাত করা, ধাক্কা দিয়া ফেলিয়া দেওয়া, মোচড়ানো, অথবা তাপ প্রয়োগ করিয়া ক্ষতিগ্রস্ত করা যাইবে না;

(গ) এলপিজিপূর্ণ সিলিন্ডারকে সবসময় খাড়াভাবে নাড়াচাড়া করিতে এবং সিলিন্ডার এমনভাবে রাখিতে হইবে যাহাতে সেফটি রিলিফ ভাল্ভ বাষ্পীয় অংশের সহিত সরাসরি সংযোজন অবস্থায় থাকে;

(ঘ) এলপিজি সিলিন্ডারকে গড়াইয়া যাওয়া, উল্টাইয়া পড়া এবং উপর হইতে নীচে পতিত হওয়া থেকে রক্ষা করিতে হইবে;

(ঙ) এলপিজি ভর্তি সিলিন্ডারকে যতক্ষণ পর্যমত্ম না গ্যাসমুক্ত করা হইবে ততক্ষণ পর্যন্ত উহাকে গ্যাসপূর্ণ সিলিন্ডার বলিয়া গণ্য করিতে হইবে।

## সপ্তম অধ্যায়
## বহনযোগ্য পাত্রে গ্যাস ভর্তি

৯২। **বহনযোগ্য পাত্রে এলপিজি ভর্তিতে বাধা নিষেধ**।- (১) এই বিধিমালার বিধান অনুসরণ ব্যতীত কোন ব্যক্তি বহনযোগ্য পাত্রে এলপিজি ভর্তি করিতে পারিবে না।

(২) এই বিধিমালার অধীন সিলি-ারে এলপিজি ভর্তির জন্য মঞ্জুরকৃত লাইসেন্স ব্যতীত এবং লাইসেন্সের শর্ত অনুসরণ ব্যতিরেকে কোন ব্যক্তি সিলিন্ডারে বা অন্যকোন বহনযোগ্য পাত্রে এলপিজি ভর্তি করিতে পারিবে না।

(৩) প্রধান পরিদর্শকের অনুমতি ব্যতিত কোন ব্যক্তি এমন কোন সিলিন্ডারে এলপিজি ভর্তি করিবেন না যাহা-

(অ) বিধি ৫৩ অনুসারে প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত নহে;
(আ) বিধি ৫৯ অনুসারে সনাক্তকরণ রং এ রঞ্জিত নহে;
(ই) অন্যকোন ব্যক্তি কর্তৃক এলপিজি দ্বারা ভর্তি করা হইয়াছিল; এবং
(ঈ) অন্য কোন গ্যাস দ্বারা ভর্তি করা হইয়াছিলঃ

(৪) কোন এলপিজি গ্যাস ভর্তির লাইসেন্সধারী তাহাদের নিজস্ব ব্রান্ডের সিলিন্ডার ব্যতীত অন্য কোন ব্রান্ডের সিলিন্ডারে ভর্তি করিতে পারিবেন না।

(৫) কোন এলপিজি গ্যাস ভর্তির লাইসেন্সধারী কর্তৃক এলপিজি মজুদের লাইসেন্স নাই এমন কোন ব্যক্তির নিকট লাইসেন্সযোগ্য বা তদূর্ধ্ব পরিমাণ এলপিজি সরবরাহ করিতে পারিবেন না।

(৬) কোন ব্যক্তি প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি ব্যতীত এলপিজি সিলিন্ডার পরিবহণ বা স্থানামত্মর করিতে পারিবেন না।

তবে শর্ত থাকে যে, মোটর যানে জ্বালানী আধারে (সিলিন্ডার/গ্যাসাধার) এলপিজি বিভিন্ন ফিলিং স্টেশন হইতে পুনভর্তিকরণের ক্ষেত্রে বিধি ৯২ (৩) (ই) প্রতিবন্ধকতা সৃষ্টি করিবে না।

৯৩। **সিলিন্ডার ভর্তির ভবন বা পস্নাটফর্ম**।- (১) সিলিন্ডারে এলপিজি ভর্তির উদ্দেশ্যে নির্মিত ভবন বা অনুমোদিত উন্মুক্ত স্থান ব্যতীত অন্য কোন ভবন বা উন্মুক্ত স্থানে এলপিজি ভর্তি করা যাইবে না এবং মেঝের নীচের কক্ষ বা ভবনের উপরের তলাসমূহে সিলিনডারে এলপিজি ভর্তি করা যাইবে না।

(২) মেঝেকে মাটির লেভেলের কাছাকাছি বা গাড়ী মঞ্চ পর্যমত্ম উঁচু করা যাইবে।

(৩) মেঝেকে উচু করা হইলে, নীচের খালি স্থানকে ভালভাবে ভরাট করিতে হইবে বা খোলা রাখা হইলে বায়ু চলাচল নিশ্চিতকরণের জন্য ইহাকে গর্তবিহীন ও বাধাবিহীন রাখিতে হইবে।

(৪) মেঝের নীচের খালি জায়গাকে কোন কিছু মজুদের জন্য ব্যবহার করা যাইবেনা এবং উক্ত খালি স্থান পরিষ্কার এবং দাহ্য বস্স্তু মুক্ত রাখিতে হইবে।

(৫) ভবন এলাকা বা মেঝে যতদূর সম্ভব গ্যাস জমা হইতে পারে এমন নালা বা গর্ত মুক্ত করিতে হইবে।

(৬) বহন ব্যবস্থা বা যন্ত্রপাতির জন্য ভবনের মেঝেতে নালা বা গর্ত রাখা আবশ্যক হইলে উহাকে নলের মাধ্যমে ভবনের বাহিরের সহিত পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করিতে হইবে।

(৭) সিলিন্ডার ভর্তির্র জন্য আবৃত মঞ্চ ব্যবহার করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, মঞ্চের দুই পার্শ্ব উন্মুক্ত রাখিতে হইবে অথবা বিকল্প হিসাবে প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের বায়ু চলাচল ব্যবস্থা স্থাপন করিতে হইবে।

(৮) যদি পরিবেষ্টিত ঘের দেওয়া কোন সুরক্ষিত এলাকায় এলপিজি ভর্তির কাজ করা না হইলে উক্ত এলাকা পরিবেষ্টনের জন্য অন্যূন ২(দুই) মিটার উচু পরিবেষ্টণীর ব্যবস্থা করিতে হইবে।

(৯) ভবন বা ঘেরা এলাকায় বাসত্মবতার নিরিখে দূরত্ব বজায় রাখিয়া কমপক্ষে দুইটি বহির্গমন পথ রাখিতে হইবে যাহাতে দরজা বা গেট বাহিরের দিকে খোলা যায় এবং স্বয়ংক্রিয়ভাবে বন্ধ না হয় এবং তাৎক্ষণিকভাবে ভিতর দিক হইতে খুলিতে পারা যায়।

(১০) নালী, নালা বা বাষ্প চলাচল নলসমূহ অন্য উদ্দেশ্যে ব্যবহৃত মাটির নীচের নর্দমা প্রবাহ পথের মধ্যে বা নিকটে ফেলা যাইবে না।

(১১) ভর্তিকরণ এলাকায় বা ভবনের পানি নিষ্কাশন ব্যবস্থা বাহিরের পানি নিষ্কাশন ব্যবস্থায় প্রবাহিত হইলে উহাকে কার্যকর ও নিছিদ্রভাবে আবদ্ধ করিতে হইবে।

(১২) কনক্রিট বা ইটের দেয়ালের ভিতর স্থাপিত পাইপসমূহকে, ভিতরে মুক্তভাবে নড়াচড়া করিতে পারে এমনভাবে কেসিং-এর মাধ্যমে সুরক্ষিত করিতে হইবে।

(১৩) মজুদ এলাকা ও কাজের স্থানকে পর্যাপ্ত আলোকিত করিতে হইবে।

(১৪) অগ্নিনির্বাপন যন্ত্রপাতি প্রবেশ ও ব্যবহারের সুবিধা রাখিতে হইবে।

(১৫) এলপিজিপূর্ণ সিলিন্ডার ভর্তি এলাকায় মজুদ করা যাইবে না।

৯৪। **নিরাপত্তা দূরত্ব**।- ভবন বা উন্মুক্ত স্থানের ভর্তিকরন এলাকা বিধি ৭৯ এ নির্দেশিত ন্যূনতম দূরত্বে স্থাপিত হইবে এবং পরিসীমা হইতে কমপক্ষে ১০ মিটার দূরে হইতে হইবে।

৯৫। **ভর্তির পূর্বে সিলিন্ডার পর্যবেক্ষণ/ পরিদর্শন**।- (১) এলপিজি ভর্তির পূর্বে সকল সিলিন্ডারে বায়ুকে এলপিজি বাষ্প দ্বারা প্রতিস্থাপিত করিয়া অপসারিত করিতে হইবে এবং বায়ু অপসারণের জন্য নাইট্রোজেন বা পানি ব্যবহার করা যাইবে।

(২) সিলিন্ডারে এলপিজি ভর্তির পূর্বে সিলিন্ডার যান্ত্রিক কারণে ক্ষতিগ্রস্ত এবং বহ্যিক আঘাতের কারণে গর্ত বা ক্ষয়ের মাধ্যমে ক্ষতিগ্রস্ত হইয়াছে কি না তাহা সরেজমিনে পর্যবেক্ষণ করিতে হইবে এবং যেকোন অনিরাপদ সিলি-ার বাতিল করিতে হইবে।

(৩) সরেজমিনে পর্যবেক্ষণের সময় সিলিন্ডারের পর্যায়বৃত্ত পরীক্ষার সময় উপস্থিত কি না যাচাই এবং সিলিন্ডার ভাল্বও পর্যবেক্ষণের আওতায় আনিতে হইবে।

৯৬। **ভর্তিকরণ পদ্ধতি**।- (১) সিলিন্ডারে সঠিক মাত্রায় এলপিজি ভর্তি করিতে হইবে এবং অতিরিক্ত ভর্তি প্রতিরোধের ব্যবস্থা রাখিতে হইবে।

(২) ভর্তিকরণ ওজনে বা আয়তনের হিসাবে হইবে।

(৩) সিলিন্ডারের সাথে স্থায়ীভাবে তরলের সীমা নির্দেশক গেজ সংযুক্ত থাকিলে সিলিন্ডারকে আয়তন মাফিক ভর্তি করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিরাপত্তার প্রয়োজনকে ক্ষুন্ন না করিয়া কোন সিলিন্ডারে নির্ধারিত ওজনমাত্রার কম এলপিজি ভর্তি করা যাইবে না।

(৪) সিলিন্ডারের ভাল্ব হইতে সংযোগ অপসারনের পর খুব কম গ্যাস নির্গত হয় এমন পদ্ধতির পরিকল্পনা করিতে হইবে।

(৫) মূখ্য শীর্ষ (header) ভর্তিকরন পাইপ হইতে নির্গত প্রত্যেক শাখা পাইপ লাইনের শেষ প্রামেন্ত ভর্তিকরণ ইউনিটের পূর্বে সহজগম্য স্থানে বন্ধকরন ভাল্ব স্থাপন করিতে হইবে এবং ভর্তিকরণ মঞ্চে তরল সরবরাহ লাইনে একটি অনুমোদিত জরম্নরী বন্ধকরণ ডিভাইস স্থাপন করিতে হইবে।

৯৭। **ভর্তির নির্ধারিত মাত্রা**।- ব্রিটিশ ষ্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং বিএস ৫৩৫৫ এ নির্ধারিত ভর্তিকরণ অনুপাতের অতিরিক্ত এলপিজি কোন পাত্রে ভর্তি করা যাইবেনা।

(২) সিলিন্ডারে এলপিজি ভর্তির সর্বোচ্চ পরিমান এমন হইবে না যাহাতে পরিবহন বা ব্যবহারের সময় ৬৫ ডিগ্রী সেলসিয়াস তাপমাত্রায় সম্প্রসারণের ফলে অভ্যমত্মরীণ তরল সিলিন্ডারের ধারণ ক্ষমতার ৯৭% এর বেশী স্থান অধিকার করে।

**৯৮। এক সিলিন্ডার হইতে অন্য সিলিন্ডারে গ্যাস ভর্তি নিষিদ্ধ**।- কোন ব্যক্তি বিক্রয় বা বিতরনের উদ্দেশ্যে পাম্প ব্যবহার ব্যতীত সিলিন্ডারের বৈষম্যমূলক চাপের সাহায্যে আস্রাবণ পদ্ধতিতে এক সিলিন্ডার হইতে অন্য সিলিন্ডারে এলপিজি সহানামত্মর করিতে পারিবেন না।

**৯৯। ভর্তিকরণের পর পরিদর্শন** ।- সিলিন্ডারে গ্যাস ভর্তির পর প্রত্যেক সিলিন্ডার ও ভাল্ব পরিদর্শন করিতে হইবে যাহাতে উহা ছিদ্রমুক্ত ও ব্যবহারের জন্য উপযুক্ত মর্মে নিশ্চিত হওয়া যায়।

**১০০। বৈদ্যুতিক সংযোগ**।- (১) সিলি-ারে গ্যাস ভর্তি পস্ন্যান্টের সকল বৈদ্যুতিক তার ও সরঞ্জামাদি বিস্ফোরণ নিরোধী হইতে হইবে।

(২) বিধি ৮৫, ৮৬, ৮৭ এবং ৮৮তে প্রযোজ্য বিধানাবলী অনুসরণ করিতে হইবে।

## অষ্টম অধ্যায়
## প্রথম অংশ
## স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি বিতরণ ষ্টেশন (Dispensing Station)

**১০১। গ্যাসাধারের অবস্থান।-** স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি বিতরণ ষ্টেশন (Dispensing Station) এ স্থাপিতব্য গ্যাসাধারের অবস্থান এই বিধিমালার বিধান অনুযায়ী হইতে হইবে।

১০২। **মজুদ পাত্রের নির্মাণ পরিকল্পনা।-** মজুদ পাত্রের নির্মাণ পরিকল্পনা এই বিধিমালার ৫ম অধ্যায়ের বিধান অনুযায়ী হইবে।

১০৩। **মজুদ পাত্রের রক্ষা ব্যবস্থা।-** এলপিজি মজুদের ভু-উপরিস্থ আধার অবস্থানের কারণে কার্যকরভাবে সুরক্ষিত না হইলে, বাহ্যিক আঘাত প্রতিরোধের লক্ষ্যে উপযুক্ত প্রতিবন্ধকের সাহায্যে সুরক্ষিত করিতে হইবে।

১০৪। **ডিসপেনসার**।- মোটর যানে বা অন্যকোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী পাত্র হিসাবে স্থায়ীভাবে স্থাপিত সিলিন্ডারে এলপিজি সরবরাহকারী ডিসপেনসারে (Dispensing unit) নিম্নলিম্নখিত যন্ত্রাংশ অমর্ত্মভূক্ত থাকিতে হইবেঃ-

(ক) তরল প্রবাহ হইতে বাষ্পকে আলাদা করিবার জন্য মিটারিংয়ের পূর্বে একটি বাষ্প পৃথকীকরণ ব্যবস্থা (Vapour separator) রাখিতে হইবে;

(খ) সরবরাহকৃত তরলের আয়তন পরিমাপক এইরূপ মিটার যেন মিটারের মধ্যদিয়া প্রবাহিত তরল মজুদ আধারে ফিরিয়া আসিতে না পারে;

(গ) বাষ্প পৃথকীকরণ ব্যবস্থার পরে এবং মিটারের মধ্যে বাষ্প সৃষ্টি প্রতিরোধের জন্য একটি অমত্মরকলন (differential) ভাল্ভ;

(ঘ) মোটর যানে বা অন্যকোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী পাত্রে এলপিজি  সরবরাহ করিবার জন্য ভর্তিকরণ নজলসহ একটি নমনীয় হোস;

(ঙ) এলপিজি সরবরাহ করিবার জন্য ব্যবহৃত হোস মোটর যানের সহিত সংযুক্ত থাকা অবস্থায় হঠাৎ মোটর যানটি ধাবিত হইলে ডিসপেনসার হইতে স্বয়ংক্রিয়ভাবে নমনীয় হোসটিকে বিচ্ছিন্ন করিবার উদ্দেশ্যে একটি হোস বিছিন্নকরন কাপলিং (hose breaking coupling);

(চ) হোস বিছিন্নকরণ কাপলিংটি বিচ্ছিন্ন হইলে গ্যাস নিগর্মন সর্বনিম্ন পর্যায়ে রাখিতে হোস বিছিন্নকরণ কাপলিংয়ের উভয় প্রামেত্ম একটি যন্ত্র (device);

(ছ) পরিচালনার সময় ডিসপেনসিং ব্যবস্থায় যে কোন অংশে বদ্ধ ভাল্বসমূহের মধ্যে তরল এলপিজি আটকাইবার ফলে সৃষ্ট অতিরিক্ত চাপ প্রতিরোধের জন্য সেফটি রিলিভ ভাল্ভ;

(জ) দূরে স্থাপিত বৈদ্যুতিক পাম্পকে নিয়ন্ত্রণের জন্য একটি সুইচ;

(ঝ) হাতল বা সুইচ অবনত করা হইলেই কেবল মাত্র এলপি গ্যাস সরবরাহ হইবে এমন একটি বিশেষ হাতল বা সুইচ (dead man’s hand);

(ঞ) ডিসপেনসিং ইউনিটের নীচে তরল ও গ্যাস ফেরত পাইলাইনের শেষ প্রামেত্ম স্থাপিত এমন জরম্নরী বন্ধকরণ ভাল্ভ যাহা মোটর যানের ধাক্কার ফলে বা অন্য কোন কারণে ডিসপেনসিং ইউনিট বিধ্বসত্ম হইলে স্বয়ংক্রিয় হইবে;

(ট) সকল বৈদ্যুতিক তার এবং সরঞ্জামাদি বিস্ফোরণ নিরোধী ধরনের হইবে।

১০৫। **ভর্তিকরণ নজ্ল্**।- ভর্তিকরণ নজ্ল্ ভর্তিকরণ ভাল্ভের সহিত মানানসই হইতে হইবে এবং নিম্নলিখিত সরঞ্জামাদি দ্বারা  সজ্জিত হইতে হইবে ঃ-

(ক) গাড়ীতে ভর্তিকরণ ভাল্ভের সাথে ভর্তিকরণ নজল বায়ু নিরোধীভাবে সংযুক্ত হইবে যাহাতে গ্যাস প্রদানকারী ব্যক্তির নিরবচ্ছিন্ন প্রয়াস ছাড়াই নজলকে ভালভের সাথে দৃঢ়ভাবে আটকাইয়া রাখিতে পারে;

(খ) ইতিবাচক সাট-অফ্ ক্রিয়াশীল কৌশল;

(গ) মোটর যানে বা অন্যকোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী পাত্রের ভাল্ভের সাথে নজ্ল্এর সংযোগ যথাযথভাবে না হইলে গ্যাস প্রবাহ বন্ধ রাখিবার ব্যবস্থা।

১০৬। **ডিসপেনসারের অবস্থান**।- (১) ডিসপেনসারকে অন্যান্য স্থাপনা হইতে প্রধান পরিদর্শক কর্তৃক নির্ধারিত নিরাপদ দূরত্বে স্থাপন করিতে হইবে।

(২) গাড়ীর আঘাতে বিধ্বসত্ম হইবার সম্ভবনা হইতে রক্ষা করিতে পারে এমনভাবে নির্মিত কনক্রিট ভিতের উপর ডিসপেনসারকে স্থাপন করিতে হইবে।

(৩) কোন ভবনের অভ্যমত্মরে ডিসপেনসার স্থাপন করা যাইবে না।

**১০৭। চিহ্ন এবং বিজ্ঞপ্তি**।- (১) প্রত্যেক ডিসপেন্সার হইতে দৃশ্যমান সন্নিকটবর্তী স্থানে নিম্নরূপ বিজ্ঞপ্তি সুস্পষ্টভাবে প্রদর্শন করিতে হইবে, যথাঃ-

(K) ইঞ্জিন এবং সকল বৈদ্যুতিক যন্ত্র বন্ধ রাখুন;

(L) হাতব্রেক ব্যবহার করম্নন;

(M) ডিসপেনসিং হোস বিচ্ছিন্ন করিবার পর ইঞ্জিন পুনরায় চালু করম্নন।

১০৮। **বহনযোগ্য পাত্রে এলপিজি ভর্তিকরণে বিধি-নিষেধ**।- স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী  সরবরাহের কাজে নিয়োজিত এলপিজি বিতরণ ষ্টেশন (Dispensing Station) হইতে মোটর যানে বা অন্যকোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের সাথে সংযুক্ত জ্বালানী ধারণপাত্র ব্যতীত অন্য কোন  বহনযোগ্য পাত্রে এলপিজি ভর্তি করা যাইবেনা ।

১০৯। **কতিপয় ক্ষেত্রে এলপিজি সরবরাহে বিধি-নিষেধ**।- মোটর যান বা অন্যকোন স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে ব্যবহার্য এলপিজি সিলি-ার সঠিকভাবে স্থাপিত না থাকার ফলে উহার সেফটি রিলিফ ভাল্ভ উহার বাষ্পীয় অংশের সাথে সরাসরি সংযুক্ত অবস্থায় না থাকিলে উক্ত সিলি-ারে এলপিজি সরবরাহ করা যাইবে না।

১১০। **মোটরগাড়ী রাখায় বিধি-নিষেধ**।- জ্বালানী ভর্তিকরণের উদ্দেশ্য ব্যতিত কোন মোটরযান ডিসপেনসারের ৩ (তিন) মিটারের মধ্যে থামাইয়া রাখা যাইবে না।

**দ্বিতীয় অংশ**

**স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি বিতরণ ষ্টেশনে অনুসরণীয় নির্দেশাবলী**

১১০ক। এলপিজি ভর্তিকরণে পালনীয় নির্দেশনা।- জ্বালানী সরবরাহে ব্যবহৃত ডিসপেনসারের সন্নিকটে এবং সহজে দৃশ্যমান অবস্থানে নিমণবর্ণিত নির্দেশনাসমূহ টাঙ্গানো থাকিবে, যথা:-

নিশ্চিত হউন যে,-

(ক) অনুমোদিত সনাক্তকরণ লেভেল যথাপোযুক্ত স্থানে স্থাপন করা হইয়াছে;
(খ) জ্বালানী সংগ্রহের উদ্দেশ্যে দন্ডায়মান যানের অবস্থান হইতে ৬ মিটারের মধ্যে কোন ধূমপান করা হয় না এবং অগ্নিস্ফুলিঙ্গ সৃষ্টির সম্ভাবনা নাই;
(গ) যানটির হসত্মচালিত ব্রেক দৃঢ়ভাবে প্রয়োগ করা আছে;
(ঘ) মোটরযান ইঞ্জিনের প্রজ্বলন ও বৈদ্যুতিক ব্যবস্থা এবং সর্টওয়েভ যোগাযোগ সরঞ্জামসহ বেতার বন্ধ করা হইয়াছে;
(ঙ) মোটরযানে স্থাপিত সিলিন্ডার পর্যাবৃত্ত পরীক্ষণ মেয়াদের মধ্যে রহিয়াছে এবং পরীক্ষণ পদ্ধতি বিধিবদ্ধ বিধান অনুসারে সম্পন্ন করা হইয়াছে এবং সেই মর্মে পরিদর্শন প্রত্যয়ন গ্রহণ করা হইয়াছে;
(চ) যানটির এলপিজি সরঞ্জামাদিতে কোন ছিদ্র নাই; এবং
(ছ) জ্বালানী সংযোগ উত্তম অবস্থায় রহিয়াছে এবং উহার ডিসপেন্সার ফিলার নজলের সহিত সামঞ্জস্যপূর্ণ।

১১০খ। ভর্তিকরণ পদ্ধতি।- মোটরযানে সংযুক্ত জ্বালানী ধারণপাত্রে জ্বালানী ভর্তিকরণেল সময় নিমণবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথাঃ-

(ক) মোটরযানে জ্বালানী সরবরাহের সংযোগ স্থল হইতে ময়লা প্রতিরোধকারী ছিপি অপসারণ করিতে হইবে;
(খ) জ্বালানী সরবরাহ নলটি ফিল পয়েন্টে যুক্ত করিতে হইবে;
(গ) ভর্তিকরণ কার্যক্রম চলাকালে মোটরযানটি দৃষ্টির অগোচরে রাখা যাইবে না;
(ঘ) মজুদ আধার হইতে মোটরযানের সিলিন্ডারে এলপিজি সরবরাহের সময় রিফুয়েলিং ভাল্ব ধীরে ধীরে খুলিতে হইবে এবং ভর্তিকরণ ধাক্কার ও গ্যাসের দ্রম্নত তাপমাত্রা হ্রাস রোধকল্পে এলপিজি ধীরে ধীরে মোটরযানে সরবরাহ করিতে হইবে;
(ঙ) ভর্তিকরণ সমাপ্ত হইলে রিফুয়েলিং ভাল্ব বন্ধ করিতে হইবে;
(চ) ভর্তিকরণ নলের অগ্রভাগ দিয়া নির্গত গ্যাসের পরিমাণ যাহাতে যথাসম্ভব সর্বনিমণ পর্যায়ে থাকে সেই উদ্দেশ্যে ভর্তিকরণ নল সতর্কতার সহিত বিচ্ছিন্ন করিতে হইবে; এবং
(ছ) হোস পাইপটি ডিসপেনসারের যথাস্থানে রাখিতে হইবে।

**১১০গ। জ্বালানী ভর্তিকৃত যান পর্যবেক্ষণ।-** কোন যান জ্বালানী ভর্তিস্থল হইতে চলিয়া যাওয়ার পূর্বে যথাযথভাবে পর্যবেক্ষণ করিতে হইবে, যাহাতে ত্রম্নটিজনিত কারণে যানটিতে অথবা ডিসপেন্সিং পয়েন্টে কোন নিঃসরণ না থাকে।

**১১০ঘ। এলপিজি স্টেশনের নিরাপত্তা ও রক্ষণাবেক্ষণ।-** (১) এলপিজি স্টেশনের সরঞ্জামাদি ও যন্ত্রপাতি সুষ্ঠভাবে রক্ষণাবেক্ষণ ও সক্রিয় রাখিতে হইবে।

(২) এলপিজি রিফুয়েলিং স্টেশনের লাইসেন্সধারী নিয়মিতভাবে নিমণবর্ণিত নিরাপত্তা পরীক্ষণ, পর্যবেক্ষণ ও জরীপের ব্যবস্থা গ্রহণ করিবেন, যথা:-

(ক) বিধি ১১০ঙ অনুসারে রিফুয়েলিং স্টেশনের যন্ত্রপাতি এবং সরঞ্জামাদি প্রতি ৩ (তিন) মাসে অমত্মতঃ একবার পর্যবেক্ষণ করিতে হইবে; এবং

(খ) বিধি ১১০চ অনুসারে রিফুয়েলিং স্টেশন জরীপ করিতে হইবে।

(৩) এলপিজি রিফুয়েলিং স্টেশনের কোন কর্মচারী কর্তৃক উক্ত স্টেশনের ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি বা সরঞ্জাম অথবা পরিস্থিতি দৃষ্টিগোচর হইলে তিনি উহা এলপিজি রিফুয়েলিং স্টেশনের লাইসেন্সধারীকে অবিলম্বে অবহিত করিবেন।

(৪) প্রধান পরিদর্শক কর্তৃক নির্ধারিত ব্যক্তি ব্যতীত কোন যন্ত্রপাতির সীল ভাঙ্গা বা পুনঃ সীলকরণ করা যাইবে না।

**১১০ঙ। যন্ত্রপাতি ও সরঞ্জামাদির পর্যবেক্ষণ ও পরীক্ষণ।-** (১) যোগ্য প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি রিফুয়েলিং স্টেশনের যন্ত্রপাতি ও সরঞ্জামাদির পর্যবেক্ষণ ও পরীক্ষণকালে প্রয়োজনীয় নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করিবেন।

(২) ফরম ‘‘ট’’ তে বিধৃত চেকলিস্ট অনুসরণে উপ-বিধি (১) এর অধীন পর্যবেক্ষণ ও পরীক্ষণের ব্যবস্থা করিতে হইবে।

(৩) পর্যাবৃত্ত পর্যবেক্ষণ ও পরীক্ষণকালে সনাক্তকৃত কোন ত্রম্নটি যত শীঘ্র সম্ভব কোন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক মেরামত করিতে হইবে।

**১১০চ। নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ**।- (১) বিধি ১১০ঘ এর উপ-বিধি (২) এর বিধান অনুসারে এলপিজি রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপ কার্য কোন যোগ্য ব্যক্তি কর্তৃক সম্পাদন করিতে হইবে।

(২) নিরাপত্তা সংক্রান্ত বার্ষিক জরীপের সময় যোগ্য ব্যক্তি ‘ফরম-ট’ তে উলিস্নখিত বিষয়ে পর্যবেক্ষণ ছাড়াও অন্যান্য পর্যবেক্ষণ ও পরীক্ষণ যদি থাকে, উহা উক্ত জরিপের পরিপূরক হিসাবে বিবেচনা করিতে হইবে।

(৩) নিরাপত্তা সংক্রান্ত বার্ষিক জরীপে, অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নবর্ণিত বিষয়সমূহ অমত্মর্ভুক্ত থাকিবে, যথা:-

(ক) প্রত্যেক পাম্পে গ্যাস নিরাপত্তা সংশিস্নষ্ট সেফটি এবং সাধারন ও জরম্নরী সাটডাউন ডিভাইস পরীক্ষণ ও পর্যবেক্ষণ;
(খ) সকল এলপিজি আধার, মজুদ গ্যাসাধার বা সিলিন্ডারের রিলিফ ভাল্ভের ক্যালিব্রেশন ও রিসিলিং পরীক্ষণ;
(গ) ক্যাসকেড মজুদাগারে মজুদকৃত সিলিন্ডারসমূহ বিধি ১৪৬ এর বিধান অনুসারে পরীক্ষা করা হইয়াছে কিনা তাহা পর্যবেক্ষণ;
(ঘ) গ্যাস ডিটেক্টরের কার্যক্ষমতা পরীক্ষণ;
(ঙ) স্বয়ংক্রিয় ফায়ার সিস্টেমের কার্যক্ষমতা পরীক্ষণ; এবং
(চ) ফায়ার ফাইটিং ইক্যুইপমেন্টের (ফোম সিস্টেম, কার্বন-ডাই অক্সাইড ও ড্রাই পাউডার) কার্যক্ষমতা পরীক্ষণ।

(৪) লাইসেন্সধারী নিরাপত্তা বিষয়ক বার্ষিক জরীপকালে প্রাপ্ত ত্রম্নটিসমূহ কোন যোগ্য ব্যক্তিকে দিয়া সংশোধন করিবার ব্যবস্থা গ্রহণ করিবেন।

**১১০ছ**। **এলপিজি স্টেশন পরিদর্শন।**-(১) প্রত্যেক লাইসেন্সধারী কোন এলপিজি স্টেশনের যন্ত্রপাতি এবং সরঞ্জামাদির নিরাপত্তা নিশ্চিত ও নিরাপদ পরিচালনার বিষয়ে প্রত্যয়নের উদ্দেশ্যে নিশ্চিত করিবেন যে, উক্ত স্টেশনটি চালু হইবার পর প্রতি ২ (দুই) বৎসর অমত্মর একবার কোন যোগ্য ব্যক্তি কর্তৃক পরিদর্শন করা হইয়াছে।

(২) উপ-বিধি (১) অনুসারে কোন যোগ্য ব্যক্তি কর্তৃক পরিদর্শন সম্পন্ন করা হইলে তিনি ফরম-‘ঠ’ অনুযায়ী একটি সনদপত্র ইস্যু করিবেন।

(৩) কোন এলপিজি স্টেশন পরিদর্শনের সময় যোগ্য ব্যক্তি ‘ফরম-ড’ তে বর্ণিত পরিদর্শন চেক-লিস্ট অনুযায়ী পরিদর্শন বিবরণী লিপিবদ্ধ করিবেন।

**১১০জ। লগবুক।-** (১) এলপিজি রিফুয়েলিং স্টেশনের লাইসেন্সধারী এলপিজি স্টেশনে সর্বদা একটি হালনাগাদ লগবুক সংরক্ষণ করিবেন।

(২) নিম্নবর্ণিত বিষয়াদির বিবরণ লগবুকে লিপিবদ্ধ করিতে হইবে, যথা:-

(ক) সকল ঝুঁকিপূর্ণ যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং পরিস্থিতির বিবরণ;
(খ) বিধি ১১০ঘ হইতে বিধি ১১০চ এর বিধানসমূহ অনুসারে সম্পাদিত পর্যবেক্ষণ এবং গৃহীত জরীপের বিবরণ;
(গ) বিধি ১১০ছ অনুসারে সম্পাদিত পরিদর্শনে দৃষ্ট বিষয়ের বিবরণ;
(ঘ) বিধি ১১০ঙ হইতে ১১০ছ এর বিধানাবলি অনুসারে সংশোধিত ত্রম্নটিসমূহের বিবরণ;
(ঙ) অধিক চাপ প্রতিরোধক ব্যবস্থায় অপ্রত্যাশিত ঘটনাবলীর বিবরণ;
(চ) এলপিজি স্থাপনায় কোন যন্ত্রপাতি বিকল হওয়া সংক্রান্ত বিবরণ; এবং

(ছ) নিরাপত্তা নিশ্চিতকরণ এবং নিয়ন্ত্রণ কৌশলের সীল ভাঙ্গা সংক্রান্ত বিবরণ।

(৩) এলপিজি রিফুয়েলিং স্টেশনে কার্য সম্পাদন ও মেরামতকারী ব্যক্তি তাহার পরিচয়সহ তদ্দকর্তৃক কার্য সম্পাদনের বিবরণ লগবুকে লিপিবদ্ধ করিবেন।

**১১০ঝ। ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক এলপিজি রিফুয়েলিং স্টেশন।**-(১) প্রধান পরিদর্শক বা তদ্দকর্তৃকক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা কর্তৃক কোন এলপিজি রিফুয়েলিং স্টেশন ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক হিসাবে চিহ্নিত হইলে, তিনি উক্ত স্টেশন হইতে এলপিজি সরবরাহ করিবেন না।

(২) নিম্নবর্ণিত ক্ষেত্রে কোন এলপিজি স্টেশন ঝুঁকিপূর্ণ বা বিপজ্জনক হইতে পারে, যথা:-

(ক) বিধি ১১০ছ অনুসারে কোন এলপিজি রিফুয়েলিং স্টেশন পরিদর্শন করাইয়া লইতে ব্যর্থ হওয়া; বা

(খ) বিকল বা ঝুঁকিপূর্ণ সরঞ্জামাদি বা যন্ত্রপাতির অনবরত ব্যবহার করা; বা

(গ) সীলবিহীন নিরাপত্তা বা নিয়ন্ত্রণ যন্ত্রাদির ব্যবহার করা।

**১১০ঞ। জরম্নরী পরিকল্পনা এবং পদ্ধতি।-(**১) প্রত্যেক এলপিজি রিফুয়েলিং স্টেশনের জন্য একটি জরম্নরী কার্য পরিকল্পনা সংরক্ষিত থাকিতে হইবে যাহাতে নিম্নবর্ণিত পরিস্থিতির উদ্ভব হইলে উহা কিরূপে সমাধান হইবে উহার নির্দেশনা অমর্ত্মভুক্ত থাকিবে, যথা:-

(ক) গ্যাসের সরবরাহ হ্রাস বা বিঘ্নিত হইলে;

(L) গ্যাসের বৈশিষ্ট্য মানসম্মত না হইলে;

(M) অতিরিক্ত বা নিম্নমাত্রায় গ্যাস গন্ধযুক্ত হইলে;

(N) এলপিজি সরঞ্জামাদি বা যন্ত্রপাতিতে বড় ধরণের ত্রম্নটি দেখা দিলে;

(O) দুর্ঘটনা বা অন্য কোন জরম্নরী অবস্থা যাহা এলপিজি স্টেশনের সহিত জড়িত বা জড়িত হওয়ার আশঙ্কা থাকিলে;

(P) সাধারণ জরম্নরী অবস্থা দেখা দিলে; এবং

(Q) এলপিজি সরবরাহ স্টেশনের অবস্থান বা ব্যবহার হইতে সৃষ্ট অন্য কোন বিপদ দেখা দিলে।

(২) জরম্নরী কার্য পরিকল্পনা কোন এলপিজি রিফুয়েলিং স্টেশনের পরিচালনা সংক্রান্ত হইলে উহাতে অন্যান্য বিষয়ের মধ্যে নিমণবর্ণিত বিষয়াবলী অমত্মর্ভুক্ত হইবে, যথা:-

(ক) জরম্নরী অবস্থার সৃষ্টি হইলে উপযুক্ত রক্ষণাবেক্ষণ এবং পরিচালন কর্মচারীদেরকে তাহাদের দায়িত্ব সম্পর্কে অবহিতকরণ; এবং

(খ) ফায়ার সার্ভিস, পুলিশ, গ্যাস সরবরাহকারী সংস্থাসহ উপযুক্ত কর্তৃপক্ষ বা সংস্থার সহিত যোগাযোগ স্থাপন; এবং

(গ) এলপিজি সরঞ্জামাদি ও যন্ত্রপাতি পৃথক রাখিবার এবং জরম্নরী অবস্থা মোকাবেলার লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা ও ব্যবস্থা গ্রহণ।

**১১০ট। এলপিজি রিফুয়েলিং স্টেশনের কর্মচারীদের প্রশিক্ষণ।- (১)** এলপিজি রিফুয়েলিং স্টেশনের লাইসেন্সধারী উক্ত স্টেশনের কর্মচারীদের নিমণবর্ণিত বিষয়ে প্রশিক্ষণ প্রদান করিবেন, যথা:-

(ক) এলপিজি রিফুয়েলিং স্টেশনের রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য যে কার্য পদ্ধতি উক্ত স্টেশনে বিদ্যমান রহিয়াছে তাহা সকল কর্মচারী কর্তৃক অনুসরণের বাধ্যবাধকতা;

(খ) দফা (ক) এ উলিস্নখিত কার্যপদ্ধতির সম্ভাব্য বিপদ চিহ্নিতকরণ এবং উহা নিরসনের উপযুক্ত ব্যবস্থা গ্রহণ; এবং

(গ) দফা (ক) তে উলিস্নখিত কার্য পদ্ধতি, জরম্নরী পরিকল্পনা বাসত্মবায়ন এবং এতদ্সংক্রামত্ম অন্যান্য কার্যে সক্ষমতা অর্জন।

**(২)** এলপিজি রিফুয়েলিং স্টেশনের লাইসেন্সধারী এলপিজি স্টেশনের কর্মচারীদের জন্য প্রতি ৩ (তিন) বৎসরে একবার পুনঃপ্রশিক্ষণের ব্যবস্থাসহ প্রশিক্ষণরত কোন কর্মচারীর পর্যাপ্ত তত্ত্বাবধান নিশ্চিত করিবেন।

(৩) এই বিধির বিধান অনুসারে প্রশিক্ষণ ও পুনঃপ্রশিক্ষণ প্রদান করা হইয়াছে এইরূপ কর্মচারীগণের নামের তালিকা ও তাহাদের উপযুক্ততা মূল্যায়নের ফলাফল সংরক্ষণ করিতে হইবে।

**১১০ঠ। নিরাপদ পরিচালনা এবং এলপিজি সরঞ্জামাদি ও যন্ত্রপাতি ব্যবহারের দায়িত**ব।- এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, লাইসেন্সধারী বা তৎকর্তৃক নিয়োজিত প্রতিনিধি এলপিজি রিফুয়েলিং স্টেশনের নিরাপদ পরিচালনা, নিরাপদ উপায়ে সংরক্ষণ এবং উহার সরঞ্জামাদি ও যন্ত্রপাতি সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করিবার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবেন।

**১১০ড। সর্বোচ্চ ভর্তির পরিমাণ**।- গাড়িতে সংযুক্ত কোন সিলিন্ডারের সিলিন্ডার ধারণ ক্ষমতার ৮০ শতাংশের বেশি ভর্তি করা যাইবে না।

১১০ঢ। **অগ্নি উৎস নিষিদ্ধ**।- (১) এলপিজি ভর্তি কার্যক্রম চলিবার সময়ে কোন অগ্নি উৎস ভর্তি সংযোগের ৬ মিটার এর মধ্যে আনা যাইবে না।

(২) জ্বালানী ভর্তি স্থানের কাছাকাছি জায়গায় এই মর্মে একটি সতর্কবাণী স্থাপন করিতে হইবে যে, ''জ্বালানী সরবরাহ কার্যক্রমের ৬ মিটার এর মধ্যে ধূমপান বা খোলা আগুন নিষিদ্ধ'' এবং উক্ত সতর্কবাণী এমনভাবে প্রদর্শন করিতে হইবে যাহাতে উহা ৩০ মিটার দূরত্ব হইতে সহজে পাঠযোগ্য হয়।

(৩) ''মোটর বন্ধকরণ'', ''ধূমপান নিষিদ্ধ'', ''খোলা আগুন নিষিদ্ধ'', ''দাহ্য গ্যাস'' অভিব্যক্তি সম্বলিত সতর্কবাণী রিফুয়েলিং স্টেশন ও কমপ্রেসার এলাকায় স্থাপন করিতে হইবে।'';

**নবম অধ্যায়**

লাইসেন্স

**১১১। লাইসেন্সের দরখা**সত্ম **ইত্যাদি।-** (১) এই বিধিমালার অধীন কোন লাইসেন্স পাইতে ইচ্ছুক ব্যক্তি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট নিম্নের টেবিলে উলিস্নখিত বিষয় অনুযায়ী তফসিল-২ এ উলিস্নখিত নির্ধারিত ফরমে দরখাসত্ম দাখিল করিবেন, যথাঃ-

**''টেবিল**

| ক্রমিক নং | বিষয় | তফসিল ২ এর প্রযোজ্য ফরম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (১) | এলপিজি আমদানির লাইসেন্সের জন্য আবেদন | ''খ'' |
| (২) | এলপিজি মজুদকরণ অথবা এলপিজি মজুদ ও সিলিন্ডারে এলপিজি ভর্তি করিবার লাইসেন্স মঞ্জুর বা উক্ত লাইসেন্স সংশোধনের আবেদন | ''ঘ'' |
| (৩) | গ্যাসাধারে এলপিজি পরিবহনের লাইসেন্সের জন্য আবেদন | ''ছ'' |
| (৪) | রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের জন্য লাইসেন্সের আবেদন | ''ঝ'' |
| (৫) | রূপামত্মর কারখানা স্থাপনের জন্য আবেদন | ''ঢ''''; |

(২) কোন স্থাপনায় গ্যাসাধারে এলপিজি মজুদ, সিলিন্ডারে এলপিজি ভর্তি এবং এলপিজিপূর্ণ সিলিন্ডার মজুদের লাইসেন্স পাইতে ইচ্ছুক ব্যক্তি উপ-বিধি (১) এ উলিস্নখিত দরখাসেত্মর সহিত নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত ৫ সেট নকশা দাখিল করিবেন, যথাঃ-

(ক) লাইসেন্সের জন্য প্রসত্মাবিত প্রাংগণের সীমানার বাহিরের চর্তুপার্শ্বে অন্যূন ১০০ মিটার দূরত্বে অবস্থিত স্থাপনাদির চিত্রসহ উক্ত প্রাংগণের এবং উহাতে অবস্থিত মজুদাগারের এবং গ্যাসাধারের অবস্থানের রৈখিক চিত্র এবং উক্ত প্রাংগণ, মজুদাগার এবং গ্যাসাধারের অবস্থান ও নির্মাণ পরিকল্পনা;

(খ) কম্প্রেসার, সিলিন্ডার ও গ্যাসাধারে এলপিজি মজুদের মজুদাগার, ডিসপেন্সিং ইউনিট, সিলিন্ডারে গ্যাস ভর্তি এলাকা সংক্রান্ত তথ্যাদি;

(গ) উক্ত প্রাংগণ ও উহাতে অবস্থিত সুবিধাদির নিরাপত্তা বিধানের জন্য এই বিধিমালার প্রযোজ্য বিধানাবলী পালনের পরিকল্পনার রৈখিক চিত্র;

(ঘ) নকশায় নিম্নলিখিত বিষয়গুলি পরিষ্কারভাবে সন্নিবেশিত থাকিতে হইবে, যথাঃ-

(অ) যে উপায়ে বিধিতে নির্ধারিত শর্তগুলি প্রতিপালিত হইয়াছে;

(আ) অনুমোদিতব্য প্রাঙ্গণ এলাকা পরিষ্কারভাবে রঞ্জিতকরণ বা অন্যভাবে নির্দেশিতকরণ;

(ই) পরিবেষ্টন এবং সংরক্ষিত পূর্তাদি;

(ঈ) এলপিজি মজুদের সকল আধার, মজুদাগার, ফিলিং শেড, কম্প্রেসর, ডিস্পেন্সিং ইউনিট ইত্যাদির অবস্থান ও ধারণক্ষমতা এবং স্থাপনার অমত্মর্গত সকল ইমারত ও অন্যান্য নির্মাণাদি;

(উ) পরিবেষ্টনীসমূহ;

(ঊ) সকল পাম্প ভাল্ভ, পূরণ এবং নিষ্কাশন স্থান, গ্যাস নির্গমন নল ইত্যাদি;

(ঋ) স্থাপনায় ভর্তিকৃত এলপিজিপূর্ণ সিলিন্ডার মজুদের জন্য সংরক্ষিত এলাকা।

(৩) গ্যাসাধারে জলপথে বা স্থলপথে এলপিজি পরিবহনের লাইসেন্স পাইতে ইচ্ছুক ব্যক্তি উপ-বিধি (১) এ উলিস্নখিত দরখাসেত্মর সহিত নিম্নবর্ণিত তথ্যাদি সম্বলিত নিদিষ্ট স্কেলে অংকিত ৫ খানা বা প্রযোজ্য হইলে ৫ সেট নকশা দাখিল করিবেন, যথাঃ-

(ক) গ্যাসাধার এবং সংশিস্নষ্ট পরিবহন যানের রৈখিক চিত্র (স্কেচ) এবং উভয়ের বিসত্মারিত বিবরণ;

(খ) উক্ত গ্যাসাধার এবং সংশিস্নষ্ট পরিবহন যানে অবস্থিত সুবিধাদির নিরাপত্তা বিধানের জন্য এই বিধিমালার প্রযোজ্য বিধানাবলী পালনের পরিকল্পনার রৈখিক চিত্র।

(৪) কোন ক্ষেত্রে প্রধান পরিদর্শক ব্যতিত অন্য কোন কর্মকর্তা লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ হইলে, লাইসেন্স প্রদানের পূর্বে উপ-বিধি (২) এ উলিস্নখিত নকশা প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৫) উপ-বিধি (১) এর অধীনে দাখিলকৃত দরখাসত্ম বিবেচনার সুবিধার্থে প্রধান পরিদর্শক দরখাসত্মকারীকে প্রয়োজনীয় তথ্য ও কাগজপত্র সরবরাহের নির্দেশ দিতে পারিবেন এবং প্রয়োজনবোধে তিনি নিজে উপরোলিস্নখিত পরিবহন যান বা প্রাংগণ পরিদর্শন করিতে পারিবেন বা একজন বিস্ফোরক পরিদর্শককে উপরোক্ত পরিবহন যান বা প্রাংগণ পরিদর্শন করিবার জন্য নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(৬) উপ-বিধি (২) এর অধীন দাখিলকৃত নকশা নিরীক্ষা এবং প্রাঙ্গণ পরিদর্শন, যদি করা হয়, সম্পন্ন করিয়া প্রধান পরিদর্শক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, নিরাপদে এলপিজি মজুদ বা পরিবহন করা যাইবে, তবে তিনি একখানা বা এক সেট, যাহা প্রযোজ্য, নকশা অনুমোদন করিয়া ফেরত দিবেন ।

(৭) লাইসেন্স প্রার্থী উপ-বিধি (৬)-এর অনুমোদিত নকশা, প্রার্থিত লাইসেন্সের শর্ত এবং সংশিস্নষ্ট বিধিবিধান অনুসারে প্রসত্মাবিত মজুদাগার/স্থাপনা/প্রাঙ্গণ অথবা পরিবহণ যানের নির্মাণ সম্পন্ন করিয়া নিম্নোক্ত ছক অনুসারে নির্মাণ সম্পন্নকরণের প্রতিবেদন এবং সংশিস্নষ্ট বিধিবিধান পালনের অঙ্গীকারপত্র লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেনঃ

**নির্মাণ সম্পন্নকরণ প্রতিবেদন ও অঙ্গীকারপত্র**

এই মর্মে অবহিত করিতেছি যে,-

(ক) ................................................. স্থাপিত এলপিজি মজুদাগার/স্থাপনা ও তদস্থিত প্রাঙ্গণ প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ/বিস্ফোরক পরিদর্শক, কর্তৃক অনুমোদিত নকশা নম্বর ........ ................ তারিখ ............................ অনুসারে নির্মাণ করা হইয়াছে।

(খ) বিধি ৮ (১) অনুসারে নিরাপত্তা লেবেল, বিধি ৮ (৩) অনুসারে একটি সাইনবোর্ড, বিধি ৮ (৪) অনুসারে লাইসেন্স নম্বর প্রাঙ্গণে লটকানো হইয়াছে।

(গ) প্রতিটি ট্যাংক প্রতি বর্গ সেন্টিমিটারে...................... কিলোগ্রাম চাপে পানি দ্বারা পরীক্ষা করা হইয়াছে এবং পরীক্ষণে ট্যাংকে কোন ছিদ্র ধরা পড়ে নাই এবং ট্যাংকটি উচ্চ চাপসহনে সক্ষম বলিয়া প্রতীয়মান হইয়াছে।

এই মর্মে অঙ্গীকার করিতেছি যে,

(ক) বিধি ১২৪ অনুসারে প্রাধিকৃত যে কোন কর্মকর্তা চাহিবামাত্র মূল লাইসেন্স বা উহার প্রামাণিক অনুলিপি দেখাইতে বাধ্য থাকিব;

(খ) প্রসত্মাবিত মজুদাগার/স্থাপনা/প্রাঙ্গণটি/পরিবহন যান, ইত্যাদি সংশিস্নষ্ট বিধিবিধান ও লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে সম্যক ধারণাসম্পন্ন একজন যোগ্য ব্যক্তির তত্ত্বাবধানে বিধি ৭ এ উলিস্নখিত কর্মচারীদের প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিব;

(গ) বিধি ১২৭ এর বিধান অনুসরনের উদ্দেশ্যে প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এবং বিস্ফোরক পরিদর্শক এর টেলিফোন নম্বরসহ তাহাদের দপ্তরের পূর্ণ ঠিকানা লাইসেন্সকৃত মজুদাগার/প্রাঙ্গণ/স্থাপনা/পরিবহন যানে সংরক্ষণ করা হইবে।

তারিখঃ দরখাসত্মকারীর নাম ও স্বাক্ষর

(৮) উপ-বিধি (৭)-এ উলিস্নখিত প্রতিবেদন এবং অঙ্গীকারপত্র প্রাপ্তির পর লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংশিস্নষ্ট মজুদাগার/স্থাপনা/প্রাঙ্গণ/ পরিবহণ যান পরিদর্শন করিবে এবং অনুমোদিত নকশা, প্রার্থিত লাইসেন্সের শর্তাবলী এবং সংশিস্নষ্ট বিধিবিধান অনুসারে নির্মাণ সম্পন্ন করা হইলে দরখাসত্ম প্রাপ্তির পরবর্তী ৪৫ (পঁয়তালিস্নশ) দিনের মধ্যে নিম্নের টেবিলে উলিস্নখিত বিষয় অনুযায়ী তফসিল ২ এর নির্ধারিত ফরমে প্রার্থিত লাইসেন্স মঞ্জুর করিবে, যথাঃ-

**টেবিল**

| ক্রমিক নং | বিষয় | তফসিল ২ এর প্রযোজ্য ফরম |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (১) | এলপিজি আমদানির লাইসেন্স | ‘‘গ’’ |
| (২) | স্থাপনায় এলপিজি মজুদ এবং মোটরযানের সহিত সংযুক্ত সিলিন্ডারে জ্বালানী হিসাবে অথবা হসত্মামত্মরযোগ্য সিলিন্ডারে এলপিজি ভর্তির লাইসেন্স | ‘‘ঙ’’ |
| (৩) | এলপিজিপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার লাইসেন্স | ‘‘চ’’ |
| (৪) | জলপথে/স্থলপথে গ্যাসাধারে এলপিজি পরিবহনের জন্য লাইসেন্স | ‘‘জ’’ |
| (৫) | রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের জন্য লাইসেন্স | ‘‘ঞ’’’’; |

তবে শর্ত থাকে যে, প্রার্থিত লাইসেন্স মঞ্জুর না করা হইলে কারণ উলেস্নখপূর্বক উক্ত সময়সীমার মধ্যে তাহার দরখাসত্মকারীকে লিখিতভাবে জানাইতে হইবে।

(৯) লাইসেন্স মঞ্জুরের প্রতিটি দরখাসেত্মর সহিত, সরকার কর্তৃক সময় সময় গেজেটে বিজ্ঞপ্তি মারফত নির্ধারিত ফি, দাখিল করিতে হইবে।

১১২। **জেলা প্রশাসককে অবহিতকরণ, ইত্যাদি।- (১)** এই বিধিমালার অধীন লাইসেন্স মঞ্জুরের বিষয়ে জেলা প্রশাসককে অবহিত করিতে হইবে।

(২) কোন স্থানে এলপিজি মজুদ বা সিলিন্ডারে এলপিজি ভর্তির স্থাপনা নির্মাণের ব্যাপারে সংশিস্নষ্ট জেলা প্রশাসকের আপত্তি থাকিলে সরকারের সম্মতি ব্যতিরেকে সেই স্থানের জন্য লাইসেন্স মঞ্জুর করা যাইবে না।

১১৩। **লাইসেন্সের মেয়াদ।-** যে পঞ্জিকা বৎসরে লাইসেন্স মঞ্জুর করা হইবে সেই বৎসরের ৩১ শে ডিসেম্বর পর্যমত্ম উহা বহাল থাকিবেঃ

তবে শর্ত থাকে সাময়িক কোন বিশেষ প্রয়োজনে স্বল্প মেয়াদের জন্য লাইসেন্সের আবশ্যকতা দেখা দিলে ৩১ শে ডিসেম্বরের পূর্বের কোন তারিখ পর্যমত্ম সাময়িক মেয়াদের লাইসেন্স মঞ্জুর করা যাইবে।

১১৪। **লাইসেন্স সম্পর্কে রেকর্ড সংরক্ষণ**।- বিধি ১১১ এর অধীনে মঞ্জুরীকৃত লাইসেন্স ও তৎসংযুক্ত অনুমোদিত নকশার একটি করিয়া অনুলিপি লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করিবেন এবং একটি রেজিস্টারে সংক্ষেপে উহার বিবরণ লিপিবদ্ধ করিয়া রাখিবেন।

১১৫। **লাইসেন্সে লিপিবদ্ধ শর্ত পরিবর্তন, ইত্যাদি**।- (১) প্রধান পরিদর্শক কোন বিশেষ পরিস্থিতিতে এই বিধিমালার বিধানের সহিত সংগতি রাখিয়া কোন লাইসেন্সের শর্ত পরিবর্তন বা বর্জন বা অতিরিক্ত শর্ত আরোপ করিতে পারিবেন।

১১৬। **লাইসেন্স সংশোধন**।- (১) এই বিধির অন্যান্য বিধান সাপেক্ষে, লাইসেন্সধারীর দরখাস্তের স্ত্মর প্রেক্ষিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স সংশোধন করিতে পারিবেন।

(২) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষক্ষের লিখিত পূর্বানুমোদন ব্যতীত লাইসেন্সকৃত মজুদাগার, সার্ভিস স্টেশন, স্থাপনা, পরিবহন যান কোনরূপ রদবদল করা যাইবে না।

ব্যাখ্যাঃ অত্র বিধিতে ''স্থাপনা'' বলিতে মজুদ ট্যাংক হইতে নির্গত ও ট্যাংকে সমাপ্ত পাইপ এবং ভর্তি ও খালাস করিবার পাইপের সহিত সংযুক্ত সকল সুবিধাদি, পন্টুন, জেটি অন্যান্য অবতরণ সুবিধাদি অমত্মর্ভুক্ত হইবে ।

(৩) লাইসেন্স সংশোধনের উদ্দেশ্যে লাইসেন্সধারী নিম্নবর্ণিত কাগজাদিসহ দরখাসত্ম করিবেনঃ

(ক) সরকার কর্তৃক সময় সময় গেজেট বিজ্ঞপ্তি মারফত নির্ধারিত ফি ;
(খ) যে লাইসেন্স সংশোধন করা হইবে উহার মূল কপি এবং তৎসংযুক্ত অনুমোদিত নকশা;
(গ) লাইসেন্সকৃত প্রাংগণে মৌলিক কোন পরিবর্তনের ক্ষেত্রে প্রস্তাবিত পরিবর্তন নকশায় প্রদর্শন করিয়া বিধি ১১১-এর উপ-বিধি (৩) অনুসারে অংকিত ৫ খানা বা প্রযোজ্য হইলে ৫ (পাঁচ) সেট নকশা।

(৪) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্স সংশোধনের দরখাসত্ম প্রাপ্তির ৪৫ দিনের মধ্যে তৎসম্পর্কে প্রয়োজনীয় সিদ্ধামত্ম গ্রহণ করিবেন এবং প্রার্থিত সংশোধন প্রত্যাখ্যান করিলে উহার কারণ সম্পর্কে উক্ত সময়ের মধ্যে দরখাসত্মকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

১১৭। **লাইসেন্স নবায়ন**।- (১) আইন বা বিধিমালার কোন বিধান অথবা লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘিত না হইলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ কোন লাইসেন্স অন্যূন এক পঞ্জিকা বৎসর এবং অনধিক তিন পঞ্জিকা বৎসরের জন্য নবায়ন করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, প্রধান পরিদর্শক কর্তৃক মঞ্জুরীকৃত কোন লাইসেন্স তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন বিস্ফোরক পরিদর্শক নবায়ন করিতে পারিবেন।

(২) লাইসেন্স নবায়নের উদ্দেশ্যে লাইসেন্সধারী সংশিস্নষ্ট লাইসেন্সের মেয়াদ যে পঞ্জিকা বৎসরে শেষ হয় সেই বৎসরের ২রা ডিসেম্বর বা তৎপূর্বে নিম্নবর্ণিত কাগজাদিসহ লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষের নিকট দাখিল করিবেন, যথাঃ-

(ক) লাইসেন্সের মূল কপি এবং সংযুক্ত অনুমোদিত নকশা;
(খ) উপ-বিধি (৩) অনুসারে নবায়ন ফি।

(৩) প্রতি পঞ্জিকা বৎসরের জন্য লাইসেন্স নবায়নের ফি হইবে উক্ত লাইসেন্সের জন্য প্রদেয় ফি-এর সমপরিমাণ অর্থ।

(৪) লাইসেন্স নবায়নের দরখাসত্ম উপ-বিধি (২) এ উলিস্নখিত সময়ের পরে দাখিল করা হইলে দ্বিগুণ নবায়ন ফি প্রদান করিতে হইবেঃ

তবে শর্ত থাকে যে, একটানা একাধিক বৎসরের জন্য নবায়নের আবেদন করা হইলে শুধুমাত্র নবায়নের প্রথম বৎসরের জন্য দ্বিগুণ ফি প্রদেয় হইবে।

(৫) লাইসেন্সের মেয়াদ শেষ হইবার পর লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষের নবায়নের দরখাসত্ম দাখিল করা হইলে উক্ত কর্তৃপক্ষ উহা নবায়ন করিবেন না।

(৬) নির্ধারিত সময়ের মধ্যে নবায়নকারী কর্তৃপক্ষের নিকট লাইসেন্স নবায়নের দরখাসত্ম দাখিল করা হইলে লাইসেন্স নবায়িত না হওয়া পর্যমত্ম অথবা নবায়নের আবেদন প্রত্যাখ্যান করা হইয়াছে মর্মে আবেদনকারীকে অবহিত না করা পর্যমত্ম লাইসেন্সটি বহাল আছে বলিয়া গণ্য হইবে।

(৭) লাইসেন্স নবায়নের আবেদন প্রাপ্তির নববই দিনের মধ্যে লাইসেন্স নবায়নকারী কর্তৃপক্ষ তাঁহার সিদ্ধামত্ম আবেদনকারীকে অবহিত করিবেন এবং নবায়ন প্রত্যাখ্যান করিলে উক্ত সময়ের মধ্যে উহার কারণ সম্পর্কে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবেন।

১১৮। **লাইসেন্স বাতিল, ইত্যাদি**।- (১) কোন লাইসেন্সধারী আইন বা এই বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভংগ করিলে অথবা লাইসেন্সকৃত স্থাপনা, মজুদাগার, সার্ভিস স্টেশন আইনানুগভাবে ব্যবহারের অধিকার হারাইলে অথবা লাইসেন্সকৃত যানের ক্ষেত্রে মালিকানা হারাইলে লাইসেন্স প্রদানকারী বা নবায়নকারী কর্তৃপক্ষ সংশিস্নষ্ট লাইসেন্স বাতিল করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, কোন লাইসেন্স বাতিল করিবার পূর্বে তৎসম্পর্কে কারণ দর্শানোর জন্য লাইসেন্সধারীকে অমত্মতঃ দশ দিনের একটি লিখিত নোটিশ প্রদান করিতে হইবে এবং উক্ত নোটিশে প্রসত্মাবিত বাতিলের কারণ উলেস্নখ করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, কোনক্ষেত্রে প্রধান পরিদর্শক যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, আইন বা এই বিধিমালার বিধান বা লাইসেন্সের কোন শর্ত ভংগ হইবার ফলে জনসাধারণের নিরাপত্তা বিঘ্নিত হইয়াছে বা হইবার আশংকা দেখা দিয়াছে, তাহা হইলে তিনি কারণ দর্শানোর নোটিশ জারির পূর্বে বা বিষয়টি অনিষ্পন্ন অবস্থায়ও উক্ত লাইসেন্স সাময়িকভাবে বাতিলের আদেশ দিতে পারিবেন, তবে এইরূপ আদেশ ছয় মাসের অধিক বহাল রাখা যাইবে না।

(৩) উপ-বিধি (১) এর অধীন প্রদত্ত নোটিশের প্রেক্ষিতে লাইসেন্সধারী কোন বক্তব্য পেশ করিলে, উহা বিবেচনামেত্ম, লাইসেন্স প্রদানকারী বা নবায়নকারী কর্তৃপক্ষ সংশিস্নষ্ট লাইসেন্স বাতিল করিতে বা সাময়িক বাতিলের আদেশ, যদি থাকে, প্রত্যাহার করিতে বা উক্ত লংঘন সম্পর্কে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য লাইসেন্সধারীকে প্রয়োজনীয় নির্দেশ দিতে পারিবেন।

(৪) এলপিজি মজুদের কোন লাইসেন্স উপ-বিধি (৩) এর অধীনে বাতিল করা হইলে এবং বাতিলকরণের সময় উক্ত লাইসেন্সের অধীন এলপিজি মজুদ থাকিলে, উক্ত এলপিজি সম্পর্কে কি ব্যবস্থা গ্রহণ করিতে হইবে সে বিষয়ে লাইসেন্স বাতিলকারী কর্তৃপক্ষ বাতিলকরণ আদেশে প্রয়োজনীয় নির্দেশ দিবেন এবং নির্দেশপ্রাপ্ত ব্যক্তি উক্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

১১৯। **লাইসেন্স** হসত্মামত্মর **নিষিদ্ধ।-(১)** এই বিধিমালার অধীন মঞ্জুরীকৃত কোন লাইসেন্স হসত্মামত্মর করা যাইবে না।

(২) কোন লাইসেন্সকৃত পরিবহন যান, মজুদাগার বা মজুদ স্থাপনার মালিকানা পরিবর্তন হইলে নতুন মালিক মালিকানা হসত্মামত্মর সংক্রান্ত প্রমাণপত্রসহ উক্ত হসত্মামত্মরের অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নতুন লাইসেন্সের জন্য পূর্ব অনুমোদিত অনুরূপ নক্শায় নতুন মালিকের নাম, ঠিকানা ইত্যাদি লিপিবদ্ধ করিয়া স্বাক্ষরিত ৫ (পাঁচ) কপি নক্শা এবং প্রয়োজনীয় লাইসেন্স ফি-সহ নির্ধারিত ফরমে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট আবেদন করিবেন।

১২০। **আপীল**।- (১) প্রধান পরিদর্শক কর্তৃক লাইসেন্স মঞ্জুর, সংশোধন বা নবায়নের আবেদন প্রত্যাখ্যাত হইলে বা লাইসেন্স সাময়িক বাতিল বা বাতিলের আদেশ প্রদত্ত হইলে উহার বিরম্নদ্ধে সরকারের নিকট এবং বিস্ফোরক পরিদর্শক কর্তৃক লাইসেন্স নবায়নের আবেদন প্রত্যাখ্যাত হইলে উহার বিরম্নদ্ধে প্রধান পরিদর্শকের নিকট আপীল করা যাইবে।

(২) বাতিলের আদেশ প্রদানের তারিখের চার সপ্তাহের মধ্যে উহার একটি অনুলিপিসহ আপীলের দরখাসত্ম দাখিল করিতে হইবে।

১২১। **লাইসেন্স হারানো, ইত্যাদি।-** কোন লাইসেন্স হারাইয়া গেলে অথবা উহা কোনভাবে বিনষ্ট বা ব্যবহার অনুপযোগী হইলে, লাইসেন্সধারী অনুমোদিত নকশার একটি কপি এবং সরকার কর্তৃক সময় সময় গেজেট বিজ্ঞপ্তি মারফত নির্ধারিত ফি প্রদান করিয়া দরখাসত্ম করিলে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ একটি ডুপিস্নকেট লাইসেন্স প্রদান করিবেন।

১২২। **লাইসেন্স উপস্থাপন, ইত্যাদি।-** (১) আইনের ধারা ১৩-এর অধীন প্রাধিকৃত কোন কর্মকর্তা কোন লাইসেন্স তলব করিলে, লাইসেন্সধারী বা উক্ত লাইসেন্সের বলে পরিচালিত কর্মকা--র ভারপ্রাপ্ত ব্যক্তি উক্ত লাইসেন্স বা উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত অনুমোদিত নক্শাসহ প্রামাণিক অনুলিপি উপস্থাপন করিবেন।

(২) লাইসেন্সধারীর আবেদনের প্রেক্ষিতে লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ লাইসেন্সের প্রামাণিক অনুলিপি প্রদান করিতে পারিবেন, যদি-

(ক) প্রতিটি অনুলিপির জন্য মূল লাইসেন্স ফি-এর ২০% ফি প্রদান করা হয়; এবং
(খ) সংশিস্নষ্ট অনুমোদিত নকশার অনুলিপি দাখিল করা হয়।

১২৩ । **ফি জমা দেওয়ার পদ্ধতি।-** এই পরিচ্ছেদের অধীন প্রদেয় সকল ফি ''১-৪২৩২-০০০০-২৬৮১'' কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়া চালানের মূল কপি (১ম কপি) দাখিল করিতে হইবে।

## দশম অধ্যায়
## ক্ষমতা

১২৪। **আইনের অধীন পরিদর্শন, আটক ইত্যাদি ক্ষমতা প্রয়োগকারী কর্মকর্তা।-** (১) উপ-বিধি (২) এর বিধানসাপেক্ষে, নিম্নবর্ণিত ছকের দ্বিতীয় কলামে উলিস্নখিত যেকোন কর্মকর্তা উক্ত ছকের তৃতীয় কলামে উলিস্নখিত এলাকার মধ্যে আইনের ধারা ৭ (১) এ উলিস্নখিত ক্ষমতা প্রয়োগ করিতে পরিবেনঃ-

| ক্রমিক নং | কর্মকর্তা | এলাকা |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| (১) | প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক ও সহকারী বিস্ফোরক পরিদর্শক | সমগ্র বাংলাদেশ |
| (২) | জেলা ম্যাজিষ্ট্রেট | স্ব -স্ব জেলা |
| (৩) | জেলা ম্যাজিষ্ট্রেটের অধীন সকল ম্যাজিষ্ট্রেট | স্ব -স্ব অধিক্ষেত্র |
| (৪) | মেট্রোপলিটন এলাকায় পুলিশ কমিশনার ও তাহার অধীন ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহে এমন পুলিশ কর্মকর্তা | সংশ্লিষ্ট মেট্রোপলিটন এলাকা |
| (৫) | মেট্রোপলিটন এলাকা ব্যতীত অন্যান্য এলাকায় ইন্সপেক্টর পদমর্যাদার নিম্নে নহে এমন পুলিশ কর্মকর্তা | স্ব -স্ব এলাকা |

(২) প্রধান পরিদর্শক, বিস্ফোরক পরিদর্শক বা সহকারী বিস্ফোরক পরিদর্শককের উপদেশ অনুসরণ ব্যতিরেকে কোন ম্যাজিষ্ট্রেট বা পুলিশ কর্মকর্তা এলপিজি ভর্তি, মজুদ বা পরিবহনের কাজে ব্যবহার্য কোন গ্যাসাধার, সিলিন্ডার বা গ্যাস ভর্তির কোন সরঞ্জাম হইতে গ্যাস অপসারণ বা অন্যবিধভাবে ইহাকে নিষ্ক্রিয় করিতে পারিবেন না।

## একাদশ অধ্যায়
## দন্ড

১২৫। দ-।- (১) কোন ব্যক্তি-

(ক) বিধি ১১১ এর বিধান লংঘনক্রমে বিনা লাইসেন্সে বা বিধিমালার কোন বিধান বা লাইসেন্সের কোন শর্ত লংঘনক্রমে সিলিন্ডারে এলপিজি ভর্তি করিলে তিনি অন্যূন দুই বৎসর কিন্তু অনধিক ৫ বৎসর কারাদ-- এবং অনধিক ৫০,০০০ টাকা অর্থ দ--ও দ-নীয় হইবেন; এবং উক্ত অর্থ দ- অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনধিক ৬ মাস কারাদ-- দ-নীয় হইবে;
(খ) বিধি ৮৯ এর বিধান লংঘনক্রমে এলপিজিপূর্ণ সিলিন্ডার বিনা লাইসেন্সে অধিকারে রাখিলে তিনি অন্যূন ৬ মাস কিন্তু অনধিক ২ বৎসর কারাদ-- এবং অনধিক ২০,০০০ টাকা অর্থদ--ও দ-নীয় হইবেন; এবং উক্ত অর্থদ- অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনধিক ৩ মাস কারাদ-- দ-নীয় হইবেন।

(গ) বিধি ৮৯ এর বিধান লংঘনক্রমে গ্যাসাধারে এলপিজি মজুদ করিলে তিনি অন্যূন ৬ মাস কিন্তু অনধিক ৫ বৎসর কারাদ-- এবং তদুপরি অনধিক ২০,০০০ টাকা অর্থ দ-- দ-নীয় হইবেন; এবং উক্ত অর্থদ- অনাদায়ী থাকিলে অনধিক ৬ মাস কারাদ-- দ-নীয় হইবেন;

(ঘ) বিধি ২৭ বা ৪২ এর বিধান লংঘনক্রমে বিনা লাইসেন্সে গ্যাসপূর্ণ আধার পরিবহন করিলে, তিনি অন্যূন ১ বৎসর কিন্তু অনধিক ৫ বৎসর কারাদ-- এবং তদুপরি অনধিক ৩০,০০০ টাকা অর্থ দ-- দ-নীয় হইবেন; এবং উক্ত অর্থদ- অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনধিক এক বৎসর কারাদ-- দ-নীয় হইবেন;

(ঙ) অন্য কোন বিধান লংঘন করিলে, তিনি অন্যূন ৩ মাস কিন্তু অনধিক ২ বৎসর কারাদ-- এবং তদুপরি অনধিক ১০,০০০ টাকা অর্থদ-- দ-নীয় হইবেন; এবং উক্ত অর্থদ- অনাদায়ী থাকিলে অতিরিক্ত অনধিক ৩ মাস কারাদ-- দ-নীয় হইবেন;

ব্যাখ্যা।- এই উপ-বিধির উদ্দেশ্য পূরণকল্পে সিলিন্ডারে বা গ্যাসাধারে গ্যাস ভর্তি আইনের ধারা ১৭ এর বিধান অনুসারে বিস্ফোরক তৈরী (Manufacturing an Explosives) বলিয়া গণ্য হইবে।

(২) গ্যাসপূর্ণ গ্যাসাধার হইতে আইনের ধারা ৮(১) এ উলিস্নখিত ধরনের কোন দুর্ঘটনা ঘটিলে গ্যাসপূর্ণ গ্যাসাধারের দায়িত্বে নিয়োজিত ব্যক্তি বিধি ১২৭ অনুসারে নোটিশ প্রদানে ব্যর্থ হইলে তিনি আইনের ধারা ৮(২) অনুসারে দ-নীয় হইবেন।

১২৬। **কোম্পানী কর্তৃক অপরাধ সংঘটন**।- বিধি ১২৫ এ উলিস্নখিত কোন বিধান বা শর্ত লংঘনকারী যদি কোন কোম্পানী হয়, তাহা হইলে উক্ত কোম্পানীর মালিক, পরিচালক, ম্যানেজার, সচিব বা অন্য কোন কর্মকর্তা বা এজেন্ট উক্ত বিধান বা শর্ত লংঘন করিয়াছেন বলিয়া গণ্য হইবে, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত লংঘন তাহার অজ্ঞাতে হইয়াছে বা উক্ত লংঘন রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

**ব্যাখ্যা-** এই বিধিতে-

(ক) ''কোম্পানী'' বলিতে কোন সংবিধিবদ্ধ সংস্থা, বাণিজ্য প্রতিষ্ঠান, সমিতি বা সংগঠনকেও বুঝাইবে; এবং
(খ) বাণিজ্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে ''পরিচালক'' বলিতে কোন অংশীদার বা পরিচালনা বোর্ডের সদস্যকেও বুঝাইবে।

## দ্বাদশ অধ্যায়
দুর্ঘটনা ও তদন্ত

১২৭। **দুর্ঘটনার নোটিশ**।- কোন এলপিজি হইতে আইনের ধারা ৮(১) এ উলিস্নখিত ধরণের কোন বিস্ফোরণ বা অগ্নিকা- , অতঃপর দুর্ঘটনা বলিয়া উলিস্নখিত, ঘটিলে এলপিজি এর দায়িত্বে নিয়োজিত ব্যক্তি উহার সংবাদ অবিলম্বে এবং সম্ভাব্য দ্রম্নততম পন্থায় নিকটতম থানা এবং প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন এবং উক্ত সংবাদ পাওয়ার পর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা অবিলম্বে বিষয়টি জেলা ম্যাজিস্ট্রেকে অবহিত করিবেন।

১২৮। **দুর্ঘটনার ধ্বংসাবশেষ অপসারণে বিধি-নিষেধ**।- প্রধান পরিদর্শক অথবা তাহার প্রতিনিধি দুর্ঘটনাস্থল পরিদর্শন না করা পর্যমত্ম অথবা আর কোন পরিদর্শন বা পরীক্ষাকার্য চালাইবার প্রয়োজন নাই মর্মে প্রধান পরিদর্শক এর নিকট হইতে নির্দেশ না পাওয়া পর্যমত্ম দুর্ঘটনাস্থলের ধ্বংসাবশেষ অপরিবর্তিত অবস্থায় রাখিতে হইবে; তবে উক্ত দুর্ঘটনার ফলে আহত ব্যক্তির উদ্ধারকার্য অথবা দুর্ঘটনায় নিহত ব্যক্তির অপসারণ অথবা ক্ষতিগ্রস্ত যোগাযোগ ব্যবস্থা পুনঃস্থাপনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা যাইবে।

১২৯। **দুর্ঘটনা তদ**মত্ম।- (১) আইনের ধারা ৯(১) এর অধীনে সংশিস্নষ্ট জেলা ম্যাজিস্ট্রেট বা তাহার অধীনস্থ অন্য কোন ম্যাজিস্ট্রেট বা মেট্রোপলিটন এলাকায় পুলিশ কমিশনার বা তাহার অধীনস্থ কোন পুলিশ কর্মকর্তা কোন তদমত্মকার্য পরিচালনা শুরম্ন করিবার পূর্বে প্রধান পদির্শক এবং সংশিস্নষ্ট অন্যান্য ব্যক্তিকে উক্তরূপ তদমত্ম সম্পর্কে অন্যূন ৩ দিনের লিখিত নোটিশ প্রদান করিবেনঃ

তবে শর্ত থাকে যে, বিশেষ পরিস্থিতিতে, ম্যাজিস্ট্রেট বা পুলিশ কর্তৃপক্ষ উক্ত সময় অপেক্ষা কম সময়ের নোটিশ প্রদান করিয়া তদমত্ম শুরম্ন করিতে পারিবেন।

(২) তদমন্তকারী কর্তৃপক্ষ যথাসম্ভব প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধির উপস্থিতিতে তদমন্ত করিবেন, তবে উপ-বিধি (১) এর অধীন নোটিশ পাওয়ার পরও প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধি উপস্থিত না থাকিলে এবং তদমন্তকারী কর্তৃপক্ষ অত্যাবশ্যক মনে করিলে তদমন্ত কার্য চালাইতে পারিবেন।

(৩) তদমেন্তর সময় প্রধান পরিদর্শক বা তাঁহার প্রতিনিধি দুর্ঘটনার সহিত সংশিস্নষ্ট যে কোন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদ করিতে বা সংশিস্নষ্ট কাগজপত্র, সরঞ্জাম বা অন্যান্য জিনিসপত্র পরীক্ষা করিতে পারিবেন এবং উক্ত ব্যক্তি তাহার জিজ্ঞাসাবাদের উত্তর দিতে বা ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট কাগজপত্র, সরঞ্জাম বা জিনিসপত্র উপস্থাপন করিতে বাধ্য থাকিবেন।

(৪) এই বিধির অধীন অনুষ্ঠেয় তদমন্তকার্য দুর্ঘটনা সংঘটিত হওয়ার ত্রিশ দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে এবং তদমন্তকারী কর্তৃপক্ষ দুর্ঘটনার কারণ এবং পরিস্থিতি বর্ণনা করিয়া তদমন্ত সমাপনের ১৫ দিনের মধ্যে তদমেন্তর একটি প্রতিবেদন সরকারের নিকট এবং উহার একটি অনুলিপি প্রধান পরিদর্শকের নিকট প্রেরণ করিবেন।

## ত্রয়োদশ অধ্যায়
## রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও পাইপের মাধ্যমে সরবরাহ

১৩০। **এলপিজি প্রাপ্তি নিশ্চিতকরণ**।- (১) কোন শিল্পকারখানা বা বহুতল বাস ভবনের মালিক কর্তৃক এলপিজি প্রাপ্তি নিশ্চিত না হইয়া কোন শিল্প-কারখানা বা বহুতল বাস ভবনে রেটিকুলেটেড এলপিজি পদ্ধতি (System) স্থাপন করা যাইবে না।

(২) ট্যাঙ্ক (Bulk Storage) এবং গুচ্ছ সিলিন্ডারে (Manifold Cylinders) রেটিকুলেটেড এলপিজি পদ্ধতিতে এলপিজি মজুদ করা যাইবে।

১৩১। **ট্যাঙ্ক স্থাপন পদ্ধতি**।- (১) ট্যাংকে এলপিজি মজুদের ক্ষেত্রে নিমণবর্ণিত পদ্ধতিতে ট্যাংক স্থাপন করা যাইবে, যথা:-

(ক) ভূ- উপরস্থ (above ground);
(খ) ভূ-গর্ভস্থ (under ground);
(গ) অর্ধ ভূ-গর্ভস্থ (Semi Burried); এবং
(ঘ) মাউন্ডেড (ভূ-উপরস্থহ কিন্তু বালিদ্বারা আবৃত) পদ্ধতি।

(২) ১০,০০০ লিটার এর উর্দ্ধে এলপিজি মজুদের ক্ষেত্রে ভূ-গর্ভস্থ ট্যাংক বা মাউন্ডেড পদ্ধতিকে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।

(৩) ভূ-উপরস্থ ট্যাংক স্থাপনের ক্ষেত্রে শক্ত ভিত্তির উপর এবং ভূ-গর্ভস্থ বা অর্ধ ভূ-গর্ভস্থ বা মাউন্ডেড পদ্ধতিতে ট্যাংক স্থাপনের ক্ষেত্রে কংক্রীট পিটের উপর স্থাপন এবং পিট ও ট্যাংকের মধ্যস্থিত ফাঁকা স্থান পরিষ্কার বালি দ্বারা ভর্তি করিতে হইবে।

**১৩২। ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডার স্থাপনের স্থান নির্বাচন**।-(১) এলপিজি মজুদ স্থাপনায় পর্যাপ্ত বায়ু চলাচল করিতে পারে এমন ভূ-উপরস্থ লেভেলে মূল ভবনের বাহিরে ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডার স্থাপিত হইতে হইবে।

(২) ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডার কোন বসত বাড়ির ভিতর, বিল্ডিং এর বেইসমেন্ট, কোন গভীর নালা বা অন্য কোন নীচু স্থানের নিকটে যেখানে ছিদ্র হইতে নিঃসৃত এলপিজি বাতাসের সহিত মিশিয়া যাইতে বাধাগ্রস্থ হয় এমন কোন স্থানে স্থাপন করা যাইবে না।

(৩) স্থাপনার চারিদিকে কমপক্ষে ১ (এক) মিটার প্রশসত্ম জায়গা পাকা করিতে হইবে এবং পাকা অংশের বাহিরের দিকে কমপক্ষে ২ (দুই) মিটার পরিমাণ জায়গা বৃক্ষ, গুল্ম ও লম্বা ঘাস মুক্ত রাখিতে হইবে।

(৪) পুন:ভর্তিকরণের জন্য আগত গাড়ী যাহাতে সহজে ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডারের সন্নিকটে যাতায়াত করিতে পারে এবং জরম্নরী মুহূর্তে অগ্নিনির্বাপনের যানবাহন যাতায়াত করিতে পারে এইরূপ পথ থাকিতে হইবে।

(৫) ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডার এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে যানবাহন, নাশকতা বা অনভিজ্ঞতা বা অন্য কোন কারণে মজুদ সিস্টেমের যন্ত্রপাতি, পাইপ ও অন্যান্য যন্ত্রাংশের কোনরূপ ক্ষতি সাধিত না হয় এবং এতদুদ্দেশ্যে ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডার এর চারিদিকে নিরাপত্তা বেড়া (Fencing) স্থাপন করিতে হইবে।

(৬) গুচ্ছ সিলিন্ডার যে কক্ষ বা ট্যাঙ্ক যে স্থানে স্থাপন করা হইবে সেই স্থানে প্রাকৃতিকভাবে পর্যাপ্ত বাতাস চলাচলের ব্যবস্থা থাকিতে হইবে।

**১৩৩। ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডারের ধারণ ক্ষমতা নির্বাচন।- (১)** ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডারের ধারণ ক্ষমতা এমনভাবে নির্বাচন করিতে হইবে যাহাতে সকল সময় এলপিজি সরবরাহ লাইনে পর্যাপ্ত চাপে এলপিজি সরবরাহ বজায় থাকে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, ট্যাংকের আয়তন এমন হইতে হইবে যাহাতে ট্যাংকস্থিত তরল এলপিজি এর বাষ্পীভবনের হার গ্যাসের সর্বোচ্চ চাহিদার সমান বা উহা হইতে বেশী থাকে।

**১৩৪। রেটিকুলেটেড পদ্ধতিতে স্থাপিত ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডার এর ডিজাইন।-** (১) রেটিকুলেটেড পদ্ধতিতে স্থাপিত ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডার প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ও ডিজাইনকৃত হইতে হইবে এবং উহা নিমণবর্ণিত বিনির্দেশ অনুযায়ী হইতে হইবে, যথা:-

(ক) ট্যাংকের ক্ষেত্রে:

| | | |
|---|---|---|
| CODE OF CONSTRUCTION | | ASME Section VIII Div-2 or other indentical standard specification approved by Chief Inspector of Explosives in official gazzate notification . |
| DESIGN PRESSURE | | 17.5 kg/cm (g) |
| RADIOGRAPHY | | 100% |
| HEAT TREATMENT | | Yes ($680^0$ C-$840^0$ C) |
| COATING | | 450 Microns total |
| MECHANICAL TEST | | Must be maintained at 34 bar for 30 minites. |
| CHEMICAL COMPOSITION OF CYLINDER MAKING RAW MATERIALS | | H.R coil must be tested at chemical lab. Test result should be submitted to Chief Inspector of Explosives for custom clearance. |
| X-RAY TEST OF WELDED CYLINDER | | 100% |

(খ) সিলিন্ডারের ক্ষেত্রে:

| | | |
|---|---|---|
| CODE OF CONSTRUCTION | | DOT 4 BA, BS 5045 part-2 IS 3196 Part-1. AS 2469, AS 2470, ISO4706, ASNZ3509, DOT 4BW, AS/NZ-3509. |
| DESIGN PRESSURE | | 17.5 kg/cm (g) |
| RADIOGRAPHY | | 100% |
| HEAT TREATMENT | | Yes |
| COATING | | 40 Microns with Zinc galvanizing and 40 microns with powder coating. |

(২) রেটিকুলেটেড এলপিজি পদ্ধতিতে বাষ্পীয়ভবন যন্ত্র, উহার ভাল্ব, চাপ নিয়ন্ত্রণ যন্ত্র, মিটারিং ডিভাইসসহ সকল ধরনের পরিচালন যন্ত্রপাতি প্রধান পরিদর্শক কর্তৃক, সাধারণ বা বিশেষ আদেশ, দ্বারা নির্ধারিত বিনির্দেশ অনুযায়ী হইতে হইবে।

১৩৫। **ট্যাঙ্ক বা সিলিন্ডারের ক্ষয়রোধ ব্যবস্থা**।- (১) মরিচার কারণে ট্যাঙ্ক, সিলিন্ডার, গুচ্ছ সিলিন্ডার বা উহার সহিত সংযুক্ত যন্ত্রপাতি ক্ষয় হইয়া মজুদ ব্যবস্থাকে বিপজ্জনক অবস্থায় ফেলিতে না পারে সেইজন্য যথাযথ ক্ষয়রোধী ব্যবস্থা থাকিতে হইবে।

(২) ভূ-গর্ভস্থ ট্যাঙ্ক এর ক্ষেত্রে ক্ষয়রোধের জন্য কেথোডিক রক্ষা ব্যবস্থা থাকিতে হইবে।

১৩৬। **বৈদ্যুতিক ও স্থির বিদ্যুৎ হইতে সৃষ্ট বিপদের সতর্কতা**।- (১) ট্যাঙ্ক ও গুচ্ছ সিলিন্ডার এলাকায় অগ্নিনিরোধ বা বিস্ফোরণ নিরোধ যন্ত্রপাতি ব্যবহার করিতে হইবে এবং উক্ত উদ্দেশ্যে ট্যাঙ্ক ও গুচ্ছ সিলিন্ডারে আর্থিং ব্যবস্থা থাকিতে হইবে।

(২) ট্যাঙ্ক ও গুচ্ছ সিলিন্ডারের সরাসরি উপর দিয়া (Overhead) এবং উহার পরিসীমার ১.৫ মিটার এর মধ্যে কোন বৈদ্যুতিক তার স্থাপন করা যাইবে না।

১৩৭। **গুচ্ছ সিলিন্ডারের মজুদ কার্যক্রম**।- (১) গুচ্ছ সিলিন্ডার পদ্ধতিতে এলপিজি মজুদের ক্ষেত্রে সমসংখ্যক সিলিন্ডার সম্বলিত একটি সক্রিয় (Active) এবং একটি অপেক্ষমান (Standby) সিলিন্ডার গুচ্ছ থাকিবে।

(২) প্রত্যেক গুচ্ছ সিলিন্ডার পরস্পর আমত্মঃসংযোগ অবস্থায় থাকিবে এবং উহাতে অটো চেঞ্জঅভার রেগুলেটর সংযুক্ত থাকিতে হইবে যাহাতে অপেক্ষমান গুচ্ছটি সচল হয়।

(৩) গুচ্ছ সিলিন্ডার স্থাপনের জন্য নিমণবর্ণিত শর্ত পালন করিতে হইবে, যথা:-

(ক) গুচ্ছ সিলিন্ডারের বান্ডিলের অমত্মর্ভুক্ত প্রত্যেকটি সিলিন্ডারের জলধারণ ক্ষমতা ১২৫ (একশত পঁচিশ) লিটার এর উর্ধ্বে হইবে না;

(খ) দুইটি গুচ্ছের আমত্মঃদূরত্ব হইবে নিমণরূপ, যথা:-
(অ) ১০০০ কেজির ক্ষেত্রে ৩ মিটার;
(আ) ৪০০০ কেজির ক্ষেত্রে ৫ মিটার;
(ই) ৮০০০ কেজির ক্ষেত্রে ৭ মিটার;
(ঈ) ১২০০০ কেজির ক্ষেত্রে ৯ মিটার;
(উ) ১২০০০ কেজির উর্দ্ধে ১০ মিটার;
(ঊ) FRR (2H2M) দেওয়াল থাকিলে ৩ মিটার;

(গ) রেটিকুলেটেড পদ্ধতিতে স্থাপিত এলপিজি প্রাঙ্গণে যাহাতে কোন বহিরাগত ব্যক্তি প্রবেশ করিতে না পারে সেই জন্য তালা দেওয়া উপযুক্ত ঘেরার ব্যবস্থা করিতে হইবে;

(ঘ) স্থাপিতব্য ভবনের দরজা, জানালা বা ভেন্টিলেটার রিলিফ ভাল্ব হইতে কমপক্ষে ১ মিটার দূরে স্থাপন করিতে হইবে;

(ঙ) এক বা একাধিক সিলিন্ডার জানালার সন্নিকটে স্থাপন করিতে হইলে জানালার নিমণপ্রামত্ম হইতে ১৫ সে.মি. দূরে সিলিন্ডারের ভাল্ব এর অবস্থান হইতে হইবে;

(চ) আগুনের উৎস, দাহ্য তরল এর মজুদ বা অন্য কোন দাহ্য পদার্থ হইতে ৫ মিটার দূরে সিলিন্ডার রাখিতে হইবে;

(ছ) বাহ্যিক আগুনের উৎস, যান্ত্রিক বা সরাসরি ভেন্ট ব্যবস্থা হইতে কমপক্ষে ১.৫ মিটার দূরে স্থাপন করিতে হইবে;

(জ) ভবনের বর্হিদেয়ালের মধ্যে বিশেষভাবে প্রস্ত্ততকৃত কক্ষ এই অধ্যায়ের অধীন নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করিয়া গুচ্ছ সিলিন্ডার স্থাপন করা যাইবে এবং উহা এই বিধিমালার উদ্দেশ্যে পূরণকল্পে, বহিরাঙ্গণ মজুদ হিসাবে গণ্য করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে নিমণবর্ণিত নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখিতে হইবে, যথা:-

(অ) উক্ত কক্ষ পাশের ভবন হইতে FRR (2H2M) দেওয়াল দ্বারা পৃথক হইতে হইবে এবং উক্ত FRR দেয়ালের কোন অংশ ভবনের দিকে উন্মুক্ত থাকিতে পারিবে না;

(আ) উক্ত কক্ষের মেঝে মসৃন হইতে হইবে যাহাতে সিলিন্ডার নাড়াচাড়ার সময় স্পার্ক সৃষ্টি করিতে না পারে;

(ই) কক্ষটির ১.৫ মিটার প্রস্থ দরজা থাকিবে এবং উক্ত দরজাটির অবস্থান ভবনের বিপরীত দিকে হইবে এবং উহা বাহিরের দিক দিয়া খোলা যায় এইরূপ হইবে;

(ঝ) রেটিকুলেটেড পদ্ধতিতে ব্যবহৃত সকল মালামাল, যন্ত্রাংশ, ফিটিংস ও অন্যান্য বিষয়াদি, বিধি ১১০ঙ এ উলিস্নখিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে, রেটিকুলেটেড পদ্ধতির উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব ডিজাইন অনুযায়ী হইতে হইবে;

(ঞ) সিলিন্ডার গুচ্ছের সহিত সংযুক্ত পাইপ, ফিটিংস, সিলিন্ডারের রেগুলেটর এর সহিত সংযোগকারী হোস পাইপ ও অন্যান্য যন্ত্রাংশ সিলিন্ডারের অভ্যমত্মরীণ চাপের ১.৫ গুন চাপ সহনের উপযোগী হইতে হইবে;

(ট) প্রত্যেকটি সিলিন্ডার ও প্রধান পাইপ এর সহিত সংযোগকারী হোস পাইপ ও উহার সংযোগস্থল সহজে পর্যবেক্ষণ করা যায় এইরূপ পর্যাপ্ত জায়গা থাকিতে হইবে;

(ঠ) সিলিন্ডারের সহিত সংযোগকারী হোস পাইপসমূহ এলপিজি কার্যক্রমে ব্যবহারের উপযুক্ত ধরনের হইতে হইবে;

(ড) কাস্ট আয়রন এবং অ্যালুমনিয়াম দ্বারা নির্মিত কোন ফিটিংস ব্যবহার করা যাইবে না; এবং

(ঢ) পাইপিং সিস্টেমের কোন নড়াচড়ার সম্ভাবনা রহিয়াছে এমন যন্ত্রাংশ বা চুলার সহিত সংযোগের পাইপ স্থিতিস্থাপক ধরনের হইতে হইবে এবং উক্ত পাইপসমূহে ঘর্ষণজনিত ক্ষয় হইতে রক্ষা করিবার ব্যবস্থা থাকিতে হইবে।

**১৩৮। ট্যাঙ্ক হইতে পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ**।- এলপিজি পাইপের মাধ্যমে পরিবহণের সময় নিমণবর্ণিত ধাপে চাপ হ্রাসকরণ, অতিরিক্ত চাপ প্রশমন, ও প্রয়োজনে, সরবরাহ বন্ধ করিতে হইবে, যথা:-

(ক) বাষ্পীকরণ: মজুদ ব্যবস্থা হইতে পাইপে প্রবেশের মুহূর্তে ট্যাংকের ক্ষেত্রে তরল এলপিজিকে বাষ্পে পরিণতকরণ;

(খ) প্রথম ধাপ রেগুলেটর: প্রথম ধাপ রেগুলেটরটি দ্বারা গ্যাস চাপ ৮০-১০০ পিএসআইজি হইতে ৫ পিএসআইজিতে নামাইয়া আনা;

(গ) দ্বিতীয় ধাপ রেগুলেটর: পাইপিং সিস্টেমের শেষ ধাপে রান্না ঘরে প্রবেশের পূর্বে উক্ত রেগুলেটরটি স্থাপন এবং উহার এলপিজিকে ৫ পিএসআইজি চাপ হইতে চুলার জন্য উপযুক্ত ০.৫ পিএসআইজি চাপে নামাইয়া আনা;

(ঘ) চাপ প্রশমন ভাল্ব: চাপ বৃদ্ধি নিয়ন্ত্রণের উদ্দেশ্যে স্বয়ংক্রিয় চাপ প্রশমন ভাল্ব স্থাপন;

(ঙ) নিমণচাপ ভাল্ব: পাইপ ফাটিয়া যাওয়ার ফলে চাপ হঠাৎ কমিয়া গেলে উহা নিয়ন্ত্রণের উদ্দেশ্যে স্বয়ংক্রিয়ভাবে বন্ধের উদ্দেশ্যে নিমণচাপ ভাল্ব স্থাপন;

(চ) বিচ্ছিন্নকরণ ভাল্ব: জরম্নরী প্রয়োজনে হাতে বন্ধ করিবার উদ্দেশ্যে মজুদ ট্যাঙ্ক এর সন্নিকটে হসত্ম চালিত বিচ্ছিন্নকরণ ভাল্বসমূহকে বিল্ডিং এর বাহিরে খোলা জায়গায় স্থাপন; এবং

(ছ) প্রেসার গেজ: পাইপে চাপ পর্যবেক্ষণের জন্য সুবিধাজনক স্থানে প্রেসার গেজ স্থাপন।

১৩৯। **বাষ্পীয়ভবন যন্ত্র (Vapourizer)।-** ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডার হইতে-

(ক) Lipuid Off Take (LOT) পদ্ধতিতে এলপিজি গ্রহণ করা হইলে,

(খ) Vapour Off Take (VOT) পদ্ধতিতে এলপিজি গ্রহণ করিবার ক্ষেত্রে অত্যন্ত ঠান্ডা আবহাওয়ায় (১০ ডিগ্রী সেন্টিগ্রেড) বা এলপিজি বাষ্প ব্যবহারের পরিমাণের হার উহার বাষ্পীভবনের হার হইতে অতিরিক্ত হইলে,

উক্ত ট্যাংক বা গুচ্ছ সিলিন্ডারের পর বাষ্পীয়ভবন যন্ত্র স্থাপন করিতে হইবে।

১৪০। **গুচ্ছ সিলিন্ডার হইতে পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ**।- গুচ্ছ সিলিন্ডার হইতে চুলা পর্যমত্ম এলপিজি পরিবহণের সময় নিমণবর্ণিত ধাপে চাপহ্রাসকরণ, অতিরিক্ত চাপ প্রশমন, ও প্রয়োজনে, সরবরাহ বন্ধ করিতে হইবে, যথা:-

(ক) গ্যাস সরবরাহ উৎস স্বয়ংক্রিয়ভাবে খালি গুচ্ছ সিলিন্ডার হইতে অপেক্ষমান মজুদ গুচ্ছে স্থানামত্মর (switching) করিতে হইবে এবং উক্ত উদ্দেশ্যে প্রথম ধাপে চাপ প্রশমন হইয়া ৮০-১০০ পিএসআইজি হইতে ১৬-১৮ পিএসআইজিতে নামাইয়া আনিতে হইবে; তবে অটোচেঞ্জওভার রেগুলেটর এর পরিবর্তে সাধারণ চেঞ্জওভার সুইস এবং প্রেসার রেগুলেটর একই সঙ্গে অথবা পৃথকভাবে স্থাপন করা যাইবে;

(খ) ১৬ পিএসআইজিতে যে কার্যচাপ নির্ধারিত থাকে উহার অতিরিক্ত চাপ পাইপ লাইনে সঞ্চালিত হইলে উক্ত ভাল্ব স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়ার ব্যবস্থা থাকাসহ দ্বিতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাসের কার্যচাপ ১৬-১৮ হইতে ৫ পিএসআইজিতে নামাইয়া আনিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(গ) চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাস মিটারের পূর্বে নিমণচাপ নিরোধ ভাল্ব স্থাপন করিতে হইবে এবং উক্ত উদ্দেশ্য গ্যাস চাপকে ৫ পিএসআইজি হইতে চাপ প্রশমন করিয়া ০.৫ পিএসআইজিতে নামাইয়া আনিবার ব্যবস্থা রাখিতে হইবে;

(ঘ) কোন ত্রম্নটির কারণে (যেমন-পাইপ ফাটিয়া গেলে বা ছিদ্র হইয়া গেলে, ইত্যাদি) পাইপ লাইনে গ্যাসের চাপ ০.৫ পিএসআইজি এর নিচে নামিয়া গেলে উহা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া পাইপে গ্যাস সরবরাহ বন্ধ করিবার ব্যবস্থা থাকিতে হইবে;

(ঙ) বিল্ডিং এর বাহিরে ও ট্যাঞ্ক এর নিকট জরম্নরী মুহুর্তে এলপিজি বন্ধ করিবার জন্য হসত্মচালিত বিচ্ছিন্নকরণ ভাল্ব স্থাপন করিতে হইবে;

(চ) চুলার আগে, মিটারের আগে, রেগুলেটরের আগে, রাইজার এর স্থানে বা পাইপ লাইনের শুরম্নতে এবং জরম্নরী মেরামতের প্রয়োজন হয় এমন স্থানে আইসোলেশন সাট-অফ ভাল্ব পাইপ লাইনের বিভিন্ন স্থানে স্থাপন করিতে হইবে; এবং

(ছ) পাইপে চাপ পর্যবেক্ষণের জন্য সুবিধাজনক স্থানে প্রেসার গেজ লাগাইতে হইবে।

**১৪১। পাইপ নির্বাচন**।- (১) রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি সরবরাহের ক্ষেত্রে নিমণবর্ণিত পাইপ ব্যবহার করিতে হইবে, যথা:-

(ক) ইস্পাতের পাইপ (ASTM A106 বা API5L Grade-B);
(খ) তামার পাইপ (EN 1057); এবং
(গ) পলি ইথিলিন পাইপ (ASTM D2513 বা ISO 4437) ।

(২) উচ্চ ও মধ্য ঘনত্বের পলি ইথিলিন (পিঃইঃ) পাইপ ৬০ পিএসআইজি চাপের নীচে পরিবহণের ক্ষেত্রে ব্যবহার করা যাইবে।

(৩) জোড়াবিহীন তামার পাইপ ২০ পিএসআইজি চাপের নীচের ক্ষেত্রে ব্যবহার করা যাইবে, তবে কাস্ট আয়রন বা অ্যালুমিনিয়াম পাইপ ব্যবহার করা যাইবে না।

**১৪২। রেটিকুলেটেড পদ্ধতির কার্যচাপ (Working Pressure)**।- রেটিকুলেটেড পদ্ধতির কার্যচাপ হইবে নিমণরূপ, যথা:-

(ক) পাইপের অভ্যমত্মরীণ চাপ ও বাহ্যিক আঘাত সহনে সক্ষম পাইপ ও অন্যান্য যন্ত্রপাতি বা উপকরণ পাইপের মাধ্যমে গ্যাস পরিবহণ ব্যবস্থায় ব্যবহৃত হইতে হইবে;

(খ) দাহ্য বা বিস্ফোরণ ঘটাইতে সক্ষম গ্যাস নির্গত হইতে না পারে রেটিকুলেটেড পদ্ধতি এইরূপ লিকপ্রম্নফ হইতে হইবে;

(গ) ঝুঁকি এড়ানোর উদ্দেশ্যে ভবনের অভ্যমত্মরে স্থাপিত পাইপের চাপ ৫ পিএসআইজি এর মধ্যে রাখিতে হইবে, তবে ঝালাইকৃত পাইপ বা নির্গত হইবার সুযোগ নাই এইরূপে স্থাপিত পাইপের ক্ষেত্রে ৫ পিএসআইজি এর বেশী চাপ ব্যবহার করা যাইবে;

(ঘ) সকল এলপিজি ট্যাঞ্ক, সিলিন্ডার বা পাইপের কার্যচাপ ২৫০ পিএসআইজি চাপ সহনে সক্ষম হইতে হইবে; এবং

(ঙ) রেটিকুলেটেড পদ্ধতিতে ব্যবহৃত পাইপ ও অন্যান্য যন্ত্রাংশের চাপ উহার কার্যচাপের ১.৫ গুণ বেশী চাপে চাপ পরীক্ষণ করাইতে হইবে এবং পাইপ ও অন্যান্য যন্ত্রাংশ উক্ত কার্যচাপের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

**১৪৩। পাইপ ও ভাল্ব স্থাপন**।-(১) স্থিতিস্থাপক হোস পাইপ ব্যবহারের ক্ষেত্রে নিমণবর্ণিত শর্তপূরণ করিতে হইবে, যথা:-

(ক) সিলিন্ডার হোস পাইপের সাহায্যে সংযুক্ত যন্ত্রাংশ একই কক্ষে স্থাপিত হইতে হইবে;

(খ) স্থিতিস্থাপক হোস পাইপ যথাসম্ভব ২ মিটারের মধ্যে সীমিত রাখিতে হইবে;

(গ) স্থিতিস্থাপক হোস পাইপ দরজা, জানালা, দেওয়াল, পার্টিশন, সিলিং বা মেঝের নীচ দিয়া প্রবাহিত হইয়া কোন কক্ষ হইতে উহার বারান্দায় বা অনুরূপ কোন স্থানে প্রবাহিত হইতে পারিবে না;

(ঘ) স্থিতিস্থাপক হোস পাইপ সহজে পর্যবেক্ষণযোগ্য স্থানে স্থাপন করিতে হইবে;

(ঙ) স্থিতিস্থাপক হোস পাইপ ৫০ ডিগ্রী সেন্টিগ্রেডের উপরের তাপমাত্রায় ব্যবহার করা যাইবে না; এবং

(চ) স্থিতিস্থাপক হোস পাইপের উপরে কোন বাহ্যিক চাপ যাহাতে না পড়ে এবং উহা পাকানো, গিট বা পেঁচানো অবস্থায় না থাকে এইরূপে স্থাপন করিতে হইবে।

(৩) নিমণবর্ণিত শর্তপূরণ সাপেক্ষে পাইপ স্থাপন করিতে হইবে, যথা:-

(ক) পাইপ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে বাহ্যিক অতি গরম বা অতি ঠান্ডার প্রভাবে পাইপ লাইনের অতি সংকোচন বা অতি সম্প্রসারণ না ঘটে এবং গ্যাসের ভাঙ্গন বা ঘনীভবন না ঘটে;

(খ) ক্ষয়কারী আবহাওয়া ও পদার্থের সংস্পর্শ এবং যথাসম্ভব দেয়ালের অভ্যমত্মরে বা ঢাকা অবস্থায় পাইপ লাইন স্থাপন করা যাইবে না;

(গ) পাইপ লাইন লিফট গহবর, চিমনী, বায়ু চলাচলের পথ, ইত্যাদির ভিতর বা উক্তরূপ পথের সন্নিকটে স্থাপন করা যাইবে না;

(ঘ) অনূর্দ্ধ ১২ মিলিমিটার ব্যাস বিশিষ্ট পাইপ লাইন স্থাপনের ক্ষেত্রে প্রতি ৫০ সেন্টিমিটার পর পর ক্লাম্প এর মাধ্যমে উহা দৃঢ়ভাবে আটকাইতে হইবে;

(ঙ) দফা (ঘ) এ উলিস্নখিত উপরের পাইপসমূহকে সুবিধাজনক দূরত্বে ক্লাম্প দিয়া আটকাইতে হইবে যাহাতে পাইপ ঝুলিয়া না যায় বা নড়াচড়া করিতে না পারে;

(চ) পাইপ লাইন ও ইলেকট্রিক ওয়্যারিং এর মধ্যে কমপক্ষে ৫০ মিলিমিটার ফাঁকা থাকিতে হইবে;

(ছ) পাইপ লাইন অবশ্যই ইলেকট্রিক ওয়্যারিং এর নীচ দিয়া প্রবাহিত হইতে হইবে;

(জ) এলপিজি পাইপ লাইন ও গরম বাষ্পবাহী পাইপ লাইন পাশাপাশি স্থাপন করিবার প্রয়োজন হইলে দুটি পাইপ লাইনের মধ্যে কমপক্ষে ১৫০ মিলিমিটার ফাঁকা রাখিতে হইবে এবং এলপিজি লাইন বাষ্প লাইনের নীচে স্থাপিত হইতে হইবে;

(ঝ) পাইপ লাইন এইরূপে স্থাপন করিতে হইবে যাহাতে বর্ষার সময় পাইপের অংশবিশেষ পানির সংস্পর্শে না আসে;

(ঞ) পাইপ লাইন ভবনে প্রবেশের পূর্বে স্বচ্ছ কাঁচ বিশিষ্ট একটি লোহার বাক্সে একটি মেইন ভাল্ব স্থাপন করিতে হইবে;

(ট) এলপিজি পরিবহণ পাইপ লাইন প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত রঙের হইতে হইবে; এবং

(ঠ) স্থিরভাবে স্থাপিত যন্ত্রপাতি স্থিরভাবে স্থাপিত পাইপের মাধ্যমে সংযুক্ত হইতে হইবে।

১৪৪। **গ্যাস মিটারিং**।- গ্যাস মিটার এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে-

(ক) উহা হইতে সহজে মিটার রিডিং নেওয়া যায়;

(খ) উহা আঘাতপ্রাপ্ত না হয়;

(গ) উহা অতিরিক্ত তাপ বা বৃষ্টির পানির সংস্পর্শে না আসে; এবং

(ঘ) উহা আগুনের উৎস হইতে কমপক্ষে ১ মিটার দূরে অবস্থিত থাকে।

**১৪৫**। **পাইপের আকার**।- (১) ভবনে স্থাপিত সকল চুলা বা অন্যান্য যন্ত্রপাতির চাহিদা পূরণ করা যায় পাইপের আকার এইরূপ হইতে হইবে।

(২) গ্যাস পরিবহনের ক্ষেত্রে পাইপের অভ্যমন্তরে ১৫% এর বেশী চাপ হ্রাস এবং গ্যাসের গতি সর্বোচ্চ ২০ মিটার/সে. এর বেশী হইতে পারিবে না।

১৪৬। **রেটিকুলেটেড পদ্ধতির চাপসহন ক্ষমতার পরীক্ষা**।- (১) ট্যাংক ও সিলিন্ডারের ডিজাইন তাপমাত্রা অনুযায়ী ট্যাংক বা সিলিন্ডারের অভ্যমন্তরে গ্যাসের সর্বোচ্চ চাপের ১.৫ গুণ চাপে রেটিকুলেটেড পদ্ধতির পাইপ ও সকল ফিটিংস পরীক্ষা করিতে হইবে।

(২) বাতাস বা নাইট্রোজেন বা এলপিজি ব্যবহার করিয়া উপ-বিধি (১) এ উলিস্নখিত পরীক্ষা সম্পন্ন করিতে হইবে।

(৩) চাপ পরীক্ষার সময়ে সংবেদনশীল প্রেসার গেজ ব্যবহার করিতে হইবে।

(৪) কোন সংযোগ স্থল বা যন্ত্রপাতি হইতে গ্যাস নিঃসৃত হইতেছে কিনা তাহা পরীক্ষার জন্য খোলা আগুন ব্যবহার করা যাইবে না।

(৫) পাইপের কোন অংশে গ্যাস নিঃসরণ পরীক্ষা করিবার জন্য সাবানের দ্রবণ বা অনুরূপ পদার্থ ব্যবহার করা যাইবে।

(৬) ত্রম্নটিপূর্ণ পাইপ বা যন্ত্রাংশ সম্পূর্ণ প্রতিস্থাপন করিতে হইবে এবং উহা সংযুক্ত অবস্থায় মেরামত করা যাইবে না।

**১৪৭**। **অগ্নিনির্বাপন ব্যবস্থা**।-(১) ফায়ার সার্ভিসের গাড়ী ভবনে প্রবেশের জন্য প্রয়োজনীয় সুবিধা রাখিতে হইবে।

(২) কমপক্ষে ২টি বহনযোগ্য ৬ কেজি ধারণক্ষমতা সম্পন্ন ড্রাই কেমিক্যাল পাউডার ফায়ার এক্সটিংগুইসার (মনোমিটার টাইপ) ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডার মজুদ ব্যবস্থার ৪ মিটারের মধ্যে ব্রাকেটে দৃশ্যমান স্থানে সংরক্ষণ করিতে হইবে।

(৩) ট্যাঙ্ক বা গুচ্ছ সিলিন্ডার মজুদ রহিয়াছে এইরূপ ভবনে সতর্ক সংকেত ''ধূমপান নিষেধ'' নোটিশ দৃশ্যমান স্থানে ঝুলাইয়া বা সাইনবোর্ড আকারে স্থাপন করিতে হইবে।

(৪) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগ হইতে ভবনে কর্মরত নিরাপত্তা প্রহরীদের অগ্নিনির্বাপন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(৫) অগ্নি নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করণার্থের্ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স বিভাগের নির্দেশনা বাসত্মবায়ন করিতে হইবে।

১৪৮। **রেটিকুলেটেড পদ্ধতির মেরামত ও রক্ষণাবেক্ষণ এর দায়-দায়িত**ব।- রেটিকুলেটেড পদ্ধতির মেরামত ও রক্ষণাবেক্ষণ এর দায়-দায়িত্ব প্রধান পরিদর্শক কর্তৃক নির্ধারিত ফরমে উক্ত পদ্ধতি ব্যবহারকারী এবং স্থাপনকারীর মধ্যে সম্পাদিত চুক্তি অনুযায়ী নির্ধারিত হইবে এবং উক্ত চুক্তির অনুলিপি প্রধান পরিদর্শক বরাবর প্রেরণ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ব্যবহারকারী কর্তৃক উক্ত পদ্ধতি স্থাপন করা হইলে, উক্ত ব্যবহারকারী উক্ত পদ্ধতির মেরামত বা রক্ষণাবেক্ষণের জন্য দায়ী থাকিবেন।

**১৪৯। রেটিকুলেটেড পদ্ধতি ব্যবহারকারীর প্রতি নির্দেশনা।**- রেটিকুলেটেড পদ্ধতি সরবরাহকারী ব্যক্তি কর্তৃক নিমণণবর্ণিত বিষয়ে রেটিকুলেটেড পদ্ধতি ব্যবহারকারীকে প্রয়োজনীয় নির্দেশনা বা প্রশিক্ষণ প্রদান করিতে হইবে, যথা:-

(ক) রেটিকুলেটেড পদ্ধতির পরিচালন পদ্ধতি;
(খ) পদ্ধতির লিকেজ সনাক্তকরণ পদ্ধতি;
(গ) লিকেজ দেখা দিলে উহা প্রতিরোধ করিবার পদ্ধতি;
(ঘ) অগ্নিকান্ড সৃষ্টি হইলে উহা প্রতিরোধ করিবার পদ্ধতি; এবং
(ঙ) রেটিকুলেটেড পদ্ধতির কোন অংশ নষ্ট বা অচল হইলে প্রয়োজনীয় মেরামত বা প্রতিস্থাপনের সম্পর্কে সম্যক ধারণা প্রদান।

**১৫০। রেটিকুলেটেড পদ্ধতি স্থাপনকারী প্রতিষ্ঠানের অনুমোদন।**- প্রধান পরিদর্শকের অনুমোদন গ্রহণ ব্যতিরেকে কোন রেটিকুলেটেড পদ্ধতি স্থাপন করা যাইবে না।

**১৫১। রেটিকুলেটেড পদ্ধতি পরিদর্শন।**- (১) কোন রেটিকুলেটেড পদ্ধতির যন্ত্রপাতি, সরঞ্জামাদি এবং উহাদের মজুদ ব্যবস্থার নিরাপত্তা নিশ্চিত ও নিরাপদ পরিচালনার ক্ষেত্রে প্রত্যয়নের লক্ষ্যে রেটিকুলেটেড পদ্ধতি লাইসেন্সধারী নিশ্চিত করিবেন যে, উক্ত স্থাপনাটি চালু হইবার অন্যূন ২ (দুই) বৎসর অমত্মর অমত্মর একবার কোন যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক পরিদর্শন করা হইয়াছে।

(২) উপ-বিধি (১) অনুসারে কোন যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক পরিদর্শন সম্পন্ন করা হইলে তিনি প্রধান পরিদর্শক কর্তৃক নির্ধারিত ফরমে একটি সনদপত্র ইস্যু করিবেন।

(৩) পরিদর্শনের সময় যোগ্য নিরপেক্ষ পরিদর্শনকারী ব্যক্তি ফরম-'ড' তে বর্ণিত পরিদর্শন চেক-লিস্ট অনুযায়ী পরিদর্শন কার্যাদির বিবরণী লিপিবদ্ধ করিবেন।

## চতুর্দশ অধ্যায়
## স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিজি দ্বারা চালানোর জন্য রূপামত্মর

১৫২। **রূপামত্মরকরণ কারখানা স্থাপনের অনুমোদন।** (১) স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিজি দ্বারা চালানোর উপযোগী করিবার উদ্দেশ্যে রূপামত্মর কারখানা স্থাপনে আগ্রহী ব্যক্তিকে তফসিল-১ এ নির্ধারিত লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট অনুমোদনের জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফি প্রদান সাপেক্ষে ফরম 'ঢ' অনুযায়ী আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে উক্ত কর্তৃপক্ষ, এই বিধিমালার বিধান অনুসারে, উক্ত আবেদন এবং উহার সহিত দাখিলকৃত তথ্য ও কাগজপত্র যাচাই-বাছাই ও পরীক্ষামেত্ম এবং আবেদনকারীর কারিগরী সামর্থ্য বিবেচনা করিয়া উক্ত আবেদন অনুমোদন বা উহা বাতিল করিতে পারিবে।

(৩) লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ উপ-বিধি (১) এ উলিস্নখিত আবেদনকারীর নিকট হইতে উপ-বিধি (২) এ উলিস্নখিত তথ্য ও কাগজাদি অতিরিক্ত তথ্য বা কাগজপত্র তলব করিতে পারিবে, এবং, প্রয়োজনে, আবেদনকারীর সংশিস্নষ্ট রূপামত্মর কারখানা পরিদর্শন করিতে পারিবে।

১৫৩। **রূপামত্মর প্রক্রিয়া।**-(১) কোন স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিজি দ্বারা চালানোর জন্য রূপামত্মরকরণ কার্যক্রম দক্ষ প্রকৌশলগত প্রণালীতে পর্যাপ্ত জ্ঞানসম্পন্ন যোগ্য ব্যক্তি বা প্রকৌশলী বা তাহাদের সরাসরি তত্ত্বাবধানে কর্মরত এলপিজিতে রূপামত্মরের বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত অন্য কোন টেকনিশিয়ান বা কর্মচারী দ্বারা সম্পাদিত হইতে হইবে, এবং তদুদ্দেশ্যে রূপামত্মর কারখানায় যোগ্য ব্যক্তি বা প্রকৌশলী বা টেকনিশিয়ান বা কর্মচারী থাকিতে হইবে।

(২) স্থাপিতব্য ফুয়েল মিক্সার যাহার মাধ্যমে ইঞ্জিনের ভিতরে বায়ু ও নিয়ন্ত্রিত পরিমাণ জ্বালানী মিশ্রণ প্রবেশ করিবে তাহা নির্দিষ্ট ইঞ্জিনের সহিত সামঞ্জস্যপূর্ণ হইতে হইবে।

(৩) যাত্রী কক্ষকে গ্যাস নিরোধী করা না হইলে, উহাকে উষ্ণ করিবার জন্য ইঞ্জিন কক্ষ হইতে বায়ু আহরণ করে এইরূপ ধরনের স্বয়ংক্রিয়যানে রূপামত্মর সরঞ্জামাদি স্থাপন করা যাইবে না।

১৫৪। **স্বয়ংক্রিয় যানের এলপিজি জ্বালানী ব্যবস্থা**।- (১) এলপিজি দ্বারা চালিত স্বয়ংক্রিয় যানে জ্বালানী সরবরাহের জন্য ব্যবহৃত যন্ত্রপাতি এলপিজি সার্ভিসের উপযোগী হইতে হইবে।

(২) উপ-বিধি (১) এ উলিস্নখিত কোন স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিজিতে রূপামত্মকরণ প্রক্রিয়ায় চাপ প্রশমন ভাল্ব, স্বয়ংক্রিয় বন্ধকরণ ভাল্ব ও হসত্ম চালিত একটি বন্ধকরণ ভাল্বযুক্ত সিলিন্ডার, প্রশ্চাদ প্রবাহ (Back Flow) প্রতিরোধে চেক ভাল্বযুক্ত ভর্তিকরণ লাইন, সিলিন্ডারের ভাটিতে (down stream) হসত্মচালিত একটি ভাল্ব, কোন কারণে ইঞ্জিন বন্ধ হইয়া গেলে স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হওয়া উপযোগী একটি স্বয়ংক্রিয় ভাল্ব, চাপ নিয়ন্ত্রক (Pressuse regulator), ফুয়েল মিক্সার এবং নির্ণয়ের জন্য তাপমাত্রা গেজ থাকিতে হইবে।

১৫৫। **রূপামত্মর সরঞ্জামাদির মান**।-(১) রূপামত্মর সরঞ্জামাদির ধরন ইঞ্জিনের ক্ষমতার সহিত যথাযথভাবে খাপ খাইতে হইবে, সরঞ্জামাদি নির্বাচন এবং উহা স্থাপন করিবার সময় উহার প্রস্ত্ততকারীর নির্দেশনা অনুসারে করিতে হইবে।

(২) ইঞ্জিন প্রকোষ্ঠে ব্যবহৃত যন্ত্রাংশসমূহ ১২০ ডিগ্রি সেন্টিগ্রেড এবং অন্যান্য উপকরণ ৮২ ডিগ্রী সেন্টিগ্রেড পর্যমত্ম তাপমাত্রায় কার্যপযোগী হইতে হইবে।

(৩) জ্বালানী সঞ্চালন যন্ত্রাংশে নিমণবর্ণিত বিষয়সমূহ লেবেল বা খোদাইকৃত থাকিতে হইবে, যথা:-

(ক) প্রস্ত্ততকারীর নাম বা সংকেত (Logo);
(খ) যে মান সূচক বিনির্দেশ অনুযায়ী যন্ত্রাংশটি প্রস্ত্তত করা হইয়াছে উহার নাম ও নম্বর;
(গ) ডিজাইন কার্যচাপ;
(ঘ) সঠিক সংযোজনের জন্য জ্বালানী প্রবাহের দিক নির্দেশনা; এবং
(ঙ) যন্ত্রাংশের ক্ষমতা বা, প্রযোজ্য ক্ষেত্রে, বৈদ্যুতিক রেটিং।

১৫৬। **এলপিজি ধারণপাত্রের অবস্থান**।-(১) ধাক্কাজনিত আঘাতে যাহাতে বিনষ্ট না হয় এলপিজি ধারণপাত্র এইরূপে সুরক্ষিত অবস্থানে স্থাপিত হইতে হইবে।

(২) এলপিজি ধারণপাত্রের কোন অংশ বা উহার সহিত সংযুক্ত কোন সরঞ্জাম স্বয়ংক্রিয় যানের বাহিরে প্রসারিত থাকিতে পারিবে না।

(৩) স্বয়ংক্রিয় যানের পিছনের বাম্পারের খাড়া প্রামেত্মর পশ্চাতে বা সম্মুখ এক্সেলের সামনে জ্বালানী সরবরাহের ধারণপাত্র বা উহার সহিত সংযোজিত সরঞ্জাম স্থাপন করা যাইবে না।

(৪) এলপিজি ধারণপাত্র স্বয়ংক্রিয় যানের নিমেণ সংযোজনের ক্ষেত্রে রাস্তার লেভেল ও ধারণপাত্রের মধ্যে অন্যূন ২০০ মি.মি ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে।

(৫) এলপিজি ধারণপাত্র এইরূপে স্থাপিত হইবে যাহাতে উহার তাপমাত্রা কোন ভাবে ৪৫ ডিগ্রী সেন্টিগ্রেডের উপরে না উঠে এবং কোন ক্ষেত্রেই এলপিজি ধারণপাত্র ও বর্জ্য ধোয়া নির্গমণ নলের মধ্যে ৭.৫ সে.মি. এর কম ফাঁকা জায়গা রাখা না হয়।

(৬) এলপিজি ধারণপাত্র এইরূপে স্থাপিত হইবে যাহাতে ভাল্ব হইতে গ্যাস নির্গত হইলে তাহা চালক বা যাত্রী কক্ষে প্রবেশ করিতে না পারে।

১৫৭। **এলপিজি ধারণপাত্রে সংযুক্ত যন্ত্রাংশ**।-(১) ধারণপাত্রের আকারের সহিত সামঞ্জস্যপূর্ণ একটি বহুমুখী ভাল্ব (Multi Valve) সংযুক্ত থাকিবে।

(২) উপ-বিধি (১) এ উলিস্নখিত বহুমুখী ভাল্বে নিমণবর্ণিত ভাল্ব থাকিবে এবং উহা চুম্বকের সাহায্যে কাজ করে এইরূপ দন্ড সংযুক্ত থাকিতে হইবে যাহাতে ধারণপাত্রে জ্বালানীর পরিমাণ নির্ণয় করা যায়, যথা:-

(ক) নন রিটার্ন ভাল্বযুক্ত ভর্তিকরণ সংযোগ (Filling Connection) এবং ভর্তিকরণ ভাল্ব (Filler valve);
(খ) অতিরিক্ত প্রবাহ (Excess flow) নিয়ন্ত্রক ভাল্ব;
(গ) প্রশমন ভাল্ব;
(ঘ) স্বয়ংক্রিয় ভর্তি নিয়ন্ত্রক ভাল্ব (80% Stop valve);
(ঙ) স্প্রিং নিয়ন্ত্রিত চাপ প্রশমন ভাল্ব (Spring Loaded pressure Relief Valve);

(চ) স্বয়ংক্রিয়ভাবে এলপিজি বিচ্ছিন্নকরণ ভাল্ব (solenoid valve); এবং

(ছ) তাপীয় ফিউজ ভাল্ব (Thermal fuse valve)।

(২) সিলিন্ডারে বাষ্প বা তরল নির্গমন পয়েন্টে স্পষ্ট ও স্থায়ীভাবে ''বাষ্প'' এবং ''তরল'' লিপিবদ্ধ করিতে হইবে।

(৩) ভর্তিকরণ সংযোগ ব্যবস্থায় একটি ভর্তিকরণ ক্যাপ আবদ্ধ থাকিবে যাহা সিলিন্ডারের ডিজাইন চাপ সহ্য করিতে সক্ষম।

(৪) দূরবর্তী ভর্তিকরণ সংযোগ স্বয়ংক্রিয় যানের বাহিরে সুরক্ষিত এবং বায়ু চলাচল ব্যবস্থা রহিয়াছে এইরূপ স্থানে সংযুক্ত থাকিবে।

(৫) স্বয়ংক্রিয় যানের সাথে ভর্তিকরণ সংযোগ এইরূপে সংযুক্ত থাকিবে যাহাতে সংযুক্তির স্থায়ী কোন বিচ্যুতি না ঘটাইয়া স্বয়ংক্রিয় যানের সম্মুখ ও পশ্চাৎ দিকে ৫০ কেজি আরোপিত বল সহ্য করিতে সক্ষম হয়।

(৬) সিলিন্ডারের সহিত হস্তচালিত শাট অফ ভাল্ব সংযুক্ত থাকিবে যাহা অতিরিক্ত প্রবাহ ভাল্ব (Excess flow Valve) এর ভাটিতে (down stream) সংযুক্ত হইবে। শাট অফ ভাল্ব এর সহিত অতিরিক্ত প্রবাহ ভাল্ব একীভূত থাকিলে উহা সরাসরি সিলিন্ডারের সাথে সংযুক্ত হইবে। ইঞ্জিন বন্ধ অবস্থায় দহন সুইচ (igniton Switch) বন্ধ বা চালু যে কোন অবস্থায় ভালভের নিয়ন্ত্রণ ব্যবস্থা ইঞ্জিনে জ্বালানী গ্যাস প্রবাহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ করিবে এবং ইঞ্জিন চালু না হওয়া পর্যমত্ম উহা বন্ধ থাকিবে।

(৭) উপ-বিধি (৬) এ যাহা কিছুই থাকুক না কেন, তরল ইনজেকশন ব্যবস্থায় (Liquid Injection system) গ্যাস বুদবুদ শোধন করিবার জন্য জ্বালানী পূর্ণ চক্রায়নের প্রয়োজন হইলে এলপিজি দ্বারা ইঞ্জিন চালু হইবার পূর্বে অন্যূন ১০ সেকেন্ড বন্ধকরণ ভাল্ব খোলা থাকিবে।

(৮) তরল পরিমাপক নির্দেশক (liquid level indicator) ধারনপাত্রের জন্য উপযুক্ত হইতে হইবে এবং উহা যথোপযুক্ত অবস্থানে স্থাপন করিতে হইবে।

(৯) স্প্রিং নিয়ন্ত্রিত চাপ প্রশমন ভাল্ব ধারনপাত্রের বাষ্পীয় অংশের সহিত এইরূপে সংযুক্ত থাকিবে যাহাতে পার্শ্ববর্তী স্থানে নিঃসরণ করিতে পারে এবং উচ্চ তাপে (অগ্নিদুর্ঘটনায়) অথবা অত্যধিক চাপে এই ভাল্ব কার্যকর থাকে।

(১০) স্বয়ংক্রিয় ভর্তি নিয়ন্ত্রক (automatic Filling level limiter) ধারণপাত্রের জন্য উপযুক্ত হইতে হইবে এবং যথোপযুক্ত স্থানে এইরূপে স্থাপন করিতে হইবে যাহাতে ধারণপাত্র ৮০% এর অধিক ভর্তি হইতে না পারে।

(১১) বহুমুখী ভাল্বে একটি এলপিজি বিচ্ছিন্নকরণ ভাল্ব সংযুক্ত করিতে হইবে যাহাতে ইঞ্জিন বন্ধ থাকা অবস্থায় বা দুর্ঘটনায় সিলিন্ডার হইতে ইঞ্জিনে এলপিজি পরিবহন লাইন ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় স্বয়ংক্রিয়ভাবে মজুদ সিলিন্ডার হইতে এলপিজি প্রবাহ বন্ধ হয়।

(১২) তাপীয় ফিউজ ভাল্ব অগ্নি দুর্ঘটনায় অতি উচ্চ তাপমাত্রায় ধারণপাত্র খালি করিবার ক্ষেত্রে কার্যকারী হইবে।

১৫৮। **বর্ম্মাচ্ছাদন।**- উপযুক্ত স্থানে স্থাপনের মাধ্যমে বা পৃথক বর্মের সাহায্যে ধারণপাত্র ও তৎসংযুক্ত যন্ত্রাংশকে যথোপযুক্তভাবে আচ্ছাদিত করিতে হইবে যাহাতে ঘূর্ণায়মান স্যাফট এর বিচ্যুতির ফলে এবং ধাবমান বস্তু বা বাহির হইতে নিক্ষিপ্ত কোন বস্তুর আঘাতে বা অন্য কোনভাবে এলপিজি ধারণপাত্র ক্ষতিগ্রস্ত হইতে না পারে।

১৫৯। **বায়ু চলাচল ব্যবস্থা।**- (১) গাড়ীর প্রকোষ্ঠের ভিতরে এলপিজি ধারণপাত্র স্থাপিত হইলে বহুমূখী ভাল্বকে এইরূপে আচ্ছাদিত রাখিতে হইবে যাহাতে বহুমুখী ভাল্ব হইতে নির্গত গ্যাস গাড়ীর প্রকোষ্ঠে প্রবেশ না করে এবং উক্ত কক্ষে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা রাখিতে হইবে।

(২) নির্গত কোন গ্যাস যাহাতে নিরাপদে বাহিরে নির্গমিত হইতে পারে সেইজন্য বহুমুখী ভালভের আচ্ছাদনে নির্গমন পাইপ স্থাপনের ব্যবস্থা করিতে হইবে।

(৩) বায়ু চলাচল ব্যবস্থা এলপিজি ধারণপাত্রের চাপ প্রশমন ব্যবস্থা বা চাপ প্রশমন প্রণালীর (channel) পরিচালন ব্যাহত করিবে না।

১৬০। **ধারণপত্র স্থাপন**।-(১) প্রতিটি ধারণপাত্রের তাক (Rack) যানবাহনের গায়ে, তালায় বা কাঠামোর সহিত এইরূপ পদ্ধতিতে দৃঢ়ভাবে সংযুক্ত করিতে হইবে যাহাতে যানের লম্বালম্বি অক্ষের দিকে গ্যাস ভর্তি ধারণপাত্রের ওজনের বিশগুণ স্থিরবল (static force) এবং অন্য যে কোন দিকে আটগুন স্থিরবল সহ্য করিয়া সড়ক দুর্ঘটনা, পিছলাইয়া পড়া, ঢিলা হইয়া যাওয়া বা ঘূর্ণনের ফলে ধারণপাত্রের ক্ষতি প্রতিহত হয়।

(২) সংযুক্তিকরণ পদ্ধতি এমন হইবে যাহাতে ধারণপাত্রের খোল (shell) পীড়ন বা ক্ষয় প্রাপ্ত না হয়।

(৩) ধারণপাত্র আটকাইবার উপকরণ ও পদ্ধতিতে ধারণপাত্র ও আটকাইবার কাঠামোর মধ্যে গ্যাসকেট (gasket) এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে আন্দোলনজনিত ক্ষয় না হয়।

(৪) এলপিজি ধারণপাত্রের ভর নির্গমণ ভাল্ব বা অন্যান্য সংযুক্ত যন্ত্রাংশের উপর আরোপ করা যাইবে না।

(৫) এলপিজি ধারণপাত্রকে কোন অবস্থাতেই গাড়ীর সহিত ওয়েল্ডিং এর মাধ্যমে সংযুক্ত করা যাইবে না।

(৬) এলপিজি ধারণপাত্রকে কোন অবস্থাতেই গাড়ীর সহিত এমনভাবে সংযুক্ত করা যাইবে না যাহাতে উহা গাড়ীর গঠন কাঠামোর অংশে পরিণত হয়।

১৬১। **এলপিজি ধারণপাত্রের উপরিতলের প্রক্রিয়াকরণ**।- (১) এলপিজি ধারণপাত্র স্থাপনের পূর্বে স্টেইনলেস স্টিল ধারণপাত্র ব্যতীত অন্য কোন স্টিল ধারণপাত্রের উপরিতলে বাহ্যিক ক্ষয় প্রতিরোধের লক্ষ্যে ক্ষয় প্রতিরোধী রং লাগাইতে হইবে এবং ব্যবহারের পূর্বে ধারণপাত্রে বহির্গাত্র যথোপযুক্তভাবে প্রস্তুত করিতে হইবে।

(২)  সকল ধারণপাত্রের গায়ে প্রাথমিক আবরণ হিসাবে এ্যালকাইড জিংক ক্রোমেট বা সমমানের প্রাথমিক আবরণ ব্যবহার করিতে হইবে।

## পঞ্চদশ অধ্যায়
## এলপিজি নিয়ন্ত্রণ যন্ত্র

১৬২। **নিয়ন্ত্রণ যন্ত্রের সাধারণ বিধানাবলী।-** ধারণপাত্রস্থিত এলপিজি চাপ হ্রাস করিয়া ইঞ্জিনে সরবরাহের উদ্দেশ্যে এলপিজি বায়ু মিশ্রণে রূপামন্তরের জন্য এই অধ্যায়ে বর্ণিত প্রয়োজনীয় এলপিজি নিয়ন্ত্রণ সরঞ্জাম, সামগ্রিকভাবে বা উপকরণ হিসাবে যেভাবেই থাকুক না কেন, থাকিতে হইবে।

১৬৩। **নিয়ন্ত্রণ যন্ত্রের যন্ত্রাংশ**।-(১) নিয়ন্ত্রণ যন্ত্র ন্যূনপক্ষে নিমণবর্ণিত যন্ত্রাংশ সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) সার্ভিস সাট অফ ভাল্ব;
(খ) স্বয়ংক্রিয় সাট অফ ভাল্ব;
(গ) এলপিজ সলিনয়েড ভাল্ব;
(ঘ) রেগুলেটর;
(ঙ) রিডিউসার /বাষ্পীয়ভবন যন্ত্র (Reducer/Vaporiser)
(চ) ছাকনী (filter)
(ছ) গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্র;
(জ) জ্বালানী পরিবর্তন ব্যবস্থা (fuel chage-over);
(ঝ) জ্বালানী নির্বাচক নিয়ন্ত্রক (fuel selection control); এবং
(ঞ) চাপ নির্দেশক (pressure indicator) |

(২) সকল সময় ভাল্বকে সহজে ব্যবহার করিবার উদ্দেশ্যে ইঞ্জিন প্রকোষ্ঠ সিলিন্ডার ভাল্ব ও অন্য কোন ভাল্ব বা যন্ত্রাংশের মধ্যে উচ্চ চাপ পাইপ লাইনে যতদুর সম্ভব রেগুলেটরের কাছে একটি সার্ভিস সাট অব ভাল্ব স্থাপন করিতে হইবে এবং এই ভাল্বের প্রকৃতি চিহ্হ্িতকরণের জন্য স্থায়ীভাবে ''এলপিজি সার্ভিস সাট অব ভাল্ব'' বা অনুরূপ শব্দের লেবেল লাগাইতে হইবে এবং ভালভের বন্ধ ও খোলা দিক নির্দেশক চিহ্ন সুস্পষ্টভাবে চিহ্হ্িত থাকিতে হইবে।

(৩) ইঞ্জিন বন্ধ অবস্থায়, এমনকি দহন সুইচ (ignition switch) চালু থাকিলেও ইঞ্জিনে জ্বালানী গ্যাস প্রবাহ স্বয়ংক্রিয়ভাবে বন্ধ রাখিবার জন্য এই প্রক্রিয়ায় একটি এলপিজি সাট অব ভাল্ব স্থাপন করিতে হইবে।

(৪) তরল এলপিজিকে উত্তপ্ত করিয়া বাষ্পে পরিণত করিয়া এবং এলপিজি ও বায়ুর মিশ্রণকে সঠিক অনুপাতে রাখিয়া ইঞ্জিনে উহার প্রবাহকে নিয়ন্ত্রণের জন্য বাষ্পীয়ভবন যন্ত্র স্থাপন করিতে হইবে এবং উহা গ্যাস ইঞ্জিন ঠান্ডা করিবার পানি ও বৈদ্যুতিক সার্ভিসের সহিত যুক্ত থাকিবে।

(৫) বাষ্পীয়ভবন যন্ত্র ধারণপাত্রের ডিজাইন চাপে হইতে হইবে এবং উহা এলপিজির ক্ষয়কারী প্রভাব প্রতিরোধে সক্ষম এমন পদার্থ দ্বারা তৈরী হইতে হইবে।

(৬) বাষ্পীয়ভবন যন্ত্রের ধরন অনুসারে ধারণপাত্রের চাপকে দুই বা তিন ধাপে কমাইয়া মিক্সারের উপযোগী হয় এমন কার্যকরী চাপে রাখিতে হইবে।

(৭) বাষ্পীয়ভবন যন্ত্রের খুব কাছে বনেটের নিচে এলপিজি বন্ধকরণ সলিনয়েড স্থাপন করিতে হইবে এবং এলপিজি নির্গমণ পাইপের দৈর্ঘ্য ৩০সেমি এর কম হইতে হইবে।

(৮) ইঞ্জিন বন্ধ অবস্থায় বা ইঞ্জিন পেট্রোল দ্বারা চালিত হইলে এই ব্যবস্থায় ইঞ্জিনে গ্যাস প্রবাহ বন্ধ থাকিবে, পুনরায় এলপিজি দ্বারা চালনা করিতে হইলে কেবিনে স্থাপিত সুইচের সাহায্যে বাষ্পীয়ভবন যন্ত্র সলিনয়েড কার্যকর করিতে হইবে।

(৯) গাড়ীর নিয়ন্ত্রণ যন্ত্র এমনভাবে সংযুক্ত করিতে হইবে যাহাতে-

(ক) গাড়ী ঝুঁকিপর্ণ অবস্থায় নিরাপদ থাকে;
(খ) উহা গাড়িতে সুবিধাজনক স্থানে ও নিরাপদে থাকে;
(গ) উহা নিয়মিত রক্ষণাবেক্ষণ, উপযোজন এবং পরিদর্শনের সুবিধা হয়;
(ঘ) উহা বর্জ্য ধুঁয়া নির্গমন ব্যবস্থা হইতে যতদূর সম্ভব বেশী দূরত্বে স্থাপিত হয় এবং যেক্ষেত্রে দূরত্ব ১৫ সে.মি. এর কম সেইক্ষেত্রে এমনভাবে আচ্ছাদিত থাকে, যেন উহা বিকিরিত তাপ হইতে রক্ষা পায় এবং কোন কারণে ধুঁয়া নির্গমণ ব্যবস্থা অকার্যকর হইলে নির্গত বর্জ্য ধুঁয়ার ক্ষতিকর প্রভাব হইতে রক্ষা পায়;
(ঙ) উহা যুক্তিযুক্তভাবে সংঘর্ষজনিত আঘাত হইতে সুরক্ষিত থাকে;
(চ) সকল হোস পাইপ পর্যাপ্তভাবে নড়াচড়ার ব্যবস্থা থাকে; এবং
(ছ) জল চক্রায়ন ব্যব্স্থা (water recycling system) বা, ক্ষেত্রমত, পানি সঞ্চালন পদ্ধতি প্রস্তুতকারীর নির্দেশ অনুযায়ী সংযুক্ত হয় এবং মূল যন্ত্রের পানির প্রবাহ বন্ধ হয় এমন প্রবাহ নিয়ন্ত্রণ ভাল্ব স্থাপন করা না হয়।

(১০) এলপিজি জ্বালানী লাইনের শেষ প্রামেত্ম রেগুলেটরের যন্ত্রাংশের জন্য ক্ষতিকর এমন Āুদ্র Āুদ্র ভাসমান পদার্থ জ্বালানী হইতে দূর করিতে সক্ষম এইরূপ একটি ছাকুনী সংযুক্ত করিতে হইবে।

(১১) ইঞ্জিনের প্রয়োজন অনুযায়ী সঠিক অনুপাতে বাতাস ও গ্যাসের মিশ্রণ তৈরীর ‘গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্র (gas–air mixture)’ নিরাপদভাবে যথাসম্ভব কার্বুরেটরের কাছে সংযুক্ত করিতে হইবে এবং ইঞ্জেকশান টাইপ যানের ক্ষেত্রে সরাসরি বায়ু প্রবেশে মুখের সহিত সংযুক্ত করিতে হইবে এবং দূরবর্তী অংশে সংযুক্ত করা হইলে যথোপযুক্ত ভাবে সুরক্ষিত করিতে হইবে, যাহাতে উহা নিজ ওজন ও আরোপিত ভর বহনে সক্ষম হয়।

(১২) গ্যাস-বায়ু মিশ্রণ যন্ত্রের নিমণমূখী প্রবাহে কোন বাতাস-ছাকুনী (air-filter) সংযুক্ত থাকিবে না ।

(১৩) গ্যাসের সহিত বায়ু মিশ্রণের পূর্বেই কোন অগ্নিস্ফুলিঙ্গ প্রতিহত করিবার জন্য অগ্নিস্ফুলিংগ প্রতিহতকারী ভাল্ব (Anti- backfire valve) সংযুক্ত করিতে হইবে।

(১৪) দ্বি-জ্বালানী চালিত ইঞ্জিনের ক্ষেত্রে ইঞ্জিন ও প্রতিটি জ্বালানী পাম্পের মাঝখানে স্বয়ংক্রিয় বন্ধকরণ ভাল্ব স্থাপন করিতে হইবে, যাহাতে কোন এক প্রকার জ্বালানীর প্রয়োজন না হইলে উহার প্রবাহ বন্ধ রাখা যায় এবং অন্য প্রকার জ্বালানীর প্রবাহ নিরবচ্ছিন্ন থাকে এবং উক্তরূপ ভাল্ব বিধি ১৬৩ এর উপ-বিধি (৩) এ উলিস্নখিত স্বয়ংক্রিয় সাট অব ভাল্ব-এর অনুরূপ ও সম্পূরক হইবে।

(১৫) দ্বি-জ্বালানী চালিত ইঞ্জিনের ক্ষেত্রে দুইটি জ্বালানীর যে কোনটি নির্বাচনের জন্য কমপক্ষে তিনটি স্থানে সুস্পষ্টভাবে চিহ্নিত উক্ত দুইটি জ্বালানীর নাম সম্বলিত নির্বাচক সুইচ (selection switch) স্থাপন করিতে হইবে, নির্বাচক সুইচ গাড়ীচালক বা যন্ত্রচালকের নাগালের মধ্যে স্থাপিত হইবে এবং উক্ত ক্ষেত্রে ইলেকট্রনিক ফুয়েল ইনজেকশন সম্বলিত স্বয়ংক্রিয় যানের ক্ষেত্রে দুইটি স্থানে সুইচ স্থাপন গ্রহণযোগ্য হইবে।

(১৬) রেগুলেটর বা ফিল পয়েন্টে বিশেষতঃ ইঞ্জিন প্রকোস্টে সহজে দৃষ্টিগোচর হয় এমন স্থানে এলপিজি সিলিন্ডারের চাপ নির্দেশের জন্য একটি চাপ নির্দেশক মিটার স্থাপন করিতে হইবে এবং একটি অতিরিক্ত গেজ বা ইলেকট্রনিক গেজ গাড়ীচালকের কক্ষে স্থাপন করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, উক্ত কক্ষে সিলিন্ডার বা পাইপ হইতে গ্যাস নিঃসরণ বন্ধের জন্য গেজকে পৃথক রাখিতে হইবে।

**১৬৪। এলপিজি জ্বালানী লাইন**।-(১) এলপিজি জ্বালানী লাইন প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত স্ট্যান্ডার্ড বিনির্দেশ অনুযায়ী নির্মিত হইতে হইবে।

(২) এলপিজি পাইপিং পেটানো লোহা বা ইস্পাত অথবা তামার উপাদান দ্বারা তৈরী হইতে হইবে এবং উহাতে ঢালাই লোহার পাইপ ফিটিংস ব্যবহার করা যাইবে না ।

১৬৫। **চাপ সহনীয় নমনীয় হোস পাইপ**।- (১) এলপিজি তে ব্যবহারের জন্য নমনীয় হোস পাইপ যে বিনির্দেশ অনুযায়ী নির্মিত উহার শর্তাবলী পালন করিতে হইবে।

(২) প্রতিটি হোস পাইপের সংযোগস্থলে ৩৫০ পিএসআই কার্যচাপ স্পষ্টভাবে চিহ্নিত থাকিবে এবং উহা এলপিজি ব্যবহারের বোঝানোর জন্য ‘‘এলপি’’ বা অন্য কোন চিহ্ন দ্বারা চিহ্নিত করিতে হইবে।

(৩) স্থাপনের পূর্বে হোস পাইপের সরঞ্জামাদি ২৫০ পিএসআই চাপে পরীক্ষিত হইতে হইবে।

১৬৬। **স্বয়ংক্রিয় যানে পাইপ এবং হোস স্থাপন**।-(১) এলপিজি জ্বালানী লাইন যানের অভ্যমন্তরে চালক বা যাত্রী বসিবার স্থানে স্থাপন করা যাইবে না ।

(২) সকল জ্বালানী লাইন এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে উহা ঘর্ষণ, দুর্ঘটনাজনিত কারণে বা স্বয়ংক্রিয়যানের চাকা বা টায়ারে বাহির হইতে নিক্ষিপ্ত বস্তুর আঘাত প্রতিহত করিতে পারে।

(৩) জ্বালানী লাইন সংক্ষিপ্তর পথে একটি পাইপের মাধ্যমে স্থাপন করিতে হইবে এবং উক্ত লাইন স্থাপনের ক্ষেত্রে পাইপে কোনরূপ জোড়া দেওয়া যাইবে না।

(৪) বহুমুখী ভাল্ব এবং এলপিজি সলিনয়েড ৬ মি.মি ব্যাসের কপার পাইপ দ্বারা সংযুক্ত থাকিবে যাহা স্বয়ংক্রিয়যানের বাহিরে স্থাপন করিতে হইবে এবং ফিলিং পয়েন্ট এবং বহুমুখী ভাল্বের মধ্যে ৮ মি.মি কপার পাইপ দ্বারা সংযুক্ত থাকিবে।

(৫) যদি ধারণপাত্র যানের মধ্যে স্থাপন করা হয় তবে জ্বালানী লাইনের পথ বায়ু নিরোধী একটি বাক্সের মধ্যে স্থাপন করিতে হইবে।

(৬) জ্বালানী লাইন ৬০০ মিলি মিটার এর কম নয় এমন ব্যবধানে মজবুতভাবে আটকানো থাকিবে এবং স্বয়ংক্রিয়যানের বর্জ্য ধুঁয়া নিগর্মন স্থান হইতে অন্যূন ২৫০মি.মি দূরে থাকিতে হইবে।

১৬৭। **সংযুক্তি এবং সংযোগ**।- (১) জ্বালানী লাইনের সংযোগ এলপিজি ব্যবহার উপযোগী হইতে হইবে।

(২) ৫ পিএসআই এর অধিক তবে অনধিক ১২৫ পিএসআই কার্যকরী চাপে ব্যবহৃত বাষ্পীয়ভবন যন্ত্র ব্যবহারের ক্ষেত্রে সংযুক্তিসমূহ নূন্যতম ১২৫ পিএসআই চাপে ডিজাইনকৃত হইতে হইবে।

(৩) ৫ পিএসআই অধিক চাপে এলপিজি তরল বা বাষ্পীয় পরিবাহী হোস, হোস সংযুক্তি এবং নমনীয় সংযোগসমূহ এলপি গ্যাসের বাষ্প বা তরল উভয়বিধ ক্ষতিকর প্রভাব মুক্ত হইবে এমনভাবে নির্মিত হইতে হইবে।

(৪) ১২৫ পিএসআই এর অধিক কার্যচাপে তরল এলপি-গ্যাস অথবা বাষ্প এলপিজি গ্যাস এ ব্যবহৃত সংযুক্তিসমূহ অন্যূন ২৫০ পিএসআই তে ডিজাইনকৃত হইতে হইবে।

(৫) সকল সংযোগ স্থাপনের পর জ্বালানী সংযোগসমূহ অন্যূন ৭০০ পিএসআই চাপ সহন ক্ষমতা সম্পন্ন হইবে এইরূপে ডিজাইনকৃত হইতে হইবে।

১৬৮। **রূপান্তর যন্ত্রপাতির ধরণ।-** কোন রূপামত্মর কারখানা বা ব্যক্তি এলপিজি রূপামত্মর যন্ত্রপাতি ব্যবহার করিতে পারিবেন না, যদি না-

(অ) যন্ত্রপাতিগুলি UNECF67 বা UNECE115 বা প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত কোন বিনির্দেশ অনুযায়ী হয়;
(আ) যে স্বয়ংক্রিয় যান রূপামত্মর করা হইবে তাহার জন্য নিরাপদ হয়;
(&ই) রূপামত্মর যোগ্য স্বয়ংক্রিয় যানের জন্য উপযুক্ত হয়।

১৬৯। **উপযুক্ত প্রকৌশলী।-** (১) উপযুক্ত প্রকৌশলী এলপিজি রূপামত্মর কাজে যোগ্য মর্মে প্রধান পরিদর্শক বা তৎকর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে যোগ্য প্রকৌশলীরূপে অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(২) উপযুক্ত প্রকৌশলীর নিমণবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ৪ বৎসর মেয়াদি যান্ত্রিক প্রকৌশল বিষয়ে সণাতক ডিগ্রী;
(খ) সরকার কর্তৃক অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশিস্নষ্ট বিষয়ে যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত; এবং
(গ) করণীয় কার্যে উপযুক্ত এবং কার্যপদ্ধতি ও জরম্নরি কার্য পরিকল্পনা বাসত্মবায়নের উপযুক্ত মর্মে প্রধান পরিদর্শক বা সরকার কর্তৃক স্বীকৃত কোন প্রতিষ্ঠান হইতে লাইসেন্সপ্রাপ্ত।

(৩) উপযুক্ত প্রকৌশলী তাহার যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সকল সনদসহ যোগ্য প্রকৌশলী হিসাবে স্বীকৃতির জন্য প্রধান পরিদর্শক এর নিকট আবেদন করিবেন এবং প্রধান পরিদর্শক এর নিকট যোগ্য বিবেচিত হইলে তিনি অনুমোদন প্রদান করিবেন অন্যথায় আবেদন প্রত্যাখ্যান করিবেন।

(৪) উপযুক্ত প্রকৌশলী স্বয়ংক্রিয় যান এলপিজিতে রূপামত্মরের সময় নিমণলিখিত বিষয়াবলী প্রতিপালন করিবেন, যথা:-

(A) প্রধান পরিদর্শক কর্তৃক স্বীকৃত বা জারীকৃত কোন কোড অব প্রাকটিস, বিনির্দেশ বা গাইড লাইন অনুসারে পরিপূর্ণ কারিগরী দক্ষতার সহিত রূপামত্মর যন্ত্রপাতি স্থাপন;
(আ) রূপামত্মর যন্ত্রপাতির নির্মাতা কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুসরণ;
(B) অন্য স্বয়ংক্রিয় যানে ব্যবহৃত রূপামত্মর যন্ত্রপাতি ব্যবহার করিবেন না;
(C) প্রতিটি স্বয়ংক্রিয় যানের রূপামত্মর যন্ত্রপাতিসহ রূপামত্মর সংক্রান্ত সকল তথ্যাদি একটি রেজিষ্টারে কমপক্ষে ১০ বৎসর পর্যমত্ম সংরক্ষণ করিবেন;
(D) রূপামত্মরের পর উপযুক্ত প্রকৌশলী নিমণরূপে একটি সনদপত্র স্বয়ংক্রিয় যানের মালিককে প্রদান করিবেন, যথা ''এই মর্মে নিশ্চয়তা প্রদান করা যাইতেছে যে, তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০8 এর নির্দেশনা অনুযায়ী উক্ত স্বয়ংক্রিয় যানের নিবন্ধন নম্বর................................ , স্বয়ংক্রিয় যানটি আমার তত্ত্বাবধানে এলপিজি রূপামত্মর যন্ত্রপাতি স্থাপন, পর্যবেক্ষণ ও পরীক্ষা করা হইয়াছে এবং জনসাধারণের ব্যবহারের জন্য নিরাপদ'';
(E) রূপামত্মরিত স্বয়ংক্রিয় যানের মালিক উপ-বিধি ৩ এর দফা (&&&&&উ) তে উলিস্নখিত সনদ সকল সময় স্বয়ংক্রিয় যানে সংরক্ষণ করিবেন।

## ষষ্ঠদশ অধ্যায়
## বিবিধ

**১৭০। সাধারণ অব্যাহতি।-** সরকার, প্রধান পরিদর্শকের সুপারিশক্রমে কোন ব্যক্তিকে এই বিধির যে কোন বিধান, লিখিত আদেশ দ্বারা এবং উহাতে উলিস্নখিত শর্ত সাপেক্ষে, যদি থাকে, হইতে অব্যাহতি দিতে পারিবেন।

১৭১। **বিধিমালার অপর্যাপ্ততার ক্ষেত্রে মানসূচক বিনির্দেশ বা বিধি বিধান প্রয়োগ।-** গ্যাসাধার বা সিলিন্ডারে গ্যাস ভর্তি, রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহার, স্বয়ংক্রিয় যানকে এলপিজিতে রূপামন্তরের উদ্দেশ্যে কারখানা স্থাপন অথবা সিলিন্ডার, গ্যাসাধার বা রেটিকুলেটেড পদ্ধতিতে স্থাপিত এলপিজি মজুদ ও পরিবহন সরঞ্জাম পরীক্ষণ পদ্ধতি, রক্ষণাবেক্ষণ ও মেরামতের বিষয়ে এই বিধিমালার কোন বিধান অপর্যাপ্ত প্রতীয়মান হইলে, উক্ত বিষয়ে প্রধান পরিদর্শকের অনুমোদন সাপেক্ষে, বিশ্বের অন্যান্য দেশে প্রচলিত মানসূচক বিনির্দেশ বা বিধি-বিধান অনুসরণ করা যাইবে।

**১৭২। গ্যাসাধার, ইত্যাদির নিরাপত্তার জন্য নির্দেশ প্রদানের ক্ষমতা।-** এলপিজি এর কোন সিলিন্ডার বা গ্যাসাধার, এলপিজি পরিবহন যান, সিলিন্ডারে এলপিজি ভর্তি পস্ন্যান্ট, এলপিজি রিফুয়েলিং স্টেশন বা এলপিজি মজুদের প্রাঙ্গণের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় মনে করিলে প্রধান পরিদর্শক বা কোন বিস্ফোরক পরিদর্শক, উক্ত এলপিজি সিলিন্ডার, গ্যাসাধার, যান বা প্রাঙ্গন মেরামত করা বা অন্য কোন ব্যবস্থা গ্রহণের জন্য অন্যূন ১৫ (পনের) দিনের লিখিত নির্দেশ দিতে পারিবেন এবং সংশিস্নষ্ট গ্যাসাধার, যান বা প্রাঙ্গণের মালিক বা লাইসেন্সধারী উক্ত নির্দেশ পালনে বাধ্য থাকিবেন।

**১৭৩। গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ এবং গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর প্রয়োগ।-** (১) এই বিধিমালার পঞ্চম ও ষষ্ঠ অধ্যায়ের কোন বিধান অপর্যাপ্ত প্রতীয়মান হইলে গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ বা গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫, যাহা প্রযোজ্য, এর বিধান অনুসরণ করিতে হইবে।

(২) এই বিধিমালার কোন বিধানের সহিত গ্যাস সিলিন্ডার বিধিমালা, ১৯৯১ বা গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর কোন বিধান সাংঘর্ষিক হইলে, এই বিধিমালার বিধান প্রাধান্য পাইবে।'';

**তফসিল-১**
**লাইসেন্স**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

| ক্রমিক নং | ফরম | যে উদ্দেশ্যে লাইসেন্স প্রদত্ত | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | 'গ' | এলপিজি গ্যাস আমদানি | প্রধান পরিদর্শক |
| ২। | 'ঙ' | স্থাপনায় এলপিজি মজুদ এবং মোটর যানের সাথে সংযুক্ত সিলিন্ডারে জ্বালানী হিসাবে অথবা হসত্মামত্মরযোগ্য সিলিন্ডারে এলপিজি ভর্তি | প্রধান পরিদর্শক |
| ৩। | 'চ' | সিলিন্ডারে তরলীকৃত এলপিজি মজুদ | প্রধান পরিদর্শক অথবা তৎকর্তৃক ক্ষমতা প্রাপ্ত কোন বিস্ফোরক পরিদর্শক |
| ৪। | 'জ' | জলপথে বা স্থলপথে গ্যাসাধারে এলপিজি পরিবহন | প্রধান পরিদর্শক |
| ৫। | 'ঞ' | রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের জন্য লাইসেন্স | প্রধান পরিদর্শক |

**তফসিল- ২**

**ফরমসমূহ**

**ফরম ‘ক’**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১৭ দ্রষ্টব্য]

**এলপিজিবাহী জাহাজ বন্দরে প্রবেশের পূর্বে মাস্টার বা এজেন্ট কর্তৃক প্রদত্ত ঘোষণাপত্র**

| | | |
|---|---|---|
| ১। | জাহাজের নাম | : |
| ২। | জাহাজে বহনকৃত এলপিজি এর মোট পরিমাণ | : |
| ৩। | বন্দরে যে পরিমাণ এলপিজি খালাস করা হইবে | : |
| ৪। | যে ভাবে এলপিজি বহনকৃত [বাল্কে/স্থানামন্তরযোগ্য আধারে/ নিম্নচাপ হিমায়িত আধারে/ সিলিন্ডারে] | : |
| ৫। | এলপিজি মজুদের লাইসেন্স নম্বর, লাইসেন্সকৃত পরিমাণ এবং মজুদ প্রাঙ্গণের অবস্থান | : |
| ৬। | মমত্মব্য | : |

তারিখঃ----------------

ক্যাপ্টেনের স্বাক্ষর

আমদানীকারক বা এজেন্টের স্বাক্ষর

**ফরম 'খ'**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

**এলপিজি আমদানির লাইসেন্সের জন্য আবেদন**

১। আমদানিকারকের নাম ও ঠিকানা :

২। আমদানিতব্য এলপিজি এর পরিমাণ :

৩। আমদানিতব্য এলপিজি এর উপাদান :

৪। আমদানিতব্য এলপিজি এর বাষ্পীয় চাপ :

৫। আমদানিতব্য এলপিজি-

(ক) গন্ধযুক্ত কি না :

(খ) গন্ধযুক্ত করা হইলে কি পদার্থ দ্বারা গন্ধযুক্ত করা হইয়াছে ইহার প্রচলিত ও রাসায়নিক নাম :

৬। এলপিজি মজুদের লাইসেন্স নম্বর, লাইসেন্সকৃত পরিমাণ এবং মজুদ প্রাঙ্গণের অবস্থান :

৭। এলপিজি কিভাবে আমদানি হইবে বাল্কে বা হসত্মামত্মরযোগ্য ধারণপাত্রে :

৮। স্থানামত্মরযোগ্য ধারণপাত্রের ধরন-

(১) স্থানামত্মরযোগ্য গ্যাসাধার :

(২) স্থানামত্মরযোগ্য নিম্নচাপ হিমায়িত আধার :

(৩) সিলিন্ডার :

৯। স্থানামত্মরযোগ্য ধারণপাত্র-

(ক) যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে তৈরী উহার নাম, নম্বর ইত্যাদি :

(খ) আধারের ধরণ, সনাক্তকরণ রং :

(গ) নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম, ঠিকানা ও প্রতীক :

(ঘ) ভাল্ভ যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে তৈরী উহার নাম ও নং :

(ঙ) গ্যাসের পূরণ অনুপাত :

(চ) সর্বশেষ কৃত উদস্থিতি বা প্রযোজ্য অন্য পরীক্ষার তারিখ :

(ছ) আধারের নম্বর (রোটেশন নম্বর) :

তারিখ                                                            আমদানিকারকের স্বাক্ষর

---

দাবীর সমর্থনে কাগজপত্র দরখাসেত্মর সহিত দাখিল করিতে হইবে।

**ফরম ‘গ’**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১৪ দ্রষ্টব্য]

**এলপিজি আমদানির লাইসেন্স**

নং ফি

এতদ্দ্বারা..................................................................................................................................কে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী সাপেক্ষে ------------- বন্দরের মাধ্যমে -------------স্থাপনায় প্রেরণের উদ্দেশে ---------- কিলোলিটার/ টন তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস আমদানির জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

**ধারণপাত্রের বিবরণ**

| ধারণপাত্রের ধরন | ধারণপাত্রের সংখ্যা | প্রতিটি ধারণপাত্রের জলধারণ ক্ষমতা | যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে ধারণপাত্র নির্মিত উহার নাম ও সংখ্যা |
|---|---|---|---|
| | | | |

এই লাইসেন্স ................................. তারিখ পর্যমন্ত বলবৎ থাকিবে।

তারিখ প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

**ফরম 'ঘ'**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

**এলপিজি মজুদকরণ অথবা মজুদকরণ ও সিলিন্ডারে উক্ত গ্যাস ভর্তি করিবার জন্য লাইসেন্স মঞ্জুর বা সংশোধনের দরখাসত্ম**

১। দরখাসত্মকারীর পূর্ণ নাম ও ঠিকানা :

২। যে প্রাঙ্গণে এলপিজি মজুদ করা হইবে এবং সিলিন্ডারে গ্যাস ভর্তি করা হইবে উহার অবস্থান

জেলা :

উপজেলা/থানা :

গ্রাম /শহর/মৌজা :

খতিয়ান ও দাগ নং/হোল্ডিং নং :

৩। মজুতব্য এলপিজি এর পরিমাণ -

গ্যাসাধারে :

মজুদাগারে সিলিন্ডারে :

৪। মজুদের উদ্দেশ্য [যেমনঃ বহনযোগ্য সিলিন্ডারে ভর্তি/ মোটরযানের জ্বালানী হিসাবে উক্ত যানে সংযুক্ত সিলিন্ডারে ভর্তি/আধারে বা পাইপ লাইনে সরবরাহের উদ্দেশ্যে]

৫। কোন ফরমে লাইসেন্স প্রয়োজন :

৬। ফরমে উলিস্নখিত সকল শর্তাবলী পালন করে কি না অথবা উহা পালনের উপযোগিতা আছে কি না :

৭। প্রাঙ্গণে ইতোপূর্বে মজুদকৃত এলপিজি এর পরিমাণ :

৮। এলপিজি আমদানির প্রসত্মাবিত পরিমাণ :

৯। অতিরিক্ত তথ্য যদি থাকে :

১০। মন্তব্য :

আমি/ আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরি-উক্ত তথ্যাবলী যাচাই করা হইয়াছে এবং উহা সত্য। আমি/ আমরা অংগীকার করিতেছি যে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এবং মঞ্জুরীতব্য লাইসেন্সের শর্ত পালন করিয়া উপরোক্ত প্রাঙ্গণে এলপিজি মজুদ করিব। আমি/ আমরা অবহিত আছি যে, উক্ত আইনের বা বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সের কোন শর্ত লংঘনকারী সর্বোচ্চ ১০ (দশ) বৎসর পর্যমত্ম কারাদ-- এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যমত্ম অর্থদ-- দ-নীয় হইবেন।

দরখাসত্মকারীর স্বাক্ষর

টীকাঃ দরখাসেত্মর সাথে দাখিলতব্য কাগজপত্রঃ

(১) বিধি ১১১ (২) অনুযায়ী ৫খানা নকশা;

(২) বিধি ১১১ (৯) অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানের ট্রেজারী চালান।

**ফরম ‘ঙ’**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

**স্থাপনায় এলপিজি মজুদ এবং মোটর যানের সাথে সংযুক্ত সিলিন্ডারে জ্বালানী হিসাবে অথবা হসত্মামত্মরযোগ্য সিলিন্ডারে এলপিজি ভর্তির লাইসেন্স**

নং ফি

এতদ্দ্বারা.........................................................................................................................কে, Explosives Act, 1884 (IV of 1884) ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং অধিকন্তু, অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে--------------------------লিটার এলপিজি এতদসংযুক্ত নকশায় প্রদর্শিত ও নিম্নবর্ণিত স্থাপনায়/ রিফুয়েলিং স্টেশনে মজুদের জন্য এবং ----------------------------------- সিলিন্ডারে উক্ত গ্যাস ভর্তির জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, তারিখ পর্যমত্ম বলবৎ থাকিবে।

তারিখ প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

নকশা নং ................ তারিখ................

উপরোলিস্নখিত স্থাপনা/ রিফুয়েলিং স্টেশনের বর্ণনা

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এতদ্দ্বারা লাইসেন্সকৃত প্রাঙ্গণটি.........................তারিখে .......................... কর্তৃক পরিদর্শন করা হইয়াছে যিনি প্রাঙ্গণটি এতদ্সংযুক্ত অনুমোদিত নকশা অনুসারে এবং লাইসেন্সের শর্ত ........... এবং বিধি ................. এর পরিপালন দেখিতে পাইয়াছেন মর্মে প্রত্যায়ন করিয়াছেন।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |

লাইসেন্সকৃত প্রাঙ্গণ পরিদর্শনকালে এতদ্সংযুক্ত বর্ণনা এবং শর্ত মোতাবেক পাওয়া না গেলে এই লাইসেন্সটি বাতিল বলিয়া গণ্য হইবে এবং উপরন্তু যে সমসত্ম বিধানাবলী ও শর্ত সাপেক্ষে এই লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে উহার যে কোনটি ভংগের জন্য সর্বোচ্চ ১০ (দশ) বৎসর পর্যমত্ম কারাদ- এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যমত্ম অর্থদ- হইবে।

**লাইসেন্সের শর্তাবলী**

১। লাইসেন্সকৃত স্থাপনা গ্যাসাধারে গ্যাস মজুদ, সিলিন্ডারে এলপিজি ভর্তি এবং সরাসরি তৎসংশিস্নষ্ট কার্যক্রম ব্যতীত অন্যকোন কাজে ব্যবহার করা যাইবে না।

২। গ্যাসাধারে এলপিজি মজুদ এবং সিলিন্ডারে এলপিজি ভর্তি কেবলমাত্র স্থাপনার মধ্যে এতদ্সংযুক্ত অনুমোদিত নকশায় নির্ধারিত স্থানে এবং শেডে করিতে হইবে।

৩। এলপিজি মজুদের প্রতিটি গ্যাসাধারে এবং পাইপসমূহ কোন ভবনের বাহিরে এবং উহা উত্তমভাবে ডিজাইনকৃত ভিত্তির উপর স্থাপিত হইবে ।

৪। গ্যাসাধারের যন্ত্রাংশ সর্বদা সর্বোত্তম অবস্থায় রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

৫। এলপিজি মজুদের গ্যাসাধার অন্য কোন সুবিধাদি, ভবন, সীমানা বেষ্টনী বা সংরক্ষণীয় পূর্তকর্ম হইতে, তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ৭৯ তে নির্ধারিত, দূরত্ব সর্বদা বজায় রাখিতে হইবে।

৬। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত পূর্ব অনুমতি ব্যতীত লাইসেন্সকৃত স্থাপনায় কোনরূপ রদ-বদল করা যাইবে না।

**ব্যাখ্যাঃ** এই শর্তে ''স্থাপনা'' বলিতে মজুদ আধার হইতে নির্গত ও গ্যাসাধারে সমাপ্ত পাইপ এবং ভর্তি ও খালাস করিবার পাইপের সহিত সংযুক্ত সকল সুবিধাদি, পন্টুন, জেটি ও অন্যান্য অবতরণ সুবিধাদি অন্তর্ভূক্ত হইবে।

৭। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রাঙ্গণের নিরাপত্তার প্রয়োজনে কোন মেরামত করিবার জন্য যদি লাইসেন্সধারীকে লিখিত নির্দেশ প্রদান করেন তবে লাইসেন্সধারী নোটিশে নির্দিষ্ট মেয়াদ, যাহা নোটিশ প্রাপ্তির তারিখ হইতে একমাসের কম নহে, এর মধ্যে লাইসেন্সকৃত প্রাঙ্গণে উক্তরূপ মেরামত কার্য সম্পাদন করিবেন।

৮। এলপিজি মজুদ বা ভর্তি এলাকায় যাহাতে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ না করিতে পারে সেইদিকে যথেষ্ট সর্তকতা অবলম্বন করিতে হইবে।

৯। এলপিজি স্থাপনার ভিতরে ও চতুর্পার্শ্বে যাহাতে গ্যাস জমিতে না পারে তাহার জন্য সকল সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১০। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন সিলিন্ডারে এলপিজি ভর্তি করা যাইবে না, যদি না-

(১) এইরূপ সিলিন্ডার ও ইহার ভাল্ভ প্রধান পরিদর্শক কর্তৃক অনুমোদিত ধরনের এবং তৎকর্তৃক স্বীকৃত কোন স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুযায়ী তৈরী হইয়া থাকে; এবং

(২) সিলিন্ডারটিকে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ৬৫ অনুসারে পর্যবেক্ষণ ও পরীক্ষণ করা হয়।

১১। সিলিন্ডারে গ্যাস ভর্তির পূর্বে ভাল্ভ ও যন্ত্রাংশসহ প্রতিটি সিলিন্ডার যথাযথভাবে পর্যবেক্ষণ করিয়া নিশ্চিত হইতে হইবে যে, তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর প্রযোজ্য বিধানাবলী উহার ক্ষেত্রে পরিপালন করা হইয়াছে এবং গ্যাস ভর্তির জন্য প্রেরণের পূর্বে সিলিন্ডারটিকে সম্পূর্ণ খালি করিতে হইবে।

১২। অগ্নিকা- বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সর্বদা যথাযথ সতর্কতামূলক ব্যবস্থা লইতে হইবে; পর্যাপ্ত অগ্নি-নির্বাপণ সরঞ্জামাদি তাৎক্ষণিক ব্যবহারের জন্য সদা প্রস্তুত রাখিতে হইবে।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন দুর্ঘটনা, অগ্নিকা- অথবা বিস্ফোরণ ঘটিলে এবং সেই দুর্ঘটনায় জীবননাশ বা ব্যক্তি অথবা সম্পত্তির ভয়ঙ্কর ক্ষতি হইলে তাহা নিকটতম ম্যাজিস্ট্রেট কিংবা নিকটতম থানার ভারপ্রাপ্ত অফিসারকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ -কে সম্ভাব্য দ্রুততম পন্থায় অবহিত করিতে হইবে।

১৪। কোন সিলিন্ডারে ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং বিএস ৫৩৫৫ এ বর্ণিত পূরণ অনুপাতের অতিরিক্ত এলপিজি ভর্তি করা যাইবে না।

১৫। যখন কোন সিলিন্ডারের ভাল্ভ পরিবর্তন প্রয়োজন হয় তখন সিলিন্ডারের গায়ে লিপিবদ্ধ মূল টেয়ার ওজন যাচাই করিতে হইবে; এবং আবশ্যকীয় ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

১৬। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধান অনুসারে কোন সিলিন্ডার লাল রং এ রঞ্জিত না হইলে উহাতে এলপিজি ভর্তি করা যাইবে না।

১৭। স্থাপনায় গ্যাস সংকোচন এবং ভর্তির কাজে ব্যবহৃত বৈদ্যুতিক সরঞ্জাম, যেমন মোটর, সুইচ, বাতি ইত্যাদি ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং বিএস ৪৬৮৩ অনুসারে নির্মিত অগ্নি-নিরেধী ধরনের হইবে।

১৮। প্রধান বিস্ফোরক পরিদর্শক কর্তৃক স্বীকৃত কোন স্ট্যা-ার্ড স্পেসিফিকেশন অনুযায়ী নির্মিত নহে অথবা অন্য কোন ফিলিং পস্ন্যান্টে বা অন্য কোনভাবে এলপিজি ভর্তি করা হইয়াছিল এমন সিলিন্ডারে, লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের নিকট হইতে লিখিত পূর্বানুমতি ব্যতীত এলপিজি ভর্তি করা যাইবে না।

১৯। লাইসেন্সকৃত স্থাপনায় গ্যাসাধারে এলপিজি ভর্তি ও খালাশ, সিলিন্ডারে এলপিজি ভর্তি, ফিলিং স্টেশনে স্বয়ংক্রিয় ইঞ্জিনের জ্বালানী হিসাবে এলপিজি সরবরাহ ইত্যাদি সকল কার্যক্রম একজন উপযুক্ত ব্যক্তি কর্তৃক বা তাহার অধীনে পরিচালিত হইবে যিনি এই লাইসেন্সের শর্তাবলী সম্পর্কে বিশেষভাবে অবহিত থাকিবেন।

২০। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কর্মরত প্রত্যেক ব্যক্তি অগ্নিকা- অথবা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন কোন কার্য করিবেন না বা করিতে চেষ্টা করিবেন না অথবা কাহাকেও করিতে দিবেন না। প্রত্যেকে লাইসেন্সের শর্তাবলী পালন করিবেন, অগ্নিকা- এবং বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সকল পূর্ব সর্তকতা অবলম্বন করিবেন।

২১। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ এ উলিস্নখিত কর্মকর্তাকে লাইসেন্সকৃত প্রাঙ্গণে সকল যুক্তিসংগত সময়ে প্রবেশ করিতে দিতে হইবে এবং বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইতেছে কি না নিরূপণের জন্য উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ সুবিধা দিতে হইবে।

**ফরম 'চ'**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

**এলপিজিপূর্ণ সিলিন্ডার অধিকার রাখিবার লাইসেন্স**

নং ফি

এতদ্দ্বারা-------------------------------------------------------------------------------------------কে, Explosives Act, 1884 (IV of 1884) ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদসংযুক্ত নকশায় প্রদর্শিত ও নিম্নবর্ণিত প্রাংগণে এলপিজিপূর্ণ সিলিন্ডার অধিকারে রাখিবার লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, সাল পর্যমত্ম বলবৎ থাকিবে।

তারিখঃ -------------- লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

নকশা নং ----------------- তারিখ-------------

**লাইসেন্সকৃত প্রাংগণের অবস্থান ও বর্ণনা**

আমি এই মর্মে প্রত্যয়ণ করিতেছি যে, এতদ্দ্বারা লাইসেন্সকৃত প্রাঙ্গাণটি..................... তারিখে ....................................কর্তৃক পরিদর্শন করা হইয়াছে যিনি প্রাঙ্গাণটি এতদসংযুক্ত অনুমোদিত নকশা অনুসারে এবং লাইসেন্সের শর্ত নং .......... এবং বিধি............ এর পরিপালন দেখিতে পাইয়াছেন মর্মে প্রত্যায়ন করিয়াছেন।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

পরিদর্শনকালে এতদসংযুক্ত বর্ণনা ও শর্তাবলী অনুসারে লাইসেন্সকৃত প্রাঙ্গাণ পরিদৃষ্ট না হইলে এই লাইসেন্স বাতিল হইয়া যাইবে এবং যে সমসত্ম বিধি ও শর্তাবলীর অধীন এই লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে উহার কোন একটির লংঘনের প্রথম অপরাধের জন্য তিন মাস পর্যমত্ম জেল বা পাঁচ হাজার টাকা পর্যমত্ম জরিমানা অথবা উভয়বিধ দ- আরোপ করা যাইতে পারে এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য ছয় মাস পর্যমত্ম জেল বা দশ হাজার টাকা পর্যমত্ম জরিমানা অথবা উভয়বিধ দ- আরোপ করা যাইতে পারে।

**শর্তাবলী**

১। অদাহ্য বস্তু দ্বারা নির্মিত মজুদাগারে এই লাইসেন্সের সহিত সংযুক্ত অনুমোদিত নকশায় এলপিজিপূর্ণ নিখুঁত সিলিন্ডার মজুদ করিতে হইবে।

২। গ্যাসপূর্ণ সিলিন্ডার মজুদ ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে লাইসেন্সেকৃত প্রাংগণ ব্যবহার করা যাইবে না।

৩। মজুদাগার হইতে বায়ু নির্গমনের জন্য উহার মেঝের কাছাকাছি দেয়ালে এবং ছাদে বা ছাদসংলগ্ন দেয়ালে পযাপ্ত নির্গমন পথ থাকিবে। বায়ু নির্গমন পথগুলি তামার তৈরী জাল বা অনুরূপ জাল দ্বারা আচ্ছাদিত করিতে হইবে। এইরূপ জালের প্রতি সেন্টিমিটারে অন্যূন ১১টি ফাঁস থাকিবে।

৪। ১০০ হইতে ৫০০ কিলোগ্রাম এলপিজি এর মজুদাগার কোন ভবনের অংশ বিশেষ বা উহার সংলগ্ন হইলে, মজুদাগার উক্ত ভবন হইতে মজবুত প্রাচীর দ্বারা পৃথকীকৃত হইতে হইবে এবং মজুদাগারের প্রবেশের জন্য সরাসরি এবং স্বতন্ত্র পথ থাকিবে। এইরূপ মজুদাগার সিঁড়ির নীচে অবস্থিত হইবে না।

৫। ৫০০ কিলোগ্রামের অধিক এলপিজি এর গজুদাগার এবং কোন ভবন, জনসমাগমস্থল বা রাসত্মার মধ্যে নিম্নলিখিত ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে এবং উক্ত ফাঁকা জায়গায় কোন অননুমোদিত লোকজন প্রবেশ করিতে দেওয়া যাইবে নাঃ-

| গ্যাসের পরিমাণ (কিলোগ্রাম) | | ন্যূনতম দূরত্ব (মিটারে) |
|---|---|---|
| ৫০১-১০০০ | .... | ৩ |
| ১০০১-৪০০০ | .... | ৫ |
| ৪০০১-৮০০০ | .... | ৭ |
| ৮০০১-১২০০০ | .... | ৯ |
| ১২০০০ এর উর্ধ্বে | .... | ১০ঃ |

তবে শর্ত থাকে যে, উপরোক্ত দূরত্ব প্রধান পরিদর্শক হ্রাস করিতে পারেন, যদি হ্রাসকৃত দূরত্বের শেষপ্রামেত্ম

(ক) প্রাচীর দেওয়া হয় বা অন্য কোন বিশেষ সাবধানতা অবলম্বন করা হয়, অথবা

(খ) বিশেষ পারিপার্শ্বিক অবস্থার কারণে প্রধান পরিদর্শক সন্তুষ্ট হন যে, এইরূপ হ্রাসকরণ যথার্থ।

৬। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের লিখিত পূর্বানমোদন ব্যতীত লাইসেন্সকৃত প্রাঙ্গণের কোনরূপ রদবদল করা যাইবে না। অনুমোদিত কোন রদবদল এই লাইসেন্সের সহিত সংযুক্ত নকশায় দেখাইতে হইবে।

৭। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রাঙ্গণের নিরাপত্তার জন্য প্রয়োজনে কোন মেরামত করিবার জন্য যদি লাইসেন্সধারীকে লিখিত নির্দেশ প্রদান করেন, তবে লাইসেন্সধারী নোটিশের নির্দিষ্ট মেয়াদ, নোটিশ প্রাপ্তির তারিখ হইতে এক মাসের কম নহে এর মধ্যে লাইসেন্সকৃত প্রাঙ্গণে উক্তরূপ মেরামত কার্য সম্পাদন করিবেন।

৮। এলপিজি সিলিন্ডার নিম্নোক্ত পদ্ধতিতে স্তুপিকৃত রাখা যাইতে পারে -

(ক) গ্যাসপূর্ণ সিলিন্ডার এমনভাবে রাখিতে হইবে যাহাতে উহার সেফটি রিলিফ ভাল্ভ বাষ্পীয় অংশের সহিত সরাসরি সংযোগ অবস্থায় থাকে;

(খ) গ্যাসপূর্ণ সিলিন্ডার উলম্বভাবে তিন তাকের বেশী উচ্চতায় রাখা যাইবে না;

(গ) খালি সিলিন্ডার আনুভৌমিকভাবে রাখা যাইতে পারে তবে সে ক্ষেত্রে সাত তাকের বেশী উচ্চতায় রাখা যাইবে না;

(ঘ) মজুদকৃত সিলিন্ডারের তাক যাহাতে স্থির থাকে সেইজন্য স্তুপ প্রামেত্ম অবলম্বনের ব্যবস্থা করিতে হইবে;

(ঙ) প্রতিটি সিলিন্ডারের নিকট যাহাতে সহজে যাওয়া যায় সেই উদ্দেশ্যে এক বা দুই সারিতে রক্ষিত দুই স্তুপ সিলিন্ডারের মধ্যে অথবা অনুরূপ কোন স্তুপ এবং দেওয়ালের মধ্যে অন্যূন ৬০ সেমিঃ প্রশসত্ম পথ রাখিতে হইবে।

৯। এলপিজি মজুদাগার প্রাঙ্গণে কোন ব্যক্তি ধুমপান করিবেন না অথবা দিয়াশলাই, আগুন, বাতি বা এলপিজিতে আগুন জ্বালাইতে সক্ষম এমন কোন পদার্থ আনা যাইবে না।

১০। এলপিজি মজুদ প্রাঙ্গণে কোন ব্যক্তি অগ্নিকান্ড অথবা বিস্ফোরণ ঘটাইতে পারে এমন কোন কার্য করিবেন না বা করিতে চেষ্টা করিবেন না অথবা কাহাকেও করিতে দিবেন না। লাইসেন্সধারী অগ্নিকা- বা বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সকল পূর্ব-সতর্কতা অবলম্বন করিবেন।

১১। তাৎক্ষণিকভাবে ব্যবহারের জন্য পর্যাপ্ত অগ্নি-নির্বাপণ সরঞ্জামাদি প্রস্তুত রাখিতে হইবে। মজুদাগারের প্রবেশ পথে পর্যাপ্ত শুষ্ক কেমিক্যাল বা কার্বন ডাই অক্সাইডপূর্ণ অগ্নিনির্বাপক যন্ত্র রাখিতে হইবে।

১২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধান অনুসারে কোন সিলিন্ডার লাল রং এ রঞ্জিত না হইলে উহা অধিকারে রাখা যাইবে না।

১৩। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন দুর্ঘটনা, অগ্নিকা- অথবা বিস্ফোরণ ঘটিলে এবং সেই দুর্ঘটনায় জীবননাশ বা ব্যক্তি অথবা সম্পত্তির ভয়ঙ্কর ক্ষতি হইলে তাহা নিকটতম ম্যাজিস্ট্রেট কিংবা নিকটতম থানার ভারপ্রাপ্ত অফিসারকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকাকে সম্ভাব্য দ্রুততম পন্থায় অবহিত করিতে হইবে।

১৪। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ তে উলিস্নখিত কর্মকর্তাকে লাইসেন্সকৃত প্রাঙ্গণে সকল যুক্তিসংগত সময়ে প্রবেশ করিতে দিতে হইবে এবং বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইতেছে কি না নিরূপণের জন্য উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা দিতে হইবে।

১৫। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) মজুদ প্রাঙ্গণে যাহাতে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ না করিতে পারে সেইদিকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করিতে হইবে।

**ফরম 'ছ'**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

**গ্যাসাধারে এলপিজি পরিবহনের লাইসেন্সের আবেদন পত্র**

১। আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা :

২। যে যানে এলপিজি পরিবহন করা হইবে উহা যাহার নামে নিবন্ধিত তাহার নাম ও ঠিকানা :

৩। যে জলযানে/স্থলযানে এলপিজি পরিবহন করা হইবে উহার-
নাম :
নিবন্ধন নম্বর :
গ্রোসটন/ মোট ওজন :
নীট টন/ পরিবাহী ওজন :
প্রকোষ্ঠের সংখ্যা এবং প্রত্যেকটি প্রকোষ্ঠের প্রত্যায়িত ধারণ ক্ষমতা (লিটারে) :

৪। গ্যাসাধারের ধরন- :
[সাধারণ তাপীয় চাপের আধার/ নিম্নচাপ হিমায়িত আধার]
৫। জলযানে/স্থলযানে নিরাপত্তা চিহ্ন আছে কি না :
৬। অগ্নি-নির্বাপণ সরঞ্জামাদির বর্ণনা :
৭। পরিবহনের সংবিধিবদ্ধ বিধানাবলী সম্পর্কে সম্যক জ্ঞানসম্পন্ন চালক ও তত্ত্বাবধায়ক যানটিতে নিয়োজিত কি না :
৮। অন্য কোন তথ্য (যদি থাকে) :

আমি/ আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরের তথ্যাবলী যাচাই করা হইয়াছে এবং উহা সত্য। আমি/ আমরা অংগীকার করিতেছি যে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং মঞ্জুরীতব্য লাইসেন্সের শর্ত পালন করিয়া উপরোক্ত যানে এলপিজি পরিবহন করিব। আমি/ আমরা অবহিত আছি যে, উক্ত আইন বা বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সের কোন শর্ত লংঘনকারী সর্বোচ্চ ১০ (দশ) বৎসর পর্যমত্ম কারাদ-- এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যমত্ম অর্থদ-- দ--ত হইবে।

তারিখ------------- দরখাসত্মকারীর স্বাক্ষর।

টীকাঃ দরখাসেত্মর সহিত দাখিলতব্য কাগজপত্র -
(১) বিধি ১১১ (৩) অনুযায়ী ৫ খানা নকশা ;
(২) বিধি ১১১ (৯) অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানের ট্রেজারী চালান।

**ফরম 'জ'**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১১১ দ্রষ্টব্য]

**জলপথে/ স্থলপথে গ্যাসাধারে এলপিজি পরিবহনের জন্য লাইসেন্স**

নং ফি

এতদ্দ্বারা.......................................................................................................................... কে, Explosives Act, 1884 (IV of 1884) ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং অধিকন্তু, অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে গ্যাসাধারে নিম্নবর্ণিত জলযানে/ স্থলযানে এলপিজি পরিবহনের জন্য লাইসেন্স মঞ্জুর করা হইল।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, ................ তারিখ পর্যমত্ম বলবৎ থাকিবে।

তারিখ প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

নকশা নং ................ তারিখ................

**পরিবহন যানের বর্ণনা**

জলযান/ স্থলযানের নাম :
নিবন্ধন নং :
গ্রোস টন :
জলযান/ স্থলযানের প্রস্ত্তকারকের নাম :
নিবন্ধন নং :
ইঞ্জিন নং :
চেসিস নং :
ধারণক্ষমতা :

আমি এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, এতদ্দ্বারা লাইসেন্সকৃত পরিবহন যানটি .............. তারিখে ............................. কর্তৃক পরিদর্শন করা হইয়াছে যিনি যানটি এতদ্সংযুক্ত অনুমোদিত নকশা অনুসারে এবং লাইসেন্সের শর্ত নং .............ও বিধি ............... এর পরিপালন দেখিতে পাইয়াছেন মর্মে প্রত্যায়ন করিয়াছেন।

প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ।

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |

লাইসেন্সকৃত পরিবহন যান পরিদর্শনকালে এতদ্সংযুক্ত বর্ণনা এবং শর্ত মোতাবেক পাওয়া না গেলে এই লাইসেন্সটি বাতিল হইয়া যাইবে এবং যে সমসত্ম বিধানাবলী ও শর্ত সাপেক্ষে এই লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে উহার যে কোনটি ভংগের জন্য সর্বোচ্চ ১০ (দশ) বৎসর পর্যমত্ম কারাদ- এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যমত্ম অর্থদ- হইবে।

**লাইসেন্সের শর্তাবলী**

১। লাইসেন্সকৃত যানটি গ্যাসাধারে এলপিজি ব্যতীত যাত্রী বা অন্য কোন বস্ত্ত পরিবহনের জন্য ব্যবহার করা যাইবে না।

২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং লাইসেন্সের শর্তাবলী সম্বন্ধে সম্যক ধারণাসম্পন্ন দায়িত্বশীল ব্যক্তিকেই কেবল যানটি চালনা করিতে বা উহার সার্বক্ষণিক দায়িত্বে নিয়োজিত রাখিতে হইবে।

৩। গ্যাসাধারে এলপিজি পরিবহন যানে কোন অগ্নিকা- এবং বিস্ফোরণজনিত দুর্ঘটনা প্রতিরোধকল্পে সর্বদা সতর্কতা অবলম্বন করিতে হইবে।

৪। এলপিজি পরিবহনের লাইসেন্সকৃত যানে ধূমপান করা অথবা আগুন, কৃত্রিম আলো বা এলপিজিতে আগুন ধরাইতে সক্ষম এমন কোন বস্তু বহন করা যাইবে না।

৫। সংরক্ষণীয় পূর্তকর্ম হইতে লাইসেন্সকৃত যান সর্বদা নিরাপদ দূরত্ব বজায় রাখিয়া নোঙ্গর বা পার্কিং করিতে হইবে। নিরাপত্তা জোনের মধ্যে এলপিজি ভর্তি বা খালাসের সময় ব্যতীত অন্য কোন সময়ে কোন লোক বা যান অবস্থান করিবে না।

৬। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষেরর লিখিত পূর্বানুমোদন ব্যতীত লাইসেন্সকৃত পরিবহন যানের কোনরূপ রদবদল করা যাইবে না। অনুমোদিত কোন রদবদল এই লাইসেন্সের সহিত সংযুক্ত নকশায় দেখাইতে হইবে।

৭। লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ প্রাঙ্গণের নিরাপত্তার প্রয়োজনে কোন মেরামত করিবার জন্য যদি লাইসেন্সধারীকে লিখিত নির্দেশ প্রদান করেন তবে লাইসেন্সধারী নোটিশের নির্দিষ্ট মেয়াদ, নোটিশ প্রাপ্তির তারিখ হইতে এক মাসের কম নহে, এর মধ্যে লাইসেন্সকৃত পরিবহন যানের উক্তরূপ মেরামতকার্য সম্পাদন করিবেন।

৮। লাইসেন্সকৃত যানের গ্যাসাধারে এলপিজি ভর্তি বা গ্যাসাধার হইতে খালাসের পূর্বে-
(ক) উহার ইঞ্জিন বন্ধ করিতে হইবে এবং যথাযথ সুইচ বা অন্যভাবে ব্যাটারী বিচ্ছিন্ন করিতে হইবে;
(খ) বৈদ্যুতিক তারের সাহায্যে গ্যাসাধারে এলপিজি ভর্তি বা গ্যাসাধার হইতে এলপিজি খালাসের পাইপের সহিত উহার চেসিসের সংযোগ স্থাপন করিতে হইবে।

৯। লাইসেন্সকৃত যানে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ৮ অনুসারে অন্যূযন ২টি করিয়া সনাক্তকরণ ও সতর্কীকরণ লেবেল লাগাইতে হইবে।

১০। এলপিজি হইতে সৃষ্ট অগ্নি-নির্বাপণের উপযোগী পর্যাপ্ত অগ্নি-নির্বাপণ সরঞ্জাম সুবিধাজনক স্থানে সর্বদা কার্যকর অবস্থায় প্রস্তুত রাখিতে হইবে। এই সরঞ্জাম সুগম ও নিরাপদ স্থানে তালাবিহীন অবস্থায় রাখিতে হইবে যাহাতে অগ্নিকা--র সময় তাৎক্ষণিকভাবে উহা ব্যবহার করা যায়।

১১। লাইসেন্সকৃত যানে সর্বদা মূল লাইসেন্স বা উহার প্রামাণিক অনুলিপি রাখিতে হইবে এবং তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ এ কর্তৃত্বপ্রাপ্ত কোন কর্মকর্তা উহা চাহিবামাত্র তাহাকে দেখাইতে হইবে।

১২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ এ কর্তৃত্বপ্রাপ্ত কোন কর্মকর্তাকে সকল যুক্তিসঙ্গত সময়ে লাইসেন্সকৃত যান পরিদর্শন করিতে দিতে হইবে এবং বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইতেছে কি না উহা নিরূপণের জন্য উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা প্রদান করিতে হইবে।

১৩। লাইসেন্সকৃত যানে কোন দুর্ঘটনা, অগ্নিকা- অথবা বিস্ফোরণ ঘটিলে এবং সেই দুর্ঘটনায় জীবননাশ বা ব্যক্তি অথবা সম্পত্তির গুরম্নতর ক্ষয়-ক্ষতি হইলে তাহা নিকটতম ম্যাজিস্ট্রেট বা নিকটবর্তী থানার ভারপ্রাপ্ত অফিসারকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকাকে অবিলম্বে সম্ভাব্য দ্রম্নততম পন্থায় অবহিত করিতে হইবে।

১৪। মাটির সহিত বৈদ্যুতিক সংযোগের (Earthing) জন্য একটি শক্ত এবং নমনীয় তার সর্বদা লাইসেন্সকৃত যানে বহন করিতে হইবে। তারটি কমপক্ষে ৫ মিটার দীর্ঘ হইবে এবং উহার উভয় প্রামেন্ত উপযুক্ত ক্লাম্প বা ক্লিপ থাকিতে হইবে।

১৫। বিদ্যুৎ চালিত পাম্প নিম্নবর্ণিত শর্তাবলী অনুসারে হইবেঃ-
(ক) মোটর, সুইচ, গিয়ার এবং পাম্পের খাঁচার সকল প্রকার বৈদ্যুতিক তার স্থাপন ব্যবস্থা এমনভাবে নির্মিত হইবে যেন উহা অগ্নি-নিরোধী হয় এবং ব্রিটিশ স্ট্যান্ডার্ড বিনির্দেশ নম্বর বিএস ৪৬৮৩ এর শর্তাবলী পূরণ করে; এবং

(K) একটি ডবল পোল সুইচ সহজ নাগালের মধ্যে পাম্প হইতে অন্যূন ৪ মিটার দূরে স্থাপন করিতে হইবে এবং অবশ্যই এমনভাবে সংযুক্ত করিতে হইবে যাহাতে বিদ্যুৎ সরবরাহ হইতে পাম্পটিকে সম্পূর্ণভাবে বিচ্ছিন্ন করা যায়।

**''ফরম 'ঝ'**

ছবি
পাসপোর্ট সাইজ

[বিধি ১১১ এর উপ-বিধি (১) ও (৮) দ্রষ্টব্য]

**রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদকরণের আবেদনপত্র**

১। দরখাসত্মকারীর পূর্ণ নাম :
২। দরখাসত্মকারীর পূর্ণ ঠিকানা :
৩। রেটিকুলেটেড ব্যবস্থা স্থাপনকারী প্রতিষ্ঠানের সরকারী অনুমোদন/মঞ্জুরী পত্রের নম্বর ও তারিখ (সত্যায়িত ফটোকপি সংযুক্ত করিতে হইবে) :
৪। (ক) ডিলারের নাম ও ঠিকানা
(খ) প্রিন্সিপালের নাম ও ঠিকানা :
৫। প্রসত্মাবিত রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ প্রাঙ্গণের অবস্থান-
জেলা :
উপজেলা/থানা :
গ্রাম/শহর/মৌজা :
কারখানা/বহুতল ভবনের নাম ও হোল্ডিং নং :
খতিয়ান ও দাগ নং/পস্নট নং :
৬। প্রসত্মাবিত রেটিকুলেটেড পদ্ধতির বর্ণনা-
(ক) ব্যবহৃত সিলিন্ডারের ধারণক্ষমতা ও সংখ্যা :
(খ) প্রসত্মাবিত গ্যাসাধারের সংখ্যা ও ধারণক্ষমতা
(গ) ভ্যাপারাইজারের ধরণ ও ক্ষমতা ঘনমিটার/ঘন্টা
৭। গ্যাস মজুদ করা হইলে উহার ধরণ-
গ্যাসাধারে/ গ্যাস সিলিন্ডারে :
৮। (ক) যে গ্যাস কোম্পাণীর নিকট হইতে এলপিজি সরবরাহ নেওয়া হইবে উহার নাম :
(খ) সরবরাহকারী গ্যাস পাইপ লাইনের ব্যাস ও কার্য চাপ
৯। ফরমে উলিস্নখিত সকল শর্তাবলী প্রসত্মাবিত প্রাঙ্গণে পালন করে কি না অথবা উহা পালনের উপযোগিতা আছে কি না :
১০। প্রাঙ্গণে ইতিপূর্বে সিলিন্ডারে/আধারে এলপিজি মজুদ, আধারে এলপিজি ভর্তি করা হইয়ছে কিনা। :
১১। অতিরিক্ত তথ্য, যদি থাকে :
১২। মমত্মব্য :

আমি/ আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উপরের তথ্যাবলী যাচাই করা হইয়াছে এবং উহা সত্য। আমি/আমরা অংগীকার করিতেছি যে, Explosives Act, 1884 ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এবং মঞ্জুরীতব্য লাইসেন্সের শর্ত পালন করিয়া উপরোক্ত প্রাঙ্গণে এলপিজি সিলিন্ডারে বা আধারে এলপিজি মজুদ করিব। আমি/আমরা অবহিত আছি যে, উক্ত অ্যাক্ট বা বিধিমালার কোন বিধান এবং লাইসেন্সের কোন শর্ত লঙ্ঘনকারী প্রথম অপরাধের জন্য ২ (দুই) বৎসর পর্যমত্ম কারাদন্ড বা ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা পর্যমত্ম অর্থদন্ড অথবা উভয় দন্ড এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য ৫ (পাচ) বৎসরের কারাদন্ড বা ১,০০,০০০ (এক লক্ষ) টাকা জরিমানা অথবা উভয় দন্ডে দন্ডনীয়।

তারিখ : আবেদনকারীর স্বাক্ষর

---

টীকাঃ আবেদনের সহিত দাখিলতব্য কাগজপত্র:
(১) বিধি ১১১(২) অনুযায়ী ৫ খানা নকশা ;
(২) বিধি ১১১(৯) অনুযায়ী প্রয়োজনীয় ফি প্রদানের ট্রেজারী চালান ।

ছবি
পাসপোর্ট সাইজ

**ফরম ‘ঞ’**
[বিধি ১১১ এর উপ-বিধি (৮) দ্রষ্টব্য]

**রেটিকুলেটেড পদ্ধতিতে এলপিজি মজুদ ও ব্যবহারের লাইসেন্স**

নং ফি:

এতদ্দারা Explosives Act, 1884 ও তদধীন প্রণীত তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধানাবলী এবং অপর পৃষ্ঠায় বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, এতদ্সংযুক্ত নকশায় প্রদর্শিত ও নিম্নবর্ণিত প্রাঙ্গণে, গুচ্ছ সিলিন্ডার/ট্যাংক বা বাল্ক আকারে মজুদ ও পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ এর লাইসেন্স মঞ্জুর প্রসঙ্গে।

এই লাইসেন্স ৩১ শে ডিসেম্বর, ২০ সাল পর্যমত্ম বলবৎ থাকিবে।

তারিখ: লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

নকশা নং তারিখ:

লাইসেন্সকৃত প্রাঙ্গণের অবস্থান ও বর্ণনা

আমি এই মর্মে প্রত্যায়ন করিতেছি যে, এতদ্দারা লাইসেন্সকৃত মজুদাগার/প্রাঙ্গণ ......................... তারিখে ...................................................... কর্তৃক পরিদর্শন করা হইয়াছে যিনি মজুদাগারটি এতদ্সংযুক্ত অনুমোদিত নকশা অনুসারে এবং লাইসেন্সের শর্ত নং .................... এবং বিধি ..............এর পরিপালন দেখিতে পাইয়াছেন মর্মে প্রত্যায়ন করিয়াছেন।

লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষ

| নবায়নের তারিখ | মেয়াদ উত্তীর্ণ হওয়ার তারিখ | লাইসেন্স প্রদানকারী কর্তৃপক্ষক্ষের স্বাক্ষর |
|---|---|---|
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |
| | | |

পরিদর্শনকালে এতদ্সংযুক্ত বর্ণনা ও শর্তাবলী অনুসারে লাইসেন্সকৃত প্রাঙ্গণ পরিদৃষ্ট না হইলে এই লাইসেন্স বাতিল হইয়া যাইবে এবং যে সমসত্ম বিধি ও শর্তাবলীর অধীন এই লাইসেন্স মঞ্জুর করা হইয়াছে উহার কোন একটির লঙ্ঘনের প্রথম অপরাধের জন্য ২(দুই) বৎসর পর্যমত্ম জেল বা ৫০,০০০ টাকা পর্যমত্ম জরিমানা অথবা উভয়বিধ দন্ড আরোপ করা যাইতে পারে এবং পরবর্তী প্রত্যেক অপরাধের জন্য ৫ বৎসর পর্যমত্ম জেল বা ১(এক) লক্ষ টাকা পর্যমত্ম জরিমানা অথবা উভয়বিধ দন্ড আরোপ করা যাইতে পারে।

**শর্তাবলীঃ**

১। মজুদ ট্যাংক/সিলিন্ডার গুচ্ছ এলপিজি মজুদ স্থাপনায় পর্যাপ্ত বায়ু চলাচল করিতে পারে এমন ভূ-উপরোস্থ (Ground level) লেভেলে মূল ভবনের বাহিরে স্থাপিত করিতে হইবে।

২। বিল্ডিং বাউন্ডারীর ভিতরে বিশেষভাবে তৈরী কক্ষে এই অনুচ্ছেদে উলিস্নখিত নিরাপত্তা ব্যবস্থা প্রয়োগ করিয়া সিলিন্ডার গুচ্ছ স্থাপন করা যাইবে। উক্ত পদ্ধতিতে বহিরাঙ্গণ মজুদ হিসাবে গণ্য করা যাইবে। এই ক্ষেত্রেও বহিরাঙ্গণ মজুদ ব্যবস্থার জন্য প্রযোজ্য নিরাপত্তা দূরত্ব ও নিরাপত্তা ব্যবস্থা বজায় রাখিতে হইবে।

৩। কক্ষটির মেঝে মসৃন হইতে হইবে। সিলিন্ডার নাড়াচাড়ার সময় স্পার্ক সৃষ্টি করিতে পারে এমন খসখসে হইবে না। কক্ষটির ১.৫ মিটার প্রস্থ দরজা থাকবে যাহা ভবনের বিপরীত দিকে হইবে এবং বাহিরের দিকে খুলিবে।

৪। ট্যাঙ্ক বা সিলিন্ডার গুচ্ছ কোন বসত বাড়ির ভিতর, বিল্ডিং এর বেইসমেন্ট, কোন গভীর নালা বা অন্য কোন নীচু স্থানের নিকটে যেখানে ছিদ্র হইতে নিঃসৃত এলপিজি বাতাসে মিলিয়া যাইতে বাধাগ্রস্থ হয় বা হয়ে থাকে এমন স্থানে স্থাপন করা যাইবে না ;

৫। স্কুল, হাসপাতাল, বৃদ্ধানিবাস বা লোকসমাগম হয় এমন স্থানের ১০০ মিটারের মধ্যে এলপিজি মজুদের স্থাপনা ও ফিলিং পয়েন্ট স্থাপন করা যাইবে না;

৬। স্থাপনার চারিদিকে কমপক্ষে ১ মিটার প্রশসত্ম জায়গা পাকা করিতে হইবে এবং পাকা অংশের বাহিরের দিকে কমপক্ষে ২ মিটার পরিমাণ জায়গা বৃক্ষ গুল্ম ও লম্বা ঘাস মুক্ত রাখিতে হইবে;

৭। পূন:ভর্তিকরণের জন্য আগত গাড়ী যাহাতে সহজে ট্যাঙ্ক বা সিলিন্ডার গুচ্ছের কাছে যাতায়াত করিতে পারে এবং জরম্নরী মুহূর্তে অগ্নিনির্বাপনের যানবাহন যাতায়াত করিতে পারে এমন পথ থাকিতে হইবে;

৮। ট্যাংকের চারিপার্শ্বে বিধি ৭৯ এর সারণি ১, ২ ও ৩ এ উলিস্নখিত নিরাপত্তা দূরত্ব বজায় রাখিতে হইবে;

৯। ট্যাঙ্ক বা সিলিন্ডার গুচ্ছ এমনভাবে স্থাপন করিতে হইবে যাহাতে যানবাহন, নাশকতা বা অনভিজ্ঞতা বা অন্য কোন কারণে মজুদ সিস্টেমের যন্ত্রপাতি, পাইপ ইত্যাদির কোনরূপ ক্ষতি সাধিত না হয়। এতদুদ্দেশ্যে ট্যাঙ্ক বা সিলিন্ডার গুচ্ছ এর চারিদিকে নিরাপত্তা বেড়া (Fencing) দিতে হইবে;

১০। মজুদাগার হইতে বায়ু নির্গমণের জন্য উহার মেঝের কাছাকাছি দেয়ালে এবং ছাদে বা ছাদসংলগ্ন দেয়ালে পর্যাপ্ত নির্গমণ পথ থাকিবে। বায়ু নির্গমণ পথগুলি তামার তৈরী জাল বা অনুরূপ জাল দ্বারা আচ্ছাদিত করিতে হইবে। এইরূপ জালের প্রতি সেন্টিমিটারে অন্যূন ১১টি ফাঁস থাকিবে।

১১। ১০০ হইতে ৫০০ কিলোগ্রাম এলপিজি এর মজুদাগার কোন ভবনের অংশবিশেষ বা উহার সংলগ্ন হইলে মজুদাগার উক্ত ভবন হইতে মজবুত প্রাচীর দ্বারা পৃথকীকৃত হইতে হইবে এবং মজুদাগারের প্রবেশের জন্য সরাসরি এবং স্বতন্ত্র পথ থাকিবে। এইরূপ মজুদাগার সিঁড়ির নীচে অবস্থিত হইবে না।

১২। ৫০০ কিলোগ্রামের অধিক এলপিজি এর মজুদাগার এবং কোন ভবন, জনসমাগমস্থল বা রাসত্মার মধ্যে নিমণলিখিত ফাঁকা দূরত্ব বজায় রাখিতে হইবে এবং উক্ত ফাঁকা জায়গায় কোন অননুমোদিত লোকজন প্রবেশ করিতে দেওয়া যাইবে না:

| **গ্যাসের পরিমাণ (কিলোগ্রাম)** | | **ন্যূনতম দূরত্ব (মিটারে)** |
|---|---|---|
| **৫০১ - ১০০০** | **....** | **৩** |
| **১০০১ - ৪০০০** | **....** | **৫** |
| **৪০০১ - ৮০০০** | **....** | **৭** |
| **৮০০১ - ১২০০০** | **....** | **৯** |
| ১২০০০ এর উর্ধ্বে | .... | ১০ |

তবে শর্ত থাকে যে, উপরোক্ত দূরত্ব প্রধান পরিদর্শক হ্রাস করিতে পারেন, যদি হ্রাসকৃত দূরত্বের শেষ প্রামেত্ম:-

(ক) প্রাচীর দেওয়া হয় বা অন্য কোন বিশেষ সাবধানতা অবলম্বন করা হয়, অথবা

(খ) বিশেষ পারিপার্শ্বিক অবস্থার কারণে প্রধান পরিদর্শক সন্তুষ্ট হন যে, এইরূপ হ্রাসকরণ যথার্থ।

১৩। গ্যাসাধারে এলপিজি মজুদ এতদসংযুক্ত অনুমোদিত নকশায় প্রদর্শিত নির্ধারিত স্থানে এবং শেডে করিতে হইবে।

১৪। এলপিজি মজুদের প্রতিটি গ্যাসাধারে এবং পাইপসমূহ কোন ভবনের বাহিরে এবং উহা উত্তমভাবে ডিজাইনকৃত ভিত্তির উপর স্থাপিত হইবে।

১৫। গ্যাসাধারের যন্ত্রাংশ সর্বদা সর্বোত্তম অবস্থায় রক্ষণাবেক্ষণ করিতে হইবে।

১৬। গুচ্ছ সিলিন্ডার/ট্যাংক পদ্ধতিতে এলপিজি মজুদের ক্ষেত্রে সমসংখ্যক সিলিন্ডার সম্বলিত দুইটি সিলিন্ডার গুচ্ছ থাকিবে, একটি সক্রিয় (Active) এবং অন্যটি অপেক্ষমান (Standby)। প্রত্যেক গুচ্ছের সিলিন্ডারগুলি পরস্পর আমত্মঃসংযোগ অবস্থায় থাকিবে। এই মজুদ ব্যবস্থায় এমন একটি ডিভাইস (Auto changeover regulator) সংযুক্ত থাকিতে হইবে যাহাতে অপেক্ষমান গুচ্ছটি সচল হয়। পরবর্তীতে সার্ভিস প্রোভাইডার কর্তৃক নিঃশেষ গুচ্ছের সিলিন্ডারগুলি অপসারণ করিয়া ভর্তি সিলিন্ডার পুনস্থাপন করিবেন।

১৭। সিলিন্ডার গুচ্ছ স্থাপনের জন্য নিমণলিখিত বিষয়গুলি বিবেচনায় নিতে হইবে যথা:-

(ক) সিলিন্ডার গুচ্ছ এর বান্ডিলের কোন সিলিন্ডারের জলধারণক্ষমতা ১২৫ লিটার এর বেশী হইতে পারিবে না;

(খ) স্থাপিতব্য ভবনের দরজা, জানালা বা ভেন্টিলেটার রিলিফ ভাল্ব হইতে কমপক্ষে ১মিটার দূরে স্থাপন করিতে হইবে;

(গ) এক বা একাধিক সিলিন্ডার জানালার কাছে স্থাপন করিতে হইলে জানালার নিমণপ্রামত্ম হইতে ১৫ সে.মি. দূরে সিলিন্ডারের ভাল্ব এর অবস্থান হইতে হইবে;

(ঘ) আগুনের উৎস, দাহ্য তরল এর মজুদ বা অন্য কোন দাহ্য পদার্থ হইতে ৫ মিটার দূরে সিলিন্ডার রাখিতে হইবে;

(ঙ) বাহ্যিক আগুনের উৎস, যান্ত্রিক ভেন্ট ব্যবস্থা বা সরাসরি ভেন্ট ব্যবস্থা হইতে কমপক্ষে ১.৫ মিটার দূরে স্থাপন করিতে হইবে;

(চ) গুচ্ছ সিলিন্ডারের সাথে সংযুক্ত পাইপ, ফিটিংস, সিলিন্ডারের রেগুলেটর এর সাথে সংযোগকারী হোস পাইপ ইত্যাদি সিলিন্ডারের অভ্যমন্তরীণ চাপের দেড় গুণ চাপ সহ্য করিবার উপযোগী হইতে হইব;

(ছ) রেটিকুলেটেড সিস্টেমে ব্যবহৃত সকল মালামাল, যন্ত্রাংশ ফিটিংস ইত্যাদি বিধি ১৩০(১), (২) এ উলিস্নখিত নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে রেটিকুলেটেড সিস্টেমে স্থাপনকারী সংস্থার নিজস্ব ডিজাইন অনুযায়ী হইতে পারিবে;

(জ) প্রত্যেকটি সিলিন্ডার ও প্রধান পাইপ এর সাথে সংযোগকারী হোস পাইপ ও উহার সংযোগ স্থল সহজে পর্যবেক্ষণ করা যায় এইরূপ পর্যাপ্ত জায়গা থাকিতে হইবে।

১৮। ট্যাঙ্ক/গুচ্ছ সিলিন্ডার হইতে পাইপের মাধ্যমে এলপিজি সরবরাহ সিলিন্ডার ক্যাসকেড থেকে চুলা পর্যমন্ত পরিবহণ করিবার ক্ষেত্রে নিরাপত্তার বিষয়টি বিবেচনাপূর্বক পাইপের মাধ্যমে পরিবহণের সময় কয়েকটি ধাপে বিভিন্ন ধরনের ভাল্ব ও নিরাপত্তা ডিভাইস যুক্ত করিতে হইবে। উক্ত ডিভাইসমূহের সাহায্যে চাপ হ্রাসকরণ ও প্রয়োজন মুহূর্তে সরবরাহ বন্ধ করিবার ও অতিরিক্তি চাপ প্রশমন করিবার ব্যবস্থা থাকিতে হইবে। যথা:-

(ক) অটোচেঞ্জ ওভার রেগুলেটর (Auto-Changeover Regulator): এই পর্যায়ে গ্যাস সরবরাহ উৎস স্বয়ংক্রিয়ভাবে খালি সিলিন্ডার স্থলে হইতে অপেক্ষমান মজুদ স্থলে স্থানামন্তর (switching) করিবে। তাহাছাড়া এই পর্যায়ে প্রথম ধাপ (First stage) চাপ প্রশমন হইয়া ৮০-১০০ পিএসআইজি হইতে ১৬-১৮ পিএসআইজি-তে নামাইয়া আনিবে;

(খ) উচ্চচাপ নিরাধী ভাল্ব (Over pressure shut-off valve): এই পর্যায়ে ১৬ পিএসআইজি-তে যে কার্যচাপ নির্ধারিত থাকে তাহার অতিরিক্ত চাপ পাইপ লাইনে সঞ্চালিত হইলে উক্ত ভাল্ব স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া যাইবে। তাহাছাড়া দ্বিতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাসের কার্যচাপ ১৬-১৮ হইতে ৫ পিএসআইজি-তে নামিয়া আনিবে;

(গ) নিমণচাপ নিরোধী ভাল্ব (Under pressure shut-off valve): এই ভাল্বটি তৃতীয় ধাপ চাপ প্রশমন রেগুলেটর হিসাবে গ্যাস মিটারের আগে স্থাপন করিতে হইবে। এই পর্যায়ে গ্যাস চাপকে ৫ পিএসআইজি হইতে চাপ প্রশমন করিয়া ০.৫ পিএসআইজি-তে নামাইয়া আনিবে। তাহাছাড়া কোন ত্রম্নটির কারণে (যেমন-পাইপ ফাটিয়া গেলে বা ছিদ্র হইয়া গেলে) পাইপ লাইনে গ্যাসের চাপ ০.৫ পিএসআইজি এর নিচে নামিয়া গেলে উহা স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হইয়া পাইপে গ্যাস সরবরাহ বন্ধ করিবে;

(ঘ) বিচ্ছিন্নকরণ ভাল্ব (Emergency shut-off Valve) : বিল্ডিং এর বাহিরে ও মজুদ ট্যাঙ্ক এর নিকট জরম্নরী মুহূর্তে বন্ধ করিবার জন্য হাতে বিচ্ছিন্নকরণ ভাল্ব থাকিতে হইবে;

(ঙ) আইসোলেশন সাটঅফ ভাল্ব (Isolation shut-off Valve): আইসোলেশন সাটঅফ ভাল্ব পাইপ লাইনের বিভিন্ন স্থানে স্থাপন করতে হইবে। যেমন-চুলার আগে, মিটারের আগে, রেগুলেটর এর আগে, রাইজার এর স্থানে, বা পাইপ লাইনের শুরম্নতে এবং জরম্নরী মেরামতের প্রয়োজন হয় এমন স্থানে;

(চ) প্রেসার গেজ: পাইপে চাপ পর্যবেক্ষণের জন্য সুবিধাজনক স্থানে প্রেসার গেজ লাগাইতে হইবে।

১৯। বাষ্পীয়ভবন যন্ত্র (vaporiser)।- ট্যাংক/সিলিন্ডারগুচ্ছ যদি Lipuid Off Take (LOT) পদ্ধতি সম্পন্ন হয় তাহা হইলে মজুদ ট্যাংক বা সিলিন্ডার গুচ্ছ এর পর বাষ্পীয়ভবন যন্ত্র স্থাপন করিতে হইবে। তাহাছাড়া যদি অত্যমত্ম ঠান্ডা আবহাওয়া (১০ সেন্টিঃ) এর ক্ষেত্রে বা এলপিজি বাষ্প ব্যবহারের পরিমাণের হার উহার বাষ্পীভবনের হারের চাইতে বেশী হয় সেইক্ষেত্রেও বাষ্পীয়ভবন যন্ত্র স্থাপন করিতে হইবে।

২০। লাইসেন্সকৃত প্রাঙ্গণে কোন দুর্ঘটনা, অগ্নিকান্ড অথবা বিস্ফোরণ ঘটিলে এবং সেই দুর্ঘটনায় জীবননাশ বা ব্যক্তি অথবা সম্পত্তির ভয়ঙ্কর ক্ষতি হইলে তাহা নিকটতম ম্যাজিস্ট্রেট কিংবা নিকটতম থানার ভারপ্রাপ্ত অফিসারকে এবং প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, ঢাকা-কে সম্ভাব্য দ্রুততম পন্থায় অবহিত করিতে হইবে।

২১। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ১২৪ এ উলিস্নখিত কর্মকর্তাকে লাইসেন্সকৃত প্রাঙ্গণে সকল যুক্তিসঙ্গত সময়ে প্রবেশ করিতে দিতে হইবে এবং বিধানাবলী ও লাইসেন্সের শর্তাবলী যথাযথভাবে পালন করা হইতেছে কী না নিরূপণের জন্য উক্ত কর্মকর্তাকে সকল সুযোগ-সুবিধা দিতে হইবে।

২২। তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) মজুদ প্রাঙ্গণে যাহাতে অননুমোদিত কোন ব্যক্তি প্রবেশ না করিতে পারে সেই দিকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করিতে হইবে।

**ফরম 'ট'**

[বিধি ১১০ঙ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

**এলপিজি রিফুয়েলিং স্টেশনের নিরাপত্তা যাচাই এবং পরীক্ষণ ছক**

১। গ্যাসাধারটির গায়ে উৎপাদনকারী প্রতিষ্ঠান, ক্রমিক নম্বর, পরীক্ষণ তারিখ, ধারণক্ষমতা ইত্যাদি সম্বলিত ডাটা পেস্নট সংযুক্ত আছে কী না ☐

২। গ্যাসাধারটি উপযুক্ত ভিতের উপর স্থাপন করা হইয়াছে কী না এবং ভিতের চতুরদিকে ঘাস, আবর্জনা ইত্যাদি আছে কী না ☐

৩। এলপিজি পাম্পের বাইপাস ভাল্ভ লিক ফ্রি ও ভাল অবস্থায় আছে কী না ☐

৪। জরম্নরী বন্ধকরণ সুঁইচ প্রতিক্ষেত্রে আলাদাভাবে কার্যক্ষম কী না ☐

৫। স্থাপনায় প্রকৃতভাবেই গ্যাস নিঃসরণ যাচাই করা হইয়াছে কী না ☐

৬। ডিস্পেন্সারের হোস পাইপ, প্রোবস এবং গেজ নিরাপদ অবস্থায় আছে কী না ☐

৭। সর্বোচ্চ পূরণ চাপ অনুমোদিত সীমার মধ্যে (২৫০ পিএসআই) আছে কী না ☐

৮। মজুদ আধারের গায়ে সংযুক্ত চাপ প্রশমন ভাল্ভ অনুমোদিত ধরনের ও কার্যকর কী না ☐

৯। জরম্নরী বন্ধকরণ ভাল্ভ কার্যকর আছে কী না ☐

১০। আধারের গায়ে সংযুক্ত তাপ ও চাপ পরিমাপক গ্যাজগুলি সঠিকভাবে কাজ করে কী না ☐

১১। সতর্কবাণী/প্রতীক দৃশ্যমান স্থানে যথোপযুক্তভাবে প্রদর্শিত আছে কী না ☐

১২। প্রাঙ্গাণটি পরিষ্কার পরিচ্ছন্ন ও সংরক্ষিত এবং প্রবেশ নিয়ন্ত্রিত কী না ☐

১৩। গ্যাস গন্ধযুক্ত করা হইয়াছে কী না ☐

১৪। পরিদর্শন সনদ প্রাঙ্গাণে প্রদর্শিত কী না ☐

১৫। নির্দিষ্ট সময় অমত্মর অমত্মর নিরাপত্তা যাচাই লগ বইয়ে সংরক্ষণ করা হয় কী না ☐

**ফরম 'ঠ'**

[বিধি ১১০ছ এর উপ-বিধি (২) দ্রষ্টব্য]

**এলপিজি স্টেশন পরিদর্শনের সনদপত্র**

............................................... এলপিজি স্টেশনের জন্য ..................................................... তারিখ হইতে............................. পর্যমত্ম ২৪ মাস মেয়াদে এই সনদ জারী করা হইল।

.............................. স্থানে এলপিজি স্থাপনাটি .............................. কর্তৃক পরিদর্শন করা হইয়াছে। স্থাপনার সরঞ্জামাদি এবং কার্যক্রম নিরাপদ ।

পরিদর্শনকারীর নাম, পদবী ও স্বাক্ষর

**ফরম ‘ড’**

বিধি ১১০ছ এর উপ-বিধি (৩) দ্রষ্টব্য]

**এলপিজি রিফুয়েলিং স্টেশন পরিদর্শন চেক লিস্ট**

| | | |
|---|---|---|
| ১। সংযোগ গ্যাস পাইপ লাইন | ছিদ্র | ☐ |
| | গেজ | ☐ |
| | ক্ষয় | ☐ |
| ২। কমপ্রেসার বেষ্টনী | ‘প্রবেশ নিষেধ’ সংকেত | ☐ |
| | ধূমপান নিষেধ প্রতীক | ☐ |
| | স্বয়ংক্রিয়ভাবে চালু হওয়ার সতর্ক সংকেত | ☐ |
| | বিপজ্জনক সংকেত | ☐ |
| | পরিচালন পদ্ধতি | ☐ |
| | বাতি এবং সুঁইচ | ☐ |
| | ক্ষতিকর পদার্থ মুক্ত | ☐ |
| | সুরক্ষিত বেষ্টনী | ☐ |
| ৩। কমপ্রেসার | গ্যাস নিঃসরণ হয় কী না | ☐ |
| | প্রশমন ভাল্ভ সিলকরণ ও সিলকরণের তারিখ | ☐ |
| | নিরাপত্তা সরঞ্জামাদির সুরক্ষার ব্যবস্থা | ☐ |
| | গেজ | ☐ |
| | বৈদ্যুতিক বোর্ডের সুরক্ষার ব্যবস্থা | ☐ |
| | পাইপ লাইন ও পাইপ লাইনের ধারকের | ☐ |
| | (Bracket) অবস্থা | ☐ |
| | গার্ড (Guards) | ☐ |
| | বন্ধকরণ চাপ | ☐ |
| | গ্যাস নিঃসরণ (বাসম্ভব অবস্থার প্রেক্ষিতে চালু কমপ্রেসার এর ভেন্ট পাইপ এর নিঃসরণ যাচাই ও উহার অমস্মর্ভুক্ত) | ☐ |
| ৪। মজুদের ধারণপাত্র | গ্যাস নিঃসরণ | ☐ |
| | প্রশমন ভাল্ব সিলকরণ ও সিলকরণের তারিখ | ☐ |
| | গেজ | ☐ |
| | সকল ধারক বেষ্টনীর (Bracket) সুরক্ষর ব্যবস্থা | ☐ |
| | ভাল্ভ (অবস্থা/কার্যক্ষমতা) | ☐ |
| | বেষ্টনী/দরজা | ☐ |
| | ধূমপান নিষেধ সংকেত | ☐ |
| | প্রবেশ নিষেধ সংকেত | ☐ |
| | ক্ষয় | ☐ |
| | চাপ পরীক্ষণের তারিখ | ☐ |
| ৫। মূখ্য বন্ধকরণ ভাল্ভ | গ্যাস নিঃসরণ | ☐ |
| | অবস্থা কার্যক্ষমতা | ☐ |
| | প্রতীক চিহ্ন | ☐ |

তারিখ:

আবেদনকারীর স্বাক্ষর

ছবি
পাসপোর্ট সাইজ

**ফরম 'ঢ'**
[বিধি ১৫২ দ্রষ্টব্য]

**স্বয়ংক্রিয় যানের ইঞ্জিনকে এলপিজি দ্বারা চালানোর জন্য রূপামত্মর কারখানা স্থাপনের জন্য আবেদন**

| | | |
|---|---|---|
| ১। | আবেদনকারীর নাম | : |
| ২। | আবেদনকারীর ঠিকানা | : |
| ৩। | সরকারী অনুমোদন নম্বর ও তারিখ (কপি সংযুক্ত করিতে হইবে) | : |
| ৪। | প্রসত্মাবিত ওয়ার্কশপের অবস্থান- | : |
| | স্থান | : |
| | রোড নং | : |
| | থানা | : |
| | জেলা | |
| | (লে-আউট ও পারিপার্শ্বিক চিত্রসম্বলিত ৫ খানা নকশা সংযুক্ত করিতে হইবে) | |
| ৫। | ইমারত এবং অন্যান্য বহিঃ কাঠামোর ধরন/বর্ণনা | : |
| ৬। | অটোমোবাইল/মেকানিক্যাল ইঞ্জিনিয়ার এবং টেকনিক্যাল ব্যক্তিসহ লোকবলের সম্পূর্ণ তালিকা (অর্গানোগ্রাম সংযুক্ত করিতে হইবে) | : |
| ৭। | সরঞ্জামাদির সম্পূর্ণ তালিকা ও বর্ণনা | : |
| ৮। | ইঞ্জিন এলপিজিতে রূপামত্মরের জন্য টেকনিক্যাল লোকবলের পূর্ব অভিজ্ঞতা এবং যোগ্যতা | |
| ৯। | অতিরিক্ত তথ্য, যদি থাকে | : |

**তফসিল-৩**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ৫৩ (২) দ্রষ্টব্য]

**নিরপেক্ষ পরিদর্শনকারী কর্তৃক সিলিন্ডার ও ভাল্ভ পরিদর্শন ও পরীক্ষণান্তে প্রদেয় প্রত্যায়ন পত্রে উলেস্নখ্যনীয় তথ্যাদি**

**ক- সিলিন্ডারের** ক্ষেত্রে

| | | |
|---|---|---|
| ১। | নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম, ঠিকানা ও প্রতীক | : |
| ২। | পরিদর্শনের স্থান ও তারিখ | : |
| ৩। | সিলিন্ডারের নম্বর | : |
| ৪। | সিলিন্ডার প্রস্তুতকারীর নাম, ঠিকানা ও প্রতীক | : |
| ৫। | সিলিন্ডার যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন/ কোড অনুসারে তৈরী উহার নাম ও নম্বর | : |
| ৬। | সিলিন্ডারের ধরন, বহির্ব্যাস, উচ্চতা, জল ধারণক্ষমতা ও টেয়ার ওজন | : |
| ৭। | সিলিন্ডারের গাত্রের নিম্নতম পুরত্ব | : |
| ৮। | সিলিন্ডারের প্রস্তুত প্রক্রিয়া | : |
| ৯। | সিলিন্ডারের ডিজাইন প্রেসার | : |
| ১০। | উদস্থিতি পরীক্ষার তারিখ, পরীক্ষা চাপ ও ফলাফল | : |
| ১১। | সিলিন্ডার প্রস্তুতিতে ব্যবহৃত ধাতব উপকরণের নাম ও শতকরা হার | : |
| ১২। | সিলিন্ডার প্রস্তুতিতে ব্যবহৃত ধাতব পদার্থের ভৌত বৈশিষ্ট্য | : |
| ১৩। | অতিরিক্ত তথ্য (যদি থাকে) | : |

**খ- ভাল্ভের ক্ষেত্রে**

| | | |
|---|---|---|
| ১। | নিরপেক্ষ পরিদর্শনকারীর নাম, ঠিকানা ও প্রতীক | : |
| ২। | পরিদর্শনের স্থান ও তারিখ | : |
| ৩। | ভাল্ভ প্রস্তুতকারীর নাম, ঠিকানা ও প্রতীক | : |
| ৪। | ভাল্ভ যে স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে প্রস্তুত করা হইয়াছে উহার নাম ও নম্বর | : |
| ৫। | ভাল্ভের টেনসাইল স্ট্রেংথ ও উহার বিভিন্ন অংশের চাক্ষুষ পরীক্ষার ফলাফল | : |
| ৬। | অতিরিক্ত তথ্য (যদি থাকে) | : |

**তফসিল-৪**

[তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪ এর বিধি ৬৪ দ্রষ্টব্য]

**এলপিজি ধারণপাত্র পরীক্ষা কেন্দ্রের জন্য প্রয়োজনীয় সুবিধাদির বিবরণ**

১। **সাধারণ শর্ত**।- এলপিজি ধারণপাত্র নিরাপদ পরিচালন ব্যবস্থা নিশ্চিত করিবার উদ্দেশ্যে প্রতিটি পরীক্ষা কেন্দ্রে প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী এবং বিভিন্ন পদ্ধতিতে পরীক্ষণের জন্য পর্যাপ্ত সরঞ্জামাদি থাকিবে।

২। **ব্যবস্থাপক**।- পরীক্ষা কার্য পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যক্তি, অতঃপর ব্যবস্থাপক বলিয়া উলিস্নখিত, যথাযথ যোগ্যতাসম্পন্ন হইবেন। এলপিজি সার্ভিসের ধারণপাত্র হইতে সম্ভাব্য বিপদ, পরীক্ষণ ও পরিদর্শনের উদ্দেশ্য, পরীক্ষা প্রণালী, সরঞ্জাম ও পরীক্ষার ফলাফল লিপিবদ্ধকরণের উপর তাহার প্রশিক্ষণ থাকিতে হইবে। তাহাছাড়া পরীক্ষা কেন্দ্রের সহিত সংশিস্নষ্ট যান্ত্রিক প্রকৌশলগত বা রাসায়নিক প্রকৌশলগত বিষয়ে এবং এলপিজি ও ধারণপাত্রের ক্ষেত্রে প্রযোজ্য স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন, কোড বা বিধানাবলী সম্পর্কেও তাহার সম্যক জ্ঞান থাকিতে হইবে।

৩। **কর্মচারী**।- পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন ও পরীক্ষণ কাজে নিয়োজিত প্রত্যেক কর্মচারী তাহার নিজ কাজের জন্য প্রয়োজনীয় যোগ্যতার অধিকারী হইবেন এবং তাহার কাজের সহিত জড়িত সম্ভাব্য বিপদ এবং বিপদের সময় করণীয় সম্পর্কে তাহার সম্যক জ্ঞান থাকিতে হইবে।

৪। **সরঞ্জাম**।- পরীক্ষা কেন্দ্রে নিম্নবর্ণিত সরঞ্জামাদি থাকিতে হইবে -

(ক) এলপিজি সিলিন্ডার ও গ্যাসাধার সংক্রান্ত স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন বা কোড এবং তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) বিধিমালা, ২০০৪, গ্যাস সিলিন্ডার বিধিমালা ১৯৯১, গ্যাসাধার (Pressure Vessel) বিধিমালা, ১৯৯৫ এর একটি করিয়া অনুলিপি;
(খ) উদস্থিতি পরীক্ষণের জন্য ব্রিটিশ স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন নং বিএস ৫৪৩০ তে উলিস্নখিত যন্ত্রপাতি;
(ঘ) সিলিন্ডার বা গ্যাসাধারের অভ্যমত্মরভাগ পর্যবেক্ষণের জন্য প্রয়োজনীয় নিম্ন ভোল্টেজ বাতি;
(ঙ) ওজন লইবার সরঞ্জাম;
(চ) সিলিন্ডার ও গ্যাসাধার নড়াচড়া (handling) করিবার পর্যাপ্ত সরঞ্জাম;
(ছ) সিলিন্ডার ও গ্যাসাধারের অভ্যমত্মরস্থ গ্যাস নির্গমণ করানোর জন্য প্রয়োজনীয় সরঞ্জাম;
(জ) সিলিন্ডার ও গ্যাসাধারের অভ্যমত্মরভাগ শুষ্ক করিবার সরঞ্জাম;
(ঝ) চিহ্নিতকরণ ও ছাপ মারিবার সরঞ্জাম;
(ঞ) এই বিধিমালা বা সংশিস্নষ্ট স্ট্যান্ডার্ড স্পেসিফিকেশন অনুসারে কোন পরীক্ষার জন্য প্রয়োজনীয় অন্য কোন সরঞ্জাম।

৫। **অন্যান্য সুবিধাদি**।- (১) এলপিজি সিলিন্ডারের বাহ্যিক পরীক্ষার জন্য পরীক্ষা কেন্দ্রে পর্যাপ্ত আলোর ব্যবস্থা থাকিতে হইবে।

(২) অব্যবহৃত এলপিজি সিলিন্ডার বা গ্যাসাধার হইতে গ্যাস অপসারণের জন্য পরীক্ষা কেন্দ্রে এইরূপ বায়ু চলাচলের ব্যবস্থা থাকিবে যাহাতে নির্গত গ্যাস হইতে কোন উৎপাত বা বিপদের সম্ভাবনা না থাকে।

(৩) পরীক্ষা কেন্দ্রের কার্যাদি পরিচালনার জন্য ইহাতে পর্যাপ্ত জায়গা থাকিবে।

(৪) পরীক্ষা কেন্দ্রকে যথাসম্ভব পরিচ্ছন্ন ও শুষ্ক রাখিতে হইবে এবং এতদুদ্দেশ্যে প্রয়োজনীয় ব্যবস্থা রাখিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে